**আবেদ :** না। undue advantage কেউ নিচ্ছে না। বিশেষ কোনো বিষয়ে কেউ তার অনুভূতি ও মূল্যবান বক্তব্য নিয়ে হয়তো আমার সঙ্গে দেখা করতে আসছে। কিন্তু ছোটখাট কথা বলার জন্য নির্বাহী পরিচালকের কাছে কেউ এলো, সেটা কিন্তু হচ্ছে না।

**সেতু: সংস্থা হিসেবে ব্যাকের সার্বিক মূল্যবোধ এবং 'corporate culture' কী হওয়া উচিত বলে আপনি মনে করেন?**

**আবেদ :** আমি চাইছিলাম, ব্যাকে একটা সহমর্মিতার পরিবেশ তৈরি হবে। এই পরিবেশ বলতে আমি বুঝি কলেজে, বিশ্ববিদ্যালয়ে যেমন, তেমন একটা পরিবেশ। সেই সংস্কৃতি কিছুটা আছে ব্যাকে। প্রথম জিনিস হলো যে, সবাই একজন আরেকজনকে 'ভাই' বলে। এর মাধ্যমে একটা পরিবারের মতো পরিবেশ সৃষ্টি হয়। এটা আর একটু বাড়ানো দরকার। ব্যাকের মধ্যে স্তর আছে, কিন্তু আমরা একজন আরেকজনের সঙ্গে ঠিকমতো মতবিনিময় করতে পারি। এটাকে আরও বাড়ানো যায়।

**সেতু : দরিদ্র মানুষের স্বার্থে এবং একইসঙ্গে আয়সংস্থানকল্পে বিভিন্ন কর্মকাণ্ড, যেমন: printers, milk processing plant, গৃহনির্মাণ ঋণ ইত্যাদি বেশকিছু প্রকল্প হাতে নেওয়া হয়েছে। এ-রকম আর কোনো নতুন প্রকল্পের বিষয়ে আপনি কি চিন্তাভাবনা করছেন?**

**আবেদ :** দরিদ্র মানুষের স্বার্থে আয়সংস্থানমূলক যে-সমস্ত প্রকল্প হাতে নেওয়া হয়েছে, সেগুলো

আরও বাড়বে। আমার ধারণা হচ্ছে যে, গ্রামীণ উন্নয়নকে ত্বরান্বিত করার জন্য যে-সব কাজে আমরা এখন ব্রতী আছি, সেখানে কিছু কিছু নতুন ইভাস্টি আসা দরকার। যেমন: আমি চিন্তা করি, গ্রামে অনেক তরিতরকারি, সবজি উৎপাদন হচ্ছে; কিন্তু সে-সব বাজারজাত করার জন্য তেমন কোনো সংস্থা তৈরি হয় নি। এখন পর্যন্ত একজন ক্ষুদ্র চাষী যা উৎপাদন করছে, তা ফড়িয়ারা কিনছে। গ্রামদেশে দাম অনেক কম, শহরে বেশি। যদি আমরা একটা marketing organisation তৈরি করতে পারতাম, তাহলে দরিদ্র লোকের সহায়তা হতো। গ্রামে দুধ উৎপাদন হচ্ছে, কিন্তু গ্রামীণ কৃষক ঠিকমতো দাম পাচ্ছে না। সেজন্য আমরা এখন দুগ্ধজাত দ্রব্য বাজারজাত করার লক্ষ্যে ঢাকার অদূরে জয়দেবপুরে মিল্ক প্ল্যান্ট তৈরি করছি। এভাবে আমরা গ্রামীণ অর্থনীতিকে জোরদার করে কতগুলো enterprise তৈরি করতে পারি।

**সেতু : এই প্রসঙ্গে ব্যাকের স্থায়িত্বশীলতার প্রশ্নটি এসে পড়ে। আপনার কি মনে হয়, ভবিষ্যতে ব্যাক আর্থিক সংকটের মুখোমুখি হতে পারে? যদি হয়, তাহলে সেই অবস্থার মোকাবিলা কীভাবে করা যেতে পারে বলে আপনি মনে করেন?**

**আবেদ :** ব্যাকের আর্থিক সংকট তেমন হবে বলে আমার মনে হয় না। কারণ আমরা যে-সব আয়বর্ধনমূলক কর্মসূচি হাতে নিয়েছি, সেগুলো থেকে প্রতি বছরে অনেক আয় আসছে। আগামী দিনে এগুলো আরও বাড়বে। তার কারণ হলো আমাদের ক্ষুদ্রঋণ প্রকল্প। ১৯৯৬ সনে আমরা ৫১৮ কোটি টাকা ঋণ বিতরণ করেছি। তার থেকে আমাদের আয় হয়েছে প্রায় ৭৫ কোটি টাকা। আগামী ৫ বছরে আমাদের ঋণদান কর্মসূচি তিনগুণ হবে। প্রায় পনের শ কোটি টাকা ঋণ দেব এবং

তার থেকে আমাদের আয় হবে ২০০ কোটি টাকা এবং এটা বাড়তে থাকবে। ব্যাক স্বনির্ভর হবে এবং দাতা সংস্থার ওপর নির্ভরশীলতা একেবারেই কমে যাবে।

**সেতু: ব্যাকের শিক্ষা কার্যক্রমের প্রতি সারা বিশ্বের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। কিন্তু জরিপে দেখা গেছে, তৃতীয় শ্রেণির পর আশি ভাগ শিশু আনুষ্ঠানিক স্কুলে প্রবেশ করলেও এক বছর পরই তারা বারে পড়তে শুরু করে। তারা যাতে সম্পূর্ণ প্রাথমিক শিক্ষা পায় এবং পরবর্তী সময়ে সবাই না হলেও তাদের বেশকিছু অংশ যাতে মাধ্যমিক শিক্ষা সমাপ্ত করতে পারে, সেদিকে জোর না দিয়ে ব্যাক ইউনিভার্সিটির কথা চিন্তা করা হচ্ছে কেন?**

**আবেদ :** ব্যাক কিন্তু সারা বাংলাদেশের ভবিষ্যৎ নিয়ে চিন্তা করে, যদিও আমাদের প্রধান অভীষ্ট গোষ্ঠী হলো দরিদ্র জনগণ। কেমন করে আমরা আগামী দিনের নেতৃত্ব তৈরি করব, তার ওপর বাংলাদেশের ভবিষ্যৎ নির্ভর করে। যদি যোগ্য নেতৃত্ব আমরা তৈরি করতে না পারি, তাহলে কিন্তু দরিদ্র জনগণের ভবিষ্যৎ অন্ধকারাচ্ছন্ন থাকবে। আমাদের দরিদ্র জনগণের শিক্ষা যেমন দরকার, দেশের সার্বিক নেতৃত্বের উন্নয়নও তেমন দরকার। সেজন্য আমরা একটা বিশ্ববিদ্যালয় করার ব্যাপারে উৎসাহিত হয়েছি। এটা বাংলাদেশের জন্য খুবই প্রয়োজন। কারণ দেশে উচ্চ শিক্ষার যে-সমস্যা বিরাজমান, তাতে আমাদের বিশ্ববিদ্যালয় একটা ইতিবাচক ভূমিকা রাখতে পারবে বলে আমার ধারণা। ব্যাক স্কুলে দরিদ্র শিশুরা তৃতীয় শ্রেণি পর্যন্ত পড়াশোনার সুযোগ পাচ্ছে। আমি আশা করি, ভবিষ্যতে সরকার আরও স্কুল স্থাপন করবে, আরও শিক্ষক নিয়োগ করবে এবং সে-সব স্কুলে এই দরিদ্র শিশুরা পড়াশোনার সুযোগ পাবে। এক্ষেত্রে করণীয় আরও অনেক বিষয় রয়ে গেছে এবং



ব্র্যাকের সূচনালগ্নের পাঁচ কর্মী : বাঁ থেকে আসমা আহমেদ, নাসিম হাই, সৈয়দ জিয়াউদ্দিন হোসেন, খুশী কবীর ও ফজলে হাসান আবেদ। ছবি: ২০০৩ সালে তোলা

এইগুলোতে আমরা সম্পৃক্ত থাকব। আরও কয়েক বছর, হয়তো কয়েক যুগ ধরে সম্পৃক্ত থাকতে হবে। বাংলাদেশের প্রাথমিক শিক্ষাক্ষেত্রে এবং আগামী দিনে মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রেও আমরা কিছু ভূমিকা রাখব বলে আশা করছি।

**সেতু :** ব্র্যাকের সঙ্গে সম্পৃক্ত দরিদ্র মহিলা, শিশু বা তাদের পরিবারের ভবিষ্যৎ নিয়ে আপনি কী ধরনের চিন্তা করেন?

**আবেদ:** আমি চাই প্রতিটি দরিদ্র পরিবার একটি করে টিনের চালের ঘরে বাস করবে। সেই বাড়িতে একটা টিউবওয়েল থাকবে এবং পরিবারের ছেলেমেয়েদের স্কুলে পাঠানোর সুযোগ সৃষ্টি হবে। এটা তাদের ন্যূনতম চাহিদা। আমার আসল চিন্তা হলো, বাংলাদেশের দরিদ্র লোকজন কি করে অর্থনৈতিক এবং সামাজিকভাবে একটা সম্মানজনক অবস্থানে যেতে পারে। সামনের দিনগুলোতে নানা ধরনের নতুন সমস্যা দেখা দেবে এবং সেগুলো সমাধানের জন্য আমাদের সংস্থাকে আবার

নতুনভাবে চিন্তা করতে হবে।

**সেতু :** এরা যখন আত্মনির্ভরশীল হয়ে উঠবে, তখন ব্র্যাকের কর্মসূচির কী হবে?

**আবেদ :** তখন বিভিন্ন রকমের কর্মসূচি আসবে। উন্নয়ন তো শেষ হয়ে যাবে না। অসমাপ্ত কর্মসূচি অনেক থেকে যাবে। যেমন : কৃষিউন্নয়ন। তখন আমরা ভাবব, একই রকমের জমি থেকে কতগুণ বেশি শস্য উৎপাদন করা যায়। আসবে নতুন প্রযুক্তি। সেগুলোতে ব্র্যাক সম্পৃক্ত হবে। আমি মনে করি না, ব্র্যাক এখন যে-কাজ করছে, সেই কাজই যুগ যুগ ধরে করে যাবে। নতুন নতুন সুযোগ তৈরি হবে এবং আমরা সেগুলোতে সম্পৃক্ত হব।

**সেতু :** মেয়েদের আরও বেশি সংখ্যায় চাকরিতে আনার ব্যাপারে আপনার তথা ব্র্যাকের আগ্রহের কথা সবাই জানেন। এ-বিষয়ে কোনো সুনির্দিষ্ট পরিকল্পনা থাকলে কিছু বলবেন কি?

**আবেদ :** সুনির্দিষ্ট পরিকল্পনা হলো, কীভাবে

আমাদের সংগঠনে মেয়েদেরকে আনা যায় এবং তাদের জন্য উপযোগী করে কীভাবে আমাদের কাজগুলো তৈরি করা যায়। মেয়েদেরকে কাজে সম্পৃক্ত রাখার ব্যাপারে এখন আমরা কতগুলো সমস্যা দেখছি। অনেকে বিয়ে হলেই চাকরি ছেড়ে চলে যায়। কারণ সে স্বামীর সঙ্গে একই জায়গায় থাকতে পারে না। আবার অনেক জায়গাতে মনে হয় যে, কর্মক্ষেত্রে মেয়েরা খুব স্বাচ্ছন্দ্যবোধ করে না। আমরা চেষ্টা করছি কীভাবে ব্র্যাকের কাজগুলোকে আন্তে আন্তে মেয়েদের কাজ হিসেবে রূপান্তরিত করা যায়। যেমন : প্রথমদিকে গ্রামে সবসময় রাতের বেলা মিটিং হতো। এখনও যদি সেই নিয়মই থাকত, তাহলে মেয়েদেরকে আমাদের কাজে সম্পৃক্ত করতে পারতাম না। গত সাত-আট বছর ধরে হয় সকালে, নইলে দুপুর বা বিকেলে এসব গ্রুপমিটিং হচ্ছে। সেই সুযোগটা সৃষ্টি করার পরই মেয়েদেরকে আমরা আনতে পেরেছি। মেয়েরা যাতে সবসময় কাজ করতে পারে, কাজগুলোকে সেভাবেই বিন্যস্ত করতে হবে। আমরা কতগুলো সুযোগও সৃষ্টি করেছি মেয়েদের জন্য। তারা যাতে ফিল্ডে কাজ করতে পারে, সেই লক্ষ্যে তাদের জন্য ঘরবাড়ি বানিয়ে আলাদা বাসস্থান তৈরি করা হচ্ছে। আর কিছু কিছু ক্ষেত্রে মেয়েদের সুনির্দিষ্ট কতোগুলো সুবিধা দরকার। যেমন : সন্তানসম্ভবা হলে মাতৃত্বজনিত ছুটি। অনেকে আবার তিন মাসের ছুটির পর কাজে যোগ দিতে পারে না। সেই প্রয়োজন এবং বাস্তবতার দিকে লক্ষ্য রেখে আমরা তাদের জন্য বিনাবেতনে ছুটি বাড়িয়ে দিয়েছি। মেয়েদের জন্য এ-রকম সুবিধা তৈরি করা হচ্ছে যাতে তারা আরও বিপুলসংখ্যায় ব্র্যাকে যোগদান করতে পারে এবং এখানে থাকতে পারে।

**সেতু :** বাংলাদেশে আজ জাতীয় এবং স্থানীয় পর্যায়ে বহু এনজিও কাজ করছে। সার্বিকভাবে



এনজিও কমিউনিটি সম্পর্কে আপনার বক্তব্য কী?

আবেদ : বাংলাদেশে এনজিও কমিউনিটি তৈরি হয়েছে গত কুড়ি বছরে এবং তারা অনেকেই বেশ কাজ করছেন। আমরা দেখেছি যে, বাংলাদেশে এনজিও কার্যক্রম একটা revolution-এর মতো হয়েছে। হাজার হাজার এনজিও তৈরি হয়েছে। তরুণরা স্বেচ্ছাসেবী হিসেবে দারিদ্র্য বিমোচনে বা গ্রাম উন্নয়নে সম্পৃক্ত হচ্ছে। এটা খুব ভালো কথা এবং এর জন্য যে-সুযোগ সৃষ্টির দরকার ছিল বাংলাদেশে সেটা হয়েছে। অনেক দাতা সংস্থা এই কাজগুলোতে সহায়তা দিচ্ছেন। আমরা নিজেরাও দিচ্ছি, যাতে করে বাংলাদেশে একটা বিশাল এবং সক্রিয় সিভিল সোসাইটি তৈরি হয়। যার মাধ্যমে আমাদের অনেকে উন্নয়নের সহায়ক ভূমিকা পালন করবে। আমি মনে করি যে, খুবই ইতিবাচক প্রক্রিয়ার সূচনা হয়েছে বাংলাদেশে।

সেতু : এনজিওরা দারিদ্র্য বিমোচন, স্বাস্থ্য, শিক্ষা, পরিবেশ ইত্যাদি অনেক বিষয়ে কাজ করে যাচ্ছে। অনেকে মন্তব্য করে থাকেন যে, এনজিওরা, যাদের মধ্যে ব্র্যাক অন্যতম, একটি সমান্তরাল সরকার বা 'parallel government' চালাতে প্রয়াসী। এই ধারণা সম্পর্কে আপনার মন্তব্য কী?

আবেদ : এনজিওরা এখন যা করছে, এই কাজ শুধু সরকারই করবেন এটা ভ্রান্ত ধারণা। শিক্ষা, স্বাস্থ্য এইগুলো আগে প্রাইভেট সেক্টরে হয়েছে। কোনো লোক উদ্যমী হয়ে করেছেন। জনগণ নিজেদের জন্য করেছে, সরকার এই সমস্ত কাজে সম্পৃক্ত হয়েছেন। আগে আমাদের দেশে জনগণই গ্রামে গ্রামে নিজেদের জন্য শিক্ষা প্রতিষ্ঠান তৈরি করত। প্রাথমিক শিক্ষা তো আমাদের দেশে জাতীয়করণ হলো স্বাধীনতার পর। আগে সমস্ত প্রাথমিক শিক্ষাই ছিল প্রাইভেট সেক্টরে। আমরা

যখন শিক্ষা কার্যক্রম হাতে নিই, তখন অনেকে বলেন, এটা সরকারের দায়িত্ব। আসলে তো এটা জনগণের দায়িত্ব। আমাদের সবারই দায়িত্ব। এনজিও-রা যা করছে, জনগণের সেটা করার কথা। অনেক ক্ষেত্রে সরকারের সেটা করার কথা ছিল। সরকারের একার পক্ষে সমস্ত কিছু করা সম্ভব নয়। ব্র্যাক সরকারের সমান্তরাল হিসেবে কাজ না করে সম্পূর্ণক হিসেবে কাজ করছে বলে আমি মনে করি। সবার জন্য স্বাস্থ্য ও শিক্ষা সরকারকেই নিশ্চিত করতে হবে, এটা আমি বিশ্বাস করি না।

সেতু : সিভিল সোসাইটিকে আরো সংগঠিত ও জোরদার করা, ভোটার শিক্ষা কার্যক্রমে অংশগ্রহণ, গণতন্ত্রের প্রতি এনজিওদের নির্ভেজাল আস্থা, এ-সব দেখে কোনো কোনো মহল প্রচার চালিয়েছে যে, এনজিওরা রাজনীতিতে জড়িয়ে পড়ছে। এমনকি কারও কারও মতে, এনজিওদের রাজনৈতিক উদ্দেশ্য আছে। এই অভিযোগ বা মন্তব্য কতটুকু সত্য বলে আপনি মনে করেন?

আবেদ : আমি রাজনীতি ব্যাপারটাকে দুই ভাগে ভাগ করি। ডেভেলপমেন্ট মানেও এক ধরনের রাজনীতি। আমরা বলি যে, দরিদ্রের ক্ষমতায়ন করছি। দরিদ্রের ক্ষমতায়ন মানেই হলো আমরা রাজনীতির মধ্যে আছি, কিন্তু এটা দলীয় রাজনীতির উর্ধ্বে। আমরা বলি, দলীয় রাজনীতি আর রাজনীতি দুটো আলাদা বিষয়। আমি মনে করি না যে দলীয় রাজনীতিতে এনজিওদের সম্পৃক্ত হওয়া উচিত। আমরা গণতন্ত্রের জন্য সংগ্রাম করি, সেটা কিন্তু কোনো দলীয় রাজনীতি নয়। গণতন্ত্রে আমরা বিশ্বাস করি। প্রত্যেকের একটা অধিকার আছে এবং আমরা তাকে সম্মুখ রাখতে চাই। গণতন্ত্র সেটারই অংশ এবং সেটা রাজনীতিরও অংশ। এটা দলীয় রাজনীতির উর্ধ্বে। আমাদের দেশে সব দলই গণতন্ত্রে বিশ্বাসী এবং সেজন্য

কোনো দলে না থেকেই আপনি গণতন্ত্রের জন্য সংগ্রাম করতে পারেন। এভাবে দেখলে আমরা মনে করি, আমরা রাজনীতি করছি, কিন্তু দলীয় রাজনীতি করছি না।

সেতু : ব্র্যাক প্রসঙ্গে আবার ফিরে আসি। ব্র্যাকের ভবিষ্যৎ সম্পর্কে আপনার ধারণা কী?

আবেদ : আমি মনে করি যে, ব্র্যাকের ভবিষ্যৎ খুবই উজ্জ্বল। তার কারণ একটা বড় সৃজনধর্মী প্রতিষ্ঠান তৈরি হয়েছে। ভালো কর্মী তৈরি হয়েছে এবং আমাদের কর্মসূচি খুবই ভালোভাবে চলছে। আমার ধারণা যে, আগামী দিনগুলোতে আমাদের কাজ আরও ভালোভাবে সম্পন্ন হবে, আমাদের কাজের পরিধি আরও বাড়বে এবং বহু বছর ধরে, বহু শতাব্দী ধরে টিকে থাকবে। ব্র্যাকের যে-সব আয়সংস্থানমূলক প্রতিষ্ঠান তৈরি হয়েছে, সেগুলোর মাধ্যমে অর্থের তেমন অসুবিধা হবে না। ব্র্যাকের কর্মসূচিগুলো আরও ফলপ্রসূ হবে।

সেতু : পঁচিশ বছর আগে প্রায় পঞ্চাশজন সহকর্মী নিয়ে আপনি এক অনিশ্চিত পথে যাত্রা শুরু করেছিলেন। নিয়মিত এবং খণ্ডকালীন কর্মী মিলে সেই সংখ্যা আজ পঞ্চাশ হাজার ছাড়িয়ে গেছে। এর মধ্যে অধিকাংশই নতুন প্রজন্মের। তাদের উদ্দেশ্যে আপনি কিছু বলবেন কি?

আবেদ : তাদের জন্য আমার একটাই কথা। সেটি হলো, যে-দরিদ্র জনগণের জন্য আমরা কাজ করে যাচ্ছি, তার মধ্যে আমরা যেন নিমগ্ন থাকতে পারি। দরিদ্র মানুষের কল্যাণে সম্পূর্ণ নিবিষ্ট হয়ে থাকা দরকার। তার মাধ্যমেই আমরা আমাদের জীবনের অর্থ খুঁজে পাব।

সেতু : দেখা যায় যে, যাঁরা কোনো বিষয় নিয়ে স্বপ্ন দেখেন এবং তার বাস্তবায়নে এগিয়ে আসেন, তাঁরা



ব্র্যাকের দশম বর্ষপূর্তির অনুষ্ঠানে বক্তব্য দিচ্ছেন ফজলে হাসান আবেদ

সাধারণত খুঁটিনাটি বিষয়ে লক্ষ রাখতে পারেন না। আবার যারা খুঁটিনাটি দিকে লক্ষ রাখেন, তাঁরা ভিশনারি হতে পারেন না। কিন্তু আপনার ক্ষেত্রে দেখা যায় যে, আপনি একদিকে যেমন স্বপ্নদ্রষ্টা, অন্যদিকে তেমনি প্রকল্প বাস্তবায়নের প্রতিটি স্তর এবং খুঁটিনাটি বিষয়ের ওপর লক্ষ্য রাখেন। অর্থাৎ আপনার মধ্যে একজন 'স্বপ্নদ্রষ্টা এবং বাস্তববাদী'-র দুর্লভ সমন্বয় ঘটেছে। বলতে পারি-'a rare combination of a visionary and a pragmatist'। এ-দুয়ের সমন্বয় কীভাবে সম্ভব?

আবেদ : আমি জানি না, আমি স্বপ্নদ্রষ্টা বা খুঁটিনাটি ব্যবস্থাপক কি না। তবে আমি যে-স্বপ্ন দেখি, সেটা কিন্তু বাস্তবতা বিবর্জিত কোনো জিনিস নয়, আকাশকুসুম চিন্তা কিছু নয়। আমার স্বপ্নটাই এমন স্বপ্ন, যা বাস্তবে রূপায়িত করা যায়। আমি মনে করি না যে, আমি সাংঘাতিক রকমের একজন ব্যবস্থাপক বা ভিশনারি যার তুলনা নেই। আমি একজন সাধারণ মানুষের মতোই চিন্তা করি এবং সেটাকে বাস্তবায়িত করার চেষ্টা করি। আমি জানি না যে, এটা দুর্লভ সমন্বয় কি না।

সেতু : শেষ প্রশ্নের আগে প্রথম প্রশ্নের জের হিসেবে একটি কথা বারবার মনে জাগছে। ২৫ বছর আগে ১৯৭২ সনে দুঃস্থ মানুষকে ভালবেসে

আপনি একটি স্বপ্ন দেখেছিলেন। শাল্লা এলাকায় দ্রাণ কর্মসূচি নিয়ে যাত্রা শুরু করে আজ আপনার সেই স্বপ্ন বিশাল আকারে বাংলাদেশের ৫০ হাজার গ্রামে বাস্তবায়িত হচ্ছে। ব্র্যাক আজ বিশ্বের বৃহত্তম বেসরকারি জাতীয় উন্নয়ন সংস্থা হিসেবে স্বীকৃত। আজ আপনি যখন নীলফামারীর বরদা গ্রামের কোনো এক মর্জিনা বেগমের মাধ্যমে আঠার লক্ষ দরিদ্র, ভূমিহীন গ্রুপ সদস্যের সঙ্গে কথা বলেন, যারা আজ হতাশা পেরিয়ে জীবন সম্পর্কে আশাবাদী হয়ে উঠেছেন; ময়মনসিংহের ফুলপুর বালিয়া গ্রামে জরিদা খাতুন ও তাঁর শিশুর মাধ্যমে ১ কোটি ২৫ লক্ষ মা ও শিশুকে স্বাস্থ্যসেবা লাভ করতে দেখেন, যশোরের ঝিকরগাছার প্রত্যন্ত অঞ্চলে ব্র্যাক স্কুলে পাঠরত কোনো-এক আমেনার মাধ্যমে ১২ লক্ষ গরিব শিশুর লেখাপড়াকে প্রত্যক্ষ করেন, যে শিশুরা এখন উচ্চশিক্ষার স্বপ্ন দেখে, আর যখন ঢাকায় কর্মচঞ্চল আধুনিক নতুন প্রধান কার্যালয় 'ব্র্যাক সেন্টার'-এর দিকে তাকান, জানতে ইচ্ছা করে, তখন আপনার অনুভূতি কেমন হয়?

আবেদ : এইসব দেখলে আমার মনে হয় যে, এইটুকু মাত্র করতে পারলাম! আরও অনেক কিছু করার ছিল এবং তখন আবার নতুনভাবে

চিন্তা করি যে, কীভাবে আমাদের প্রকল্প, কর্মসূচি আরও বাড়ানো যায়। আরও নতুন নতুন চিন্তা মনে আসে। আমি অনুপ্রাণিত হই এবং নতুন কর্মসূচির চিন্তাভাবনা আবার শুরু হয়ে যায়। কিন্তু আমাকে যা সবচেয়ে অনুপ্রাণিত করে, সেটা হলো ব্র্যাকের কোনো কর্মীকে যখন আমি দেখি নিরলস পরিশ্রম করছে, আত্মত্যাগ করছে। আমি যখন ফিল্ডে গিয়ে দেখি, কর্মীরা কাজ করছে, নিজেকে নিবেদিত করেছে অন্যের উন্নতির জন্য, সময় দিচ্ছে ঘণ্টার পর ঘণ্টা-তখন সেটাই আমাকে সবচেয়ে বেশি অনুপ্রাণিত করে। অনেক শাখা অফিসের কর্মীরা আমাকে বলে যে, আমার সাথে কথাবার্তা বলে, আমার সংস্পর্শে এসে তারা নাকি উদ্বুদ্ধ হয়। এই অনুভূতি আমারও হয় তাদের দেখে, তাদের কাজ দেখে। ব্র্যাকের মধ্যে যে একটা কর্মদক্ষতা, কাজে যে-আনন্দ, নিরলস পরিশ্রম, এগুলোকে যে আমরা ব্র্যাকের অভ্যন্তরীণ সংস্কৃতি হিসেবে প্রত্যেকটা কর্মকাণ্ডে প্রতিষ্ঠিত করতে পেরেছি, এটাই সবচেয়ে বড় সাফল্য বলে আমার কাছে মনে হয়।

সেতু : 'ফজলে হাসান আবেদ এবং ব্র্যাক'। আমার শেষ প্রশ্ন, 'ফজলে হাসান আবেদের পরে ব্র্যাক'-- এই অবস্থান বা পরিস্থিতিতে আপনি কীভাবে কল্পনা করেন?

আবেদ : আমি কল্পনা করি যে, ব্র্যাক ভালোভাবে চলবে। আগামী পাঁচ-দশ বছরের মধ্যে হয়তো চেষ্টা করব সংস্থার বাইরে গিয়ে দেখতে যে ব্র্যাক কীভাবে চলছে। আমি দেখতে চাই, ব্র্যাক আরও গতিশীল ও সক্রিয় হয়ে উঠেছে। ব্র্যাকের মাঝে নতুন নেতৃত্ব গড়ে উঠবে এবং এর কর্মচাঞ্চল্য বাংলাদেশের আনাচেকানাকে ছড়িয়ে পড়বে বলে আমার নিশ্চিত বিশ্বাস।

স্যার ফজলে হাসান আবেদের শেষ স্বপ্ন

## এ দেশে একদিন নারী-পুরুষের সমতা প্রতিষ্ঠিত হবে

স্যার ফজলে হাসান আবেদ জীবনের শেষ সাক্ষাৎকারটি দিয়েছিলেন প্রথম আলোকে। ব্র্যাক থেকে তিনি তখন অবসর নিয়েছেন। নতুন নেতৃত্ব এসেছে বিশ্বের সবচেয়ে বড় বেসরকারি সংস্থাটিতে। নেতৃত্ব পরিবর্তনের নানা দিক, ব্র্যাক নিয়ে তাঁর ভাবনা এবং বাংলাদেশ নিয়ে তাঁর স্বপ্ন-এসব নিয়ে গত ৩রা অক্টোবর ২০১৯ তারিখে তিনি প্রথম আলোর প্রশ্নের লিখিত বিস্তারিত জবাব দেন। সাক্ষাৎকারটি প্রথম আলোর সোমবারের ক্রোড়পত্র প্রথম আলো বাণিজ্যে প্রকাশিত হয়। কোনো গণমাধ্যমের কাছে দেওয়া তাঁর জীবনের শেষ সেই সাক্ষাৎকারটি এখানে প্রকাশ করা হলো। সাক্ষাৎকার নিয়েছেন শওকত হোসেন

*প্রথম আলো: শুরু করেছিলেন একটি চিন্তা নিয়ে, সেটা কী ছিল। আর এখন ব্র্যাক যে পর্যায়ে গেছে, এটাই কি আপনার চিন্তা বা পরিকল্পনায় ছিল? কী কী করতে চেয়েছিলেন?*

স্যার ফজলে হাসান আবেদ: ছোটবেলা থেকে আমি বেড়ে উঠেছি যথেষ্ট সচ্ছল পরিবেশে। তরুণ বয়সে এনজিও গড়ে তুলে বাংলাদেশের প্রত্যন্ত গ্রামে গিয়ে কাজ করব, এ রকম কোনো ভাবনা আমার একেবারেই ছিল না। ১৯৭০ সালের ১২ নভেম্বর বাংলাদেশের উপকূলীয় এলাকায় যে ভয়ংকর ঘূর্ণিঝড় হয়েছিল, তার ক্ষয়ক্ষতি সরেজমিনে দেখতে আমি মনপুরা দ্বীপে গিয়েছিলাম। সেখানে দেখলাম পানিতে শত শত মানুষ আর গরু-ছাগলের মৃতদেহ একই সঙ্গে ভাসছে! এই দৃশ্য আমাকে ভীষণভাবে নাড়া দিয়েছিল। আমার মনে হয়েছিল, গরিব মানুষদেরই সবচেয়ে বেশি জীবন দিতে হয়। মনে হলো, দরিদ্র মানুষের জীবন এবং জগৎ থেকে আমি সম্পূর্ণ বিচ্ছিন্ন। এর ঠিক পরপরই আমাদের মুক্তিযুদ্ধ শুরু হলো। এবার লাখ লাখ মানুষকে যুদ্ধে মৃত্যুবরণ করতে দেখলাম। এসব ঘটনা আমাকে সম্পূর্ণই বদলে দিল। মুক্তিযুদ্ধের সময় লন্ডনে আমরা কয়েকজন বন্ধু মিলে 'অ্যাকশন বাংলাদেশ' নামে একটি সংগঠন গড়ে তুলেছিলাম। এর মাধ্যমে আমরা মুক্তিযুদ্ধের জন্য তহবিল সংগ্রহ করতাম। সেই সঙ্গে ব্রিটেন

এবং ইউরোপের বিভিন্ন দেশের সরকারের কাছ থেকে বাংলাদেশের পক্ষে স্বীকৃতি এবং সমর্থন আদায়ের চেষ্টা চালাতাম।

১৯৭২ সালের শুরুর দিকে আমি লন্ডন থেকে বাংলাদেশে ফিরে আসি এবং যুদ্ধবিধ্বস্ত দেশের এক প্রত্যন্ত অঞ্চল সুনামগঞ্জের শাল্লায় প্রায় দুই লাখ মানুষের কাছে ত্রাণসামগ্রী পৌঁছে দেওয়া এবং পুনর্বাসনের কাজ শুরু করি। সে সময় বাংলাদেশে দারিদ্র্য এতটাই প্রকট ছিল যে আমি বুঝেছিলাম, ত্রাণকাজ শেষ হলেও এই মানুষদের এভাবে ফেলে যাওয়া সম্ভব নয়। বাংলাদেশ তখন বিশ্বের দ্বিতীয় দরিদ্রতম দেশ। আমাদের মাথাপিছু আয় ছিল ৭০ ডলারের নিচে। তার ওপর জনসংখ্যা বৃদ্ধির হার ছিল শতকরা ৩ ভাগ। একেকজন নারী গড়ে ছয়টির বেশি সন্তান জন্মান দিতেন। পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণের চল ছিল না বললেই চলে। সব মিলিয়ে দারিদ্র্য বিমোচন ছিল এক বিশাল চ্যালেঞ্জ।

সদ্য স্বাধীন যুদ্ধবিধ্বস্ত দেশে আমি যখন ব্র্যাক শুরু করেছিলাম, দেশের মানুষকে বাঁচাতে হবে-এটাই ছিল তখন একমাত্র ভাবনা। কখনো ভাবিনি যে ব্র্যাক একদিন পৃথিবীর সর্বশ্রেষ্ঠ এনজিও হবে কিংবা দেশের সীমানা ছাড়িয়ে আন্তর্জাতিক অঙ্গনে কাজের বিস্তার ঘটাবে।

ব্র্যাককে আমরা বলি 'লার্নিং অর্গানাইজেশন'। কাজ করতে গিয়ে আমরা প্রতিদিনের অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়েছি। আমরা দেখেছি, সময়ের সঙ্গেসঙ্গে মানুষের চাহিদা এবং প্রত্যাশাগুলো বদলাতে থাকে। দেশে এখন জনসংখ্যার সবচেয়ে বড় অংশ হচ্ছে যুবসমাজ। তাদের জন্য পর্যাপ্ত সুযোগ সৃষ্টি করা, ভবিষ্যতের উপযোগী করে তাদের গড়ে তোলা-এসবই এখন আমাদের অন্যতম লক্ষ্য। তাই সময়ের প্রয়োজনের সঙ্গে তাল রেখে আমাদের কাজের কৌশল, সেবা দেওয়ার ধরন, অর্থায়ন এসব ক্ষেত্রে ব্র্যাকে প্রতিনিয়তই পরিবর্তন ঘটছে।

*প্রথম আলো: আপনি বাংলাদেশের খারাপ অবস্থাগুলো দেখেছেন। দুর্যোগ, দুর্ভিক্ষ, শরণার্থী, অর্থনৈতিক অব্যবস্থা এসব। আবার আপনি বাংলাদেশের অনেক ভালো কিছুও দেখেছেন। অর্থনীতিতে এগিয়ে যাচ্ছে, সামাজিক সূচকে বাংলাদেশ অনেক দেশের চেয়ে ভালো করছে। এই বাংলাদেশ নিয়ে আপনার মূল্যায়ন কী? আবার এই অগ্রযাত্রায় ব্র্যাকের অবদান কতটা ছিল বলে মনে করেন?*

আবেদ: বেশ কিছু বিষয়ে আমরা দেশ হিসেবে দারুণ সাফল্য অর্জন করেছি। গত ৪৭ বছরে আমাদের শিশুমৃত্যু হার ২০০ থেকে কমে ৪০-এর নিচে দাঁড়িয়েছে, মাতৃমৃত্যু হার ৮০০ থেকে কমে



১৫৫-এর নিচে এবং জন্মের সময় প্রত্যাশিত গড় আয়ু ৪০ থেকে বেড়ে ৭০ বছর হয়েছে। অন্যদিকে জনসংখ্যা, যা ১৯৭২ সালে ছিল ৬.৫ তা নেমে গেছে ২.২-এ।

বাংলাদেশের এই ঘুরে দাঁড়ানোর কৃতিত্ব একক কোনো প্রতিষ্ঠানের নয়। তবে আমাদের গর্ব এই, এসব সাফল্য অর্জনে ব্র্যাক সরকারের বিভিন্ন কর্মসূচি এবং উদ্যোগকে সার্বক্ষণিক সহায়তা জুগিয়ে গেছে। শিশুদের টিকাদান কর্মসূচি বাস্তবায়ন থেকে শুরু করে খাওয়ার স্যালাইনের প্রচার ও প্রসার, বিপুলসংখ্যক গ্রামীণ স্বাস্থ্যসেবাকর্মী গড়ে তোলা, মায়েদের জন্য নিরাপদ প্রসবের ব্যবস্থা করা, যক্ষ্মারোগ মোকাবিলা থেকে শুরু করে পয়োনিক্‌শন ও পরিচ্ছন্নতা ইত্যাদি জনস্বাস্থ্য বিষয়ে ব্র্যাকের কর্মকাণ্ড দেশের স্বাস্থ্যসংক্রান্ত প্রতিটি অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

গত ৪৪ বছরে বাংলাদেশের সাক্ষরতার হার ২৫ থেকে বেড়ে ৬৫ শতাংশে উন্নীত হয়েছে। স্বাস্থ্যের মতো শিক্ষাক্ষেত্রেও বাংলাদেশের সার্বিক অগ্রগতিতে ব্র্যাকের তাৎপর্যপূর্ণ অবদান রয়েছে। এ পর্যন্ত প্রায় ১ কোটি ২০ লাখের বেশি শিশু ব্র্যাকের প্রাথমিক ও প্রাক-প্রাথমিক বিদ্যালয় থেকে শিক্ষালাভ করেছে, যাদের ৬০ শতাংশের বেশি মেয়ে। অন্যদিকে আমাদের রয়েছে ব্র্যাক বিশ্ববিদ্যালয়। দেশের উচ্চশিক্ষা ও গবেষণাক্ষেত্রে উৎকর্ষের অন্যতম কেন্দ্র হিসেবে বিশ্ববিদ্যালয়টি ইতিমধ্যে সুনাম অর্জন করেছে।

গত ৪৭ বছরে দেশের জনসংখ্যা দ্বিগুণ হলেও শ্রমশক্তি বেড়েছে সাড়ে তিন গুণ। মজুরিশ্রমের বাজারে বিপুলসংখ্যক নারীর প্রবেশ শ্রমশক্তি বৃদ্ধির একটি বড় কারণ। ক্ষুদ্রঋণ, প্রশিক্ষণ ও অন্যান্য সহায়তা দিয়ে এবং বাজারে প্রবেশের

সুযোগ তৈরি করে দিয়ে আমরা লাখ লাখ দরিদ্র মানুষের কর্মসংস্থান সৃষ্টিতে সহায়তা করেছি। দরিদ্র মানুষের জন্য কর্মসংস্থান করতে গিয়ে আমরা হস্তশিল্প, হাঁস-মুরগি পালন, দুগ্ধজাত পণ্য, বীজ উৎপাদন ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রে শিল্প স্থাপনে অগ্রণী ভূমিকা রেখেছি।

আমি বলব, উন্নয়নের বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশ দারুণ সফল হয়েছে এবং সরকার ও অন্যান্য সংস্থার সঙ্গে ব্র্যাক সব সময় এই উন্নয়ন অভিযাত্রার অগ্রভাগে ছিল।

*প্রথম আলো: ব্র্যাক ব্যাংক প্রতিষ্ঠা করেছে, বিশ্ববিদ্যালয় করেছে, আড়ং রয়েছে। এসব দিকে কেন গেলেন? এতে কি মূল কাজের কোনো সমস্যা হয়েছে?*

আবেদ: আমরা কেন ব্যাংক গড়ে তুললাম, তার প্রেক্ষাপটটা বলি। ১৯৯৭ সালে আমরা একটা গবেষণা করেছিলাম। তাতে দেখা গেল, অতিদরিদ্র ১০ শতাংশ লোক ক্ষুদ্রঋণের সুবিধা পায় না। সেখানে আরেকটা চিত্র ছিল, ক্ষুদ্র ব্যবসায়ীরাও ঋণ পায় না। তারা দরিদ্রও নয়, অতিদরিদ্রও নয়, আবার সচ্ছলও নয়। দরিদ্র মানুষ ঋণ পেতে পারে, আবার যারা সচ্ছল, তারাও ঋণ পেতে পারে। কিন্তু এদের কী হবে? সেই চিন্তা থেকেই ব্র্যাক ব্যাংক করতে যাওয়া, যাতে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের ঋণ দেওয়া যায়।

ইউনিভার্সিটি প্রতিষ্ঠার পেছনে আমাদের ভাবনা ছিল, আমরা যদি কিছু শিক্ষিত মানুষ তৈরি করতে পারি, যারা দরিদ্রদের নিয়ে কাজ করতে চায়। তাহলে তো আমাদের মতো মানুষ আরও পাওয়া সম্ভব, যারা সমাজের জন্য দায়িত্বশীল ভূমিকা রাখতে চায়। আর সেটা যদি আমাদের

ইউনিভার্সিটির মাধ্যমে করতে পারি, আমাদের শিক্ষা ইনস্টিটিউটের মাধ্যমে যদি শিক্ষার মান উন্নয়ন করতে পারি, সিভিল সার্ভেন্টদের ডিগ্রি দিয়ে যদি সুশাসন প্রতিষ্ঠিত হয়, তবে দেশের কিছু লাভ হবে।

শুরু থেকেই আমাদের উন্নয়ন কর্মকাণ্ডের মাধ্যমে আমরা দরিদ্র মানুষের স্বাবলম্বী হয়ে ওঠার জন্য সুযোগ তৈরি করতে চেয়েছি। আমরা দেখেছি, বিভিন্ন উপার্জনমূলক কাজের সঙ্গে যুক্ত হয়ে স্বাবলম্বী হওয়ার মাধ্যমে দরিদ্র মানুষ নিজেরাই নিজেদের ভাগ্য ফেরাতে পারে। এই লড়াইয়ে আমরা তাদের পাশে থেকে সহায়তা জুগিয়েছি। আর সেগুলো করতে গিয়ে আমাদের একাধিক সোশ্যাল এন্টারপ্রাইজ গড়ে উঠেছে।

যেমন ধরুন, গ্রামের দরিদ্র মহিলারা ব্র্যাকের কাছ থেকে ঋণ নিয়ে হাঁস-মুরগি পালন করেছে। তারা যাতে লাভজনকভাবে এটি করতে পারে, তার জন্য বিদেশ থেকে উন্নত মানের মুরগির বাচ্চা নিয়ে এসেছি। চাহিদা বাড়তে থাকায় দেশেই গড়ে তুলেছি বিশাল আকারের হ্যাচারি ফার্ম। হাঁস-মুরগির রোগবালাই দমনের জন্য ভ্যাকসিনের ব্যবস্থা করেছি। অসংখ্য মহিলাকে ভ্যাকসিনেটরের প্রশিক্ষণ দিয়েছি। উন্নত মানের খাবারের জন্য ফিড মিল গড়ে তুলেছি। ফিড মিলের জন্য ভুট্টার জোগান দিতে গিয়ে চাষীদের ভুট্টা চাষে উদ্বুদ্ধ করেছি। এরপর যখন অসংখ্য মানুষ সফলভাবে হাঁস-মুরগির চাষ করেছে তে পরেছে, তখন তার বাজার নিশ্চিত করতে গিয়ে জন্ম হয়েছে ব্র্যাক পোলট্রির। ক্ষুদ্র পরিসর থেকে শুরু করা উদ্যোগ একসময় জাতীয় পর্যায়ে কর্মকাণ্ডে রূপ পেয়েছে।

আবার আড়ংয়ের কথা ধরুন। ১৯৭৬ সালের শুরুর দিকে আমরা মানিকগঞ্জে কাজ শুরু করি।



আড়ং শপে জনৈক বিদেশীর সঙ্গে ফজলে হাসান আবেদ

লক্ষ্য ছিল, সেখানকার দরিদ্র মানুষ, বিশেষ করে নারীদের উপার্জনমূলক কাজের সঙ্গে যুক্ত করা। আমরা সেখানে রেশমচাষের একটি সম্ভাবনা দেখতে পাই। মানিকগঞ্জে প্রাকৃতিকভাবেই ভেরেভা গাছ জন্মায়। ভেরেভা পাতা রেশম পোকার খাদ্য। এই পাতা খেয়ে পোকা যে রেশম তৈরি করে, তাকে বলে ‘এনডি সিল্ক’। আমরা তখন ওই এলাকায় ভেরেভা গাছ লাগাতে শুরু করি এবং দরিদ্র মহিলাদের রেশম পোকা পালনের প্রশিক্ষণ দিই। প্রায় দু-তিন শ মহিলা এনডি রেশমের গুটি তৈরি করা শুরু করেন। এগুলোর গুটি থেকে সুতা বানিয়ে রেশমের কাপড় তৈরির কাজ শুরু হয়। এই সিল্ক কাপড়গুলো সে সময় বিক্রি করা হতো ঢাকার কয়েকটি দোকানে। সাধারণত কাপড় সরবরাহ করার দু-তিন মাস পর দোকান থেকে টাকা পাওয়া

যেত। গরিব মানুষের পক্ষে দু-তিন মাস অপেক্ষা করাটা ছিল অসম্ভব ব্যাপার। আমরা তখন নিজেই একটি দোকান খোলার কথা চিন্তা করলাম, যেখানে উৎপাদকেরা পণ্য দেওয়ার সঙ্গেসঙ্গে টাকা পেয়ে যাবেন। এই ভাবনা থেকেই ১৯৭৮ সালে প্রতিষ্ঠা হয় আড়ংয়ের।

আমাদের প্রতিটি কর্মকাণ্ডই গড়ে উঠেছে কোনো না কোনো সামাজিক প্রয়োজন মেটাতে গিয়ে।

*প্রথম আলো: ব্র্যাককে আফগানিস্তানে নিয়ে গেলেন। সেখানকার অভিজ্ঞতাটা কী?*

আবেদ: যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশে যেভাবে শুরু করেছিলাম, যুদ্ধবিধ্বস্ত আফগানিস্তানেও একইভাবে কাজ শুরু করেছিলাম আমরা। তবে

আফগানিস্তানের অবস্থা ছিল আরও শোচনীয়। মাইনে ভরা সারা আফগানিস্তান। শিক্ষা, স্বাস্থ্য, কৃষি সব ক্ষেত্রেই তখন মারাত্মক অবস্থা বিরাজ করছিল। ২০০২ সালে মেয়েদের জন্য ৯০টি প্রাইমারি স্কুল দিয়ে আমরা সেখানে কাজ শুরু করি। এরপর একে একে ক্ষুদ্রঋণ, স্বাস্থ্যসহ নানা ক্ষেত্রে কর্মসূচির বিস্তার ঘটিয়েছি।

বর্তমানে আফগানিস্তানের ৩২টি প্রদেশের মধ্যে ১৪টি প্রদেশের প্রায় ৯৫টি জেলায় আমাদের কার্যক্রম রয়েছে। শিক্ষা এবং স্বাস্থ্য কর্মসূচিসহ সেখানকার একাধিক প্রদেশে আমরা সরকারের সঙ্গে মিলে স্থানীয় সরকারব্যবস্থা জোরদার করার জন্য কাজ করছি। সামাজিক ক্ষমতায়নের জন্য আমরা সাধারণ মানুষকে জেভারসমতা, নারী ও



২০১০ সালে 'নাইটহুড' খেতাব অর্জনের পর আফগানিস্তানের ব্র্যাক অফিসে সংবর্ধনা

শিশুদের অধিকার এসব বিষয়ে সচেতন করে তুলছি। তাদের সামর্থ্য এবং দক্ষতা বাড়ানোর জন্য বিভিন্ন ধরনের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা কার্যক্রম পরিচালনা করছি।

সামাজিক কর্মকাণ্ডগুলোতে যাতে নারীদের অংশগ্রহণ বাড়িয়ে তোলা যায়, তার ওপর বিশেষ জোর দিয়েছি। আফগানিস্তানে মাঠপর্যায়ে যারা ব্র্যাকের সঙ্গে কাজ করছে, তাদের বেশির ভাগই নারী। তারা এখন একা একাই বোরকা পরে বাসে চড়ে গ্রামে যাচ্ছে। শুরুতে তারা এগুলো করতে স্বাচ্ছন্দ্যবোধ করত না। আসলে এটা অনেক সময় আত্মবিশ্বাসের ওপর নির্ভর করে। মেয়েরা যে সব কাজই সমানভাবে করতে পারে, এই প্রত্যয় আমরা বাংলাদেশে কাজ করতে গিয়েই অর্জন করেছি। সেই অভিজ্ঞতা থেকেই আমাদের এই আত্মবিশ্বাস এসেছে।

বাংলাদেশের উন্নয়ন ক্ষেত্রে আমাদের নিজস্ব উদ্ভাবনা এবং অর্জিত অভিজ্ঞতা অন্য একটি দেশের মানুষের জীবনমান উন্নয়নে কীভাবে কাজে লাগতে পারে, আফগানিস্তান থেকে আমরা সেই শিক্ষা এবং আত্মবিশ্বাস অর্জন করেছি। এই অভিজ্ঞতা

আমাদের পৃথিবীর আরও অনেক দেশে কর্মসূচির বিস্তার ঘটাতে সাহস জুগিয়েছে।

*প্রথম আলো: নেতৃত্বে পরিবর্তন এনেছেন। বাংলাদেশে অন্য যাঁরা এসব নিয়ে ভাববেন, কী কী বিষয় তাঁদের মনে রাখতে হবে? নেতৃত্ব পরিবর্তনের সবচেয়ে ভালো পথটি কী?*

আবেদ: ২০০১ সালে যখন আমি ৬৫ বছর পূর্ণ করলাম, তখন ঠিক করলাম, ব্র্যাকের নেতৃত্ব অন্যদের কাছে হস্তান্তর করতে হবে। আমি নির্বাহী পরিচালকের পদ থেকে পদত্যাগ করে বোর্ডের সদস্য হলাম। সে সময় ব্র্যাকের চেয়ারম্যান ছিলেন সৈয়দ হুমায়ুন কবীর। তিনি প্রস্তাব করলেন, ব্র্যাকের প্রতিষ্ঠাতারই প্রতিষ্ঠানের চেয়ারপারসন হওয়া উচিত। তখন থেকেই আমি ব্র্যাকের চেয়ারপারসন হলাম।

বিগত কয়েক বছরে আমি ব্র্যাকে আমার পরবর্তী নেতৃত্ব নিয়ে অনেক ভেবেছি এবং সেভাবেই প্রস্তুতি নিয়েছি। ব্র্যাককে আমি ব্যক্তিগতভাবে না করে সব সময়ই সংগঠন হিসেবে দাঁড় করাতে চেয়েছি। সব সময় এমন একটি ব্যবস্থা গড়ে তুলতে চেয়েছি, যাতে আমার অবর্তমানেও ব্র্যাক তার শ্রেষ্ঠত্ব ধরে

রাখতে পারে। এ জন্য আমি একটি পেশাদার এবং সুশৃঙ্খল পালাবদল নিশ্চিত করতে চেয়েছি।

এই পরিপ্রেক্ষিতে আমার মনে হয়েছে, চেয়ারপারসন হিসেবে ব্র্যাক এবং ব্র্যাক ইন্টারন্যাশনালের বোর্ডের সক্রিয় ভূমিকা থেকে সরে দাঁড়ানোর এটিই সঠিক সময়। তাই আমি ব্র্যাক বাংলাদেশের পরিচালনা পর্ষদ এবং ব্র্যাক ইন্টারন্যাশনাল সুপারভাইজরি বোর্ডের চেয়ারপারসন পদ থেকে অবসর নিয়েছি। ব্র্যাকের পরিচালনা পর্ষদ আমাকে ব্র্যাকের চেয়ার এমেরিটাস নির্বাচিত করেছেন। এখন আমি ব্র্যাকের ভবিষ্যৎ কর্মকৌশল এবং পরিচালনা কাঠামো নির্ধারণের বিষয়ে মনোযোগ দেব।

প্রতিষ্ঠানের ভেতরে সঠিক নেতৃত্বের উত্তরাধিকার সৃষ্টি করতে পারাটা জরুরি। নেতৃত্ব সৃষ্টির পূর্বশর্ত হচ্ছে একটি শক্তিশালী প্রাতিষ্ঠানিক সংস্কৃতি গড়ে তোলা। আমরা সব সময় ব্র্যাকের নিজস্ব সংস্কৃতি গড়ে তোলার ক্ষেত্রে বিশেষ মনোযোগ দিয়েছি। মূল্যবোধনির্ভর প্রতিষ্ঠান হিসেবে ব্র্যাককে গড়ে তুলতে চেয়েছি। সব কর্মীর মধ্যে উদ্যোক্তার দৃষ্টিভঙ্গি গড়ে তোলা, উদ্ভাবন সহায়ক পরিবেশ সৃষ্টি করা, সবকিছুকে প্রশ্ন করতে পারা এবং অভিজ্ঞতা থেকে শিক্ষা নেওয়ার মাধ্যমে বিকশিত হওয়ার ধারা চালু করতে পেরেছি। আমার বিশ্বাস, নতুন নেতৃত্ব আমার অবর্তমানে এই সংস্কৃতির ধারা অব্যাহত রাখতে সচেষ্ট এবং সক্ষম হবেন। ব্র্যাকের মূল্যবোধগুলো সমৃদ্ধ রাখতে কাজ করবেন।

*প্রথম আলো: নতুন যাঁরা নেতৃত্বে এলেন, তাঁদের প্রতি আপনার প্রত্যাশা কী?*

আবেদ: আগেই বলেছি, আমি ব্র্যাক বাংলাদেশের পরিচালনা পর্ষদ এবং ব্র্যাক ইন্টারন্যাশনাল



সুপারভাইজরি বোর্ডের চেয়ারপারসন পদ থেকে অবসর নিয়েছি। এই পদ দুটিতে দায়িত্ব পালনের জন্য অত্যন্ত যোগ্য দুজন ব্যক্তিকে আমি নির্বাচন করেছি। ড. হোসেন জিল্লুর রহমান ও আমিরা হক এখন থেকে ব্র্যাক এবং ব্র্যাক ইন্টারন্যাশনালের চেয়ারপারসন হিসেবে দায়িত্ব পালন করবেন। সেই সঙ্গে ব্র্যাক ইন্টারন্যাশনালের নির্বাহী পরিচালক হিসেবে ডা. মুহাম্মাদ মুসা এবং ব্র্যাক বাংলাদেশের নতুন নির্বাহী পরিচালক হিসেবে আসিফ সালেহ্ দায়িত্ব পেয়েছেন। এখন ব্র্যাক ও ব্র্যাক ইন্টারন্যাশনালের নির্বাহী পরিচালকেরা সার্বিক ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবেন। নতুন চেয়ারপারসন ও বোর্ড তাঁদের পরামর্শ ও স্বচ্ছভাবে পরিচালনার জন্য দিকনির্দেশনা দেবেন।

ব্র্যাককে সামনে এগিয়ে নেওয়ার কাজে যথাযোগ্য নেতৃত্ব নির্বাচনের বিষয়টি ছিল আমার সিদ্ধান্তের গুরুত্বপূর্ণ অংশ। গর্ব এবং আত্মবিশ্বাসের সঙ্গে আমি এই সিদ্ধান্ত গ্রহণ করেছি। ডা. মুহাম্মাদ মুসা ও আসিফ সালেহ্‌র সক্ষমতা ও বিচক্ষণতার ওপর আমার পূর্ণ আস্থা রয়েছে। ব্র্যাকের এই নতুন নেতৃত্বকে নিয়ে আমি ভীষণ আশাবাদী। আমার বিশ্বাস, তাঁদের নেতৃত্ব ব্র্যাককে শোষণমুক্ত পৃথিবী গড়ার পথে আরও এগিয়ে নিয়ে যাবে এবং ব্র্যাকের ভেতর থেকেই নতুন নেতৃত্ব তৈরি হওয়ার এই সংস্কৃতি ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

**প্রথম আলো: বাংলাদেশ নিয়ে আপনার স্বপ্নটা কী?**

আবেদ: বাংলাদেশ অনেক ক্ষেত্রে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করলেও একটি বিষয়ে আমাদের পশ্চাত্পদতা যাবতীয় অর্জনকে প্রশ্নবিদ্ধ করে চলেছে। আর সেটি হলো জেডারসাম্য অর্জনে আমরা প্রত্যাশিত সাফল্য দেখাতে পারিনি। আমাদের অনেক প্রচেষ্টা সত্ত্বেও পিতৃতান্ত্রিকতা

এখনো আমাদের সামাজিক জীবনে শিকড় গেড়ে বসে আছে।

আমি এ দেশে অদূর ভবিষ্যতে নারী-পুরুষের সমতা প্রতিষ্ঠার স্বপ্ন দেখি। আমি আমার জীবনকালে হয়তো এটা দেখে যেতে পারব না। সম্ভবত এটি আমার জীবনের অসমাপ্ত এজেন্ডা হিসেবে থেকে যাবে। আমি অত্যন্ত দুঃখ বোধ করি, যখন দেখি আজও নারীর ওপর পীড়ন ও নির্যাতনের অবসান হয়নি। এখন পর্যন্ত নারীরা পুরুষের তুলনায় কম মজুরির বিনিময়ে বেশি কাজ করে এবং এখনো কিছু নির্দিষ্ট পেশা ও কার্যক্রম থেকে পদ্ধতিগতভাবে তাদের দূরে সরিয়ে রাখা হয়। এখনো দেশে বহু মেয়ের বাল্যবিবাহ হয় এবং তাদের এক-তৃতীয়াংশের বেশি পারিবারিক সহিংসতার শিকার হয়। অথচ সমাজের উন্নয়ন ও পারিবারিক সুখ-শান্তি প্রতিষ্ঠার জন্য নারী-পুরুষের সমতা অত্যন্ত প্রয়োজন। তবে আমি বিশ্বাস করি, আমাদের দেশ অবশ্যই নারী-পুরুষ সমতার দিকে দ্রুত অগ্রসর হবে এবং সমাজপ্রগতির পথে আমাদের অগ্রগতি ত্বরান্বিত হবে।

**প্রথম আলো: ভবিষ্যতে ব্র্যাক নিয়ে আপনার স্বপ্নটা কী?**

আবেদ: ব্র্যাকের সাফল্য অনেক, তবে সামনে আমাদের বহু চ্যালেঞ্জের মোকাবিলা করতে হবে। এই চ্যালেঞ্জগুলো দিনের পর দিন আরও জটিল হতে থাকবে। তবে এটা খুবই গুরুত্বপূর্ণ যে আমরা আমাদের অগ্রাধিকারগুলোকে চিহ্নিত করতে পেরেছি। জনসংখ্যার চাপ, নগরায়ণ ও জলবায়ু পরিবর্তন আমাদের সামনে নতুন নতুন চ্যালেঞ্জ নিয়ে আসবে। বাংলাদেশ এবং বিশ্বের অন্য যে দেশগুলোতে আমরা কাজ করছি, সেখানে

ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবিলায় নতুন ও উদ্ভাবনী সমাধান বের করতে হবে। আর এই কাজে তরুণ প্রজন্মের অমিত সম্ভাবনাকে কাজে লাগাতে হবে।

একটা প্রতিষ্ঠানকে যদি টিকে থাকতে হয়, তবে সমাজের সঙ্গে প্রতিনিয়ত তার সম্পৃক্ততা বাড়াতে হবে এবং বুঝতে হবে, কখন সমাজের জন্য কী প্রয়োজন। একেক সময় একেকটা ধারা আসবে, চাহিদা আসবে, প্রয়োজনীয়তা আসবে। নতুন কর্মসূচি গ্রহণ করে সেই প্রয়োজনীয়তা যদি পূরণ করতে পারি, তবে মানুষের কাছে ব্র্যাক গ্রহণযোগ্যতা হারাতে হবে না। আমি এখন ব্র্যাকের কর্মীদের সেই পরামর্শ দিয়ে যাচ্ছি, নতুন কী করা যায়, সমাজের চাহিদা কী, এটা কীভাবে মোকাবিলা করা যায়, কীভাবে তা পূরণ করা যায়, সেটাই সব সময় ভাবতে হবে।

আগামী ১০ বছরে আমরা আমাদের কাজের প্রভাব পৃথিবীর আরও বেশি মানুষের মধ্যে ছড়িয়ে দিতে চাই। ২০৩০ সালের মধ্যে বিশ্বের ২৫০ মিলিয়ন মানুষের কাছে ব্র্যাক যেন পৌঁছে যায়, সেটিই আমার প্রত্যাশা। আমি স্বপ্ন দেখি, ব্র্যাক আগামীতে আরও বড় হবে, নতুন উদ্ভাবন চালিয়ে যাবে এবং নতুন দিনের প্রয়োজনে নতুন সমাধান নিয়ে এগিয়ে আসবে।

**প্রথম আলো: আপনি কাকে অনুসরণ করছেন, আপনার জীবনে কার প্রভাব বেশি?**

আবেদ: আমার মা, সৈয়দা সুফিয়া খাতুন।

**প্রথম আলো: আপনার প্রিয় কবিতা, প্রিয় গান?**

আবেদ: প্রিয় কবিতা রবিঠাকুরের 'শা-জাহান' আর প্রিয় গান রবিঠাকুরের 'তুমি রবে নীরবে'।

“

When people ask me now what BRAC stands for, I like to think that we stand for an idea – an idea of a world where everyone has an equal opportunity to realise their potential.

”

**Sir Fazle Hasan Abed KCMG**

Founder, BRAC

TRIBUTES





## On my dear friend Abed

Abed was one of the foremost leaders of thought as well as action of our time. Not only did he transform Bangladesh, and indeed a lot of the world, by his radical initiatives, he proceeded to his actions through identifying what our deprived world needed, using remarkably penetrating analysis and social scrutiny. An astonishing combination of clear-headed thinking and sure-footed execution made Abed the great leader that he was. We have had very few like him in the history of the world.

### **Amartya Sen**

Recipient of the 1998 Nobel Prize in Economic Sciences



## He was a great gift to humanity

Sir Fazle Abed's life was a great gift to humanity. His nearly 50 years of visionary leadership at BRAC transformed millions of lives in Bangladesh and beyond, and changed the way the world thinks about development. Driven by an unwavering belief in the inherent dignity of all people, he empowered those in extreme poverty to build better futures for themselves and their families. I will always be grateful for the chance to see his life-changing programmes in action in Bangladesh when I was president, for his many years of work with the Clinton Global Initiative, and for the kindness, friendship, and inspiration he gave Hillary and me including the grace and courage of the final months of his life. His legacy will live on in all the people whose lives are better, healthier and more secure because of his remarkable service.

### **Bill Clinton**

42nd President of the United States of America



## We will forever draw inspiration from his work

In 1972, after Bangladesh's war of liberation had left many homeless, Fazle Abed left his job as a London oil executive and returned to his home country with £16,000 in his pocket — and the ambitious goal of building 10,400 houses. He ended up raising enough money to build 16,000 houses for some of the poorest people in Bangladesh and still had enough left over to start his next project. That's who Sir Fazle was as a humanitarian, and that's what he helped us learn about development work: How to build a big, efficient organisation, while never forgetting who you were doing it for. We were saddened to hear of his passing and will forever draw inspiration from his work, as will the rest of the world, which he left so much better than he found.

### **Bill and Melinda Gates**

Founders, Bill and Melinda Gates Foundation



## One of the heroes of modern times

Sir Fazle Hasan Abed, a Bangladeshi who is one of the heroes of modern times, helped lift Bangladeshis and tens of millions around the globe. Abed founded BRAC, one of the world's largest aid groups, and targeted the very poor in Asia and Africa. RIP, Abed. I can think of few people who have done so much for humanity as Abed. He was a friend and someone I deeply admired and learned from. While US aid efforts in Afghanistan often flopped, his succeeded. Reflecting his humility, no one called him Sir Fazle. He was simply Abed.

### **Nicholas Kristof**

Journalist and two-time Pulitzer Prize winner











## My deepest condolence

My deepest condolences for your loss and I write with a heavy heart though to note how Sir Fazle will continue to be a source of inspiration for the world. The hundreds of millions of lives he transformed will remember him as the spark of hope, especially by those from the most vulnerable and poorest communities now enriched by new possibilities. It is an admirable spirit to drive significant social changes through compassion, courage and conviction, and I am certain that the spirit lives on through you and everyone at BRAC. The Yidan Prize Foundation will continue to work closely with BRAC to further impactful educational programmes in Asia, Africa and beyond. Together, we can continue to help young, marginalised children find joy in their learning and those deprived of resources live happy, productive lives. The loving memory of Sir Fazle's tremendous career and achievements in life will keep you proud and strong. I am particularly struck when I learned about the beautiful way he described his work as how "he spent his life watching optimism triumph over despair when the light of self-belief is sparked in people." It is clear why he could accomplish so much and this tremendous legacy requires continuing dedication from all of us. Please take great care and my thoughts are with you.

### **Dr Charles Chen Yidan**

Founder, Chen Yidan Charity Foundation  
Founder, Yidan Prize Foundation

## All of us are grieving

It is difficult to describe in words the impact that Sir Abed had on the plight of the world's most vulnerable in Bangladesh and globally. He was a genuine giant. And a wonderful human being. I had the privilege of knowing him for the past seven years. He was a friend and a mentor to me. And I will never forget him. As a physician I knew that his end was near. But still his passing came as a huge shock that I am still trying to absorb. I express my sincere condolences to his family, to BRAC, to the people of Bangladesh, and to the entire development community of the world. All of us are grieving.

### **John D Clemens**

Executive Director, icddr,b





## Sincerest condolences from the WISE team

It is impossible to overstate the contributions of Sir Fazle to the work of poverty alleviation and development both in his native Bangladesh and around the world. BRAC, the organisation that he founded in 1972 with proceeds from the sale of his London flat, has now grown into one of the world's largest and most effective non-governmental organisations with activities across the full spectrum of social development including education, healthcare, and microfinance. As recently as 5th September 2019, the Economist reported that "BRAC has about 100,000 full-time staff, 8,000 of whom work outside Bangladesh. In 2018, it lent money to almost eight million people and educated more than one million children across Bangladesh and 10 other countries. It is also one of the world's best charities."

It is estimated that in the course of its nearly 50 years of existence, BRAC has benefitted in excess of 100 million people worldwide. BRAC's success owes much to the character and ethos of its founder. As noted by Ms Ameerah Haq, Chair, BRAC Global Board, "Unflinching dedication, focus and work

ethic are what we have always experienced in Sir Fazle, or Abed Bhai, as the BRAC family calls him lovingly. He always put others before himself and let his work speak for itself. Even when BRAC attained its global stature, his concern and focus were on the less fortunate in society and those whose potential needed nurturing. He embodied the highest level of integrity, humility and humanity, which continues to be the essential guiding spirit of BRAC."

In building BRAC, Sir Fazle was able to attract top talent from some of the world's most prestigious private sector organisations, evidence of his ability to inspire, and instil a sense of purpose amongst his colleagues. At WISE we were privileged to have Sir Fazle as our inaugural WISE Prize for Education Laureate. It is no secret that in accepting the Prize he set a very high benchmark for us to fulfil during our now biennial deliberations. In accepting the prize, Sir Fazle spoke about the centrality of education in addressing issues of inequity around the world, and issued a call to action to ensure universal access to quality education.

Notwithstanding considerable personal and professional success, I always found Sir Fazle to be humble and approachable, and happy when asked to offer sage advice and counsel. Although we will miss him, we remain committed to our shared goal of building the future of education as a means of achieving a more peaceful, prosperous, healthier, and fairer world. On behalf of the WISE team, I extend our sincerest condolences to Lady Abed, his children and grandchildren, and his extended family at BRAC. May they find solace in their memories of him and in the knowledge that his was truly a life well lived.

### **Stavros N Yiannouka**

CEO, World Innovation Summit for Education (WISE)









## Such was his awareness about development issues

I am deeply saddened at the news of the death of Sir Fazle Hasan Abed. I once had the privilege of sitting beside him at a dinner event and we were discussing public health and poverty issues. At one point, I remarked that good development ideas in Bangladesh travel fast because of population density and he immediately quipped, "So does diarrhea." Such was his presence of mind and awareness of development issues! Incidentally, one of his important contributions was to spread the idea of home-made oral saline through BRAC's one of the many effective social campaigns. Today, Bangladesh is a global leader in reducing child mortality, which, to a great extent, is due to the reduction of child deaths from diarrhea through the widespread adoption of orally consumable saline. This is just one example of many of his innovative ideas for development. May his soul rest in peace.

### **Professor Wahid Uddin Mahmud**

Economist and Member of the United Nations Committee for Development Policy

## He is one of my all-time heroes

I am extremely saddened to hear about the passing of Sir Fazle Hasan Abed, a true giant and icon of rural development, and one of my all-time heroes. Someone who dedicated his life to help the poor, achieving extraordinary impact through his organisation — BRAC. I remember the first time I met him in 1992, on my first working experience in Bangladesh. Since then, through many unforgettable interactions, a wonderful partnership between BRAC and IFAD developed, with BRAC acting as an implementation partner for many of IFAD's projects in Bangladesh and other countries. In spite of countless international awards, he remained one of the kindest, most humble and gentle persons I have ever known. My sincere condolences to Tamara and the rest of Abed's extended family.

### **Nigel Brett**

Director, Asia Pacific Region, IFAD

## Our deepest condolences

It is with immense sadness that we learned about the demise of Sir Fazle Hasan Abed, founder of BRAC. He will forever remain in our memories as a visionary leader and an indomitable humanitarian who changed the lives of millions of people across the globe. He did not wield any magic wand; instead, he dedicated all his resources into making them realise their potential and the inner strength that every human being possesses. What he also did along the way is to inspire thousands of humanitarians to come under one umbrella, that is BRAC, and join forces to the common cause of helping those who need it the most. Today, we too have lost a family member. From 2001 to 2006, Sir Fazle served as a member of IRRI's Board of Trustees and played an instrumental role in setting the scientific directions, policies and strategies to usher in the new millennium. We will never be able to fill the void that he has left behind.

### **Matthew Morell**

Director General and CEO, IRRI



## **We will never forget the example he set**

It was with great sadness that I learned of the passing of Sir Fazle Hasan Abed. Over the course of three decades, under Sir Fazle's inspiring leadership, the humanitarian organisation he founded, BRAC, has become one of the world's leading development organisations. From its humble beginnings in Bangladesh — the country he loved so well — to its expansion to 10 countries across Asia and Africa, BRAC has stood as an inspiring example of how we can gather people together in common cause to improve the lives of the most vulnerable. At UNICEF, we were particularly pleased that Sir Fazle agreed to become a Global Leader of Generation Unlimited, a new global public-private partnership to scale education, skills development and employment opportunities for young people, to prepare them for the world of work. I still remember his inspiring words at the Gen-U launch in September 2018, when he called on world leaders to join our cause, and invest in the next generation of global leaders. All of us at UNICEF will miss his ideas and advice. We will never forget the example he set. On behalf of everyone at UNICEF, please accept our deepest condolences to you, his family, and everyone at BRAC.

### **Henrietta H Fore**

Executive Director, UNICEF



## **Your light will keep guiding us**

Sir Fazle Hasan Abed, the esteemed founder of BRAC, was a true visionary. His efforts with BRAC following the liberation war played a key role in eradicating extreme poverty faced by the people of Bangladesh. And he did not just stop at that. His continued efforts gave BRAC a global recognition and made it the number 1 NGO in the world. Today, we mourn the sad demise of one of Bangladesh's greatest entrepreneurs. Your light will guide our fight against poverty. Thank you, Sir Fazle Hasan Abed. You will be dearly missed.

### **Shakib Al Hasan**

Cricketer, Bangladesh national cricket team

On behalf of the Australian government  
I wish to convey sincere condolences, not only  
to the family of Sir Fazle Abed, but to all  
the people of Bangladesh, who have lost a giant  
of development. The contribution that he has made  
over several decades to reducing poverty and  
inequality, and serving the people of Bangladesh  
with quiet humility, is outstanding and  
enduring.

With deepest sympathy,

Julia Nicoll

Australian High Commissioner  
to Bangladesh

22 December 2019

স্বর্গে তিষ্ঠন্ত (২২ ডিসেম্বর ২০১৯)

শ্রদ্ধাঞ্জলি প্রদান

২২/১২/১৯  
১৫/১২/১৯  
০২/১২/১৯

Sir Fazle was one of the most influential standard  
bearers of our time in development and humanity. He also  
made revolutionary changes to the concept of NGO and its  
operation including social enterprises not only in Bangladesh  
but also globally and positively impacted the lives of  
millions of people. His departure is a huge loss to all  
of us. I pray his soul rest in eternal peace

TOMOO HOZUMI  
Representation  
UNICEF Bangladesh

Dhaka 22/12/19

The Canadian High Commission to Bangladesh  
is deeply saddened to learn about the  
passing of Sir Fazle Hasan Abed, the  
founder and Chair Emeritus of BRAC,  
one of the world's largest non-governmental  
organizations. The Government of Canada  
expresses its heartfelt sympathies to his  
family and BRAC family.

Canada recognized Sir Abed's outstanding  
contributions to reducing poverty in Bangladesh  
and internationally.

Our thoughts and prayers are with his family  
and friends.

Aash Irankhat Tahsin

High Commission of Canada to Bangladesh


On behalf of the United States Embassy  
in Bangladesh, I offer my heartfelt  
condolences on the passing of Sir  
Fazle Abed. His remarkable life  
and legacy inspired the lives of  
millions in Bangladesh and around the  
world.

El Miller  
US Ambassador  
Dhaka

Sir Fazle Hasan Abed devoted his life to combat poverty and empowering women. His innovative ideas and works transformed lives of millions across the world. He was an inspirational icon of the global development and will remain as a lighthouse of the future development practitioners. A dedicated visionary leader, a doer - will be remembered in Bangladesh and globally. He was also a dear friend of many Swedes engaged in Bangladesh through the years.

Embassy of Sweden would like to express sincere condolences to his family and greater BRAC community.

Rest in peace Sir Abed

  
Christine Johansson  
Chargé d'Affaires  
Embassy of Sweden  
Dhaka


23/12/19

Dhaka 22/12/19

Sir Fazle Abed, Abed Bai, will be fondly and respectfully remembered as a great human being & greatly admired humanitarian fighter for equality and development, and a brilliant son of Bangladesh by his large Dutch support community. He will continue to inspire us in our hearts and deeds.

Sincere condolences to his entire family and to the whole BRAC community!

In deep respect,

  
Harry S. J. Verweij  
H.M. Ambassador to Bangladesh  
Netherlands Embassy  
Dhaka

Bangladesh, and indeed the world, has lost a true visionary. Sir Fazle changed the face of Bangladesh and his consistent focus on the poorest and most marginalised is beyond compare.

BRAC is imbued with his personal and professional values and determination and it is an honour and a privilege to work in partnership with him.

We know that BRAC's work will continue, as Sir Fazle envisioned, and as he set up the organisation to do over recent weeks.

We owe him a huge debt of gratitude for what we have learned from him and what he has inspired us to do in the future.

Justine Wederka

Department for International  
Development

British High Commission

22 December 2019

Dear Sir,

We will always carry upon vision for financial inclusion and the SME segment forward. You have shown us the light, the way and we will never stray from that path.

May Allah Ta'Ala forgive all your sins and grant you Jannah.

Selam Rf Hossain,  
MD & CEO, BRAC Bank Ltd.

22/12/2019





2) No karam karam karam...  
 3) - 100...  
 4) - 200...  
 5) - 300...  
 6) - 400...  
 7) - 500...  
 8) - 600...  
 9) - 700...  
 10) - 800...  
 11) - 900...  
 12) - 1000...

1) 2000...  
 2) 3000...  
 3) 4000...  
 4) 5000...  
 5) 6000...  
 6) 7000...  
 7) 8000...  
 8) 9000...  
 9) 10000...

1) 2000...  
 2) 3000...  
 3) 4000...  
 4) 5000...  
 5) 6000...  
 6) 7000...  
 7) 8000...  
 8) 9000...  
 9) 10000...

22/11/2020  
 10:00 AM  
 11:00 AM  
 12:00 PM  
 1:00 PM  
 2:00 PM  
 3:00 PM  
 4:00 PM  
 5:00 PM  
 6:00 PM  
 7:00 PM  
 8:00 PM  
 9:00 PM  
 10:00 PM  
 11:00 PM  
 12:00 AM

1) 2000...  
 2) 3000...  
 3) 4000...  
 4) 5000...  
 5) 6000...  
 6) 7000...  
 7) 8000...  
 8) 9000...  
 9) 10000...

22/11/2020  
 10:00 AM  
 11:00 AM  
 12:00 PM  
 1:00 PM  
 2:00 PM  
 3:00 PM  
 4:00 PM  
 5:00 PM  
 6:00 PM  
 7:00 PM  
 8:00 PM  
 9:00 PM  
 10:00 PM  
 11:00 PM  
 12:00 AM

1) 2000...  
 2) 3000...  
 3) 4000...  
 4) 5000...  
 5) 6000...  
 6) 7000...  
 7) 8000...  
 8) 9000...  
 9) 10000...

1) 2000...  
 2) 3000...  
 3) 4000...  
 4) 5000...  
 5) 6000...  
 6) 7000...  
 7) 8000...  
 8) 9000...  
 9) 10000...

1) 2000...  
 2) 3000...  
 3) 4000...  
 4) 5000...  
 5) 6000...  
 6) 7000...  
 7) 8000...  
 8) 9000...  
 9) 10000...

ABED BHAI was world's one of  
 the most respected persons ever born.  
 He will remain in the hearts and mind  
 of all of us and on this planet for  
 ever. May Allah place him in  
 Jannatul Ferdous.

1) 2000...  
 2) 3000...  
 3) 4000...  
 4) 5000...  
 5) 6000...  
 6) 7000...  
 7) 8000...  
 8) 9000...  
 9) 10000...

22/11/2020  
 10:00 AM  
 11:00 AM  
 12:00 PM  
 1:00 PM  
 2:00 PM  
 3:00 PM  
 4:00 PM  
 5:00 PM  
 6:00 PM  
 7:00 PM  
 8:00 PM  
 9:00 PM  
 10:00 PM  
 11:00 PM  
 12:00 AM

Abed Blai was an inspiration and leader in the Bangladesh Development sector, which is expanded beyond border. He has shown the way how governance strengthened an institution to succeed with the Founder's legacy.

The education community of Bangladesh and the world mourn the passing of the champion of education in Bangladesh and the world.

We can pay our tribute to his legacy by dedicating ourselves and pledging to live by his dreams and ideals.

Manzoor Ahmed  
 Prof. Emeritus, BRAC University  
 Chair, Bangladesh ECD Network (BEN)  
 Vice chair, Campaign for Popular Education (CAMPE)  
 22 December, 2019

Faruk Hossain FCA  
 UCEP Bangladesh  
 Chairman.  
 &  
 Ben Int Board Member.

অবশ্যই প্রতিটি মানুষই স্বাধীনতা, মানবতা, জ্ঞান, ন্যায়ের প্রতিষ্ঠা, ন্যায়ের সুরক্ষা প্রতিষ্ঠা করে তবেই সমাজে শান্তি স্থাপন করা যায়। আর এই সুরক্ষার জন্যই আমরা সবাইকে একত্রিত করে নিয়েছি।

আজকের বাংলাদেশে যা যা চলছে তাতে আমরা সবাইকে একত্রিত করে নিয়েছি। আমরা সবাইকে একত্রিত করে নিয়েছি। আমরা সবাইকে একত্রিত করে নিয়েছি।

সাক্ষাৎকার শুরু হলো। একটু ভয়ে ভয়েই ছিলাম। আবেদ সাহেব আমাকে কয়েকটা প্রশ্ন করলেন, যেমন: কী পাস করে এলেন?



ফজলে হাসান আবেদ ও সালেহউদ্দীন আহমেদ

পিএইচডি কোন বিষয়ে করলেন? দেশ কোথায়? বাবা-মা কী করেন? এখন কী করতে চান? ইত্যাদি। উত্তর দিলাম। তারপর তিনি কথা বলতে শুরু করলেন। বললেন, বাংলাদেশের দরিদ্র জনগোষ্ঠীর সঙ্গে কাজ করতে চান, দারিদ্র্য দূর করতে চান, একটা শোষণমুক্ত সমাজ গড়ে তুলতে চান। আমাদের আপনার মতো উচ্চশিক্ষিত কর্মী দরকার। এ দেশে

মানুষের উন্নয়নের জন্য শিক্ষা, ঋণ, স্বাস্থ্য, মানবশক্তি, মেয়েদের অধিকার, দক্ষতা বৃদ্ধি এসবের ওপর আমরা কাজ করব। আপনি হবেন আমাদের প্রথম পিএইচডি। আমি চাই সমাজের সবচেয়ে দুঃখী, দরিদ্র, অবহেলিত মানুষগুলোর উন্নয়নে আপনাদের মতো দক্ষ, শিক্ষিত, পেশাদার সবাই কাজ করুক। আপনি যদি চান আমাদের সঙ্গে যোগদান করতে পারেন। সত্যি



তার কথায় এতটাই মুগ্ধ হয়েছিলাম যে, আমি সঙ্গেসঙ্গে রাজি হয়ে যাই ব্র্যাকে কাজ করতে। কাজ শুরু করলাম ১৯৭৯ সালের ৪ঠা এপ্রিল। ভেবেছিলাম দেখি কিছুদিন কাজ করে। ভালো লাগলে করব, না হলে ছেড়ে দেব। ব্র্যাক আর ছাড়া হয়নি! ত্রিশ বছর কোথা দিয়ে কেটে গেল বুঝতেও পারলাম না। কখন যে আবেদ সাহেব আবেদ ভাই হয়ে গেলেন, সেটাও টের পেলাম না। অবশ্য ব্র্যাকে সবাই সবাইকে ভাই, আপা বা দাদা, দিদি বলে সম্বোধন করে। ত্রিশ বছর আবেদভাইকে অনেক কাছ থেকে দেখলাম, জানলাম, উপলব্ধি করলাম। এটা একটা অভাবনীয় অভিজ্ঞতা।

কয়েকদিন কাজ করার পরই একদিন আবেদ ভাই বললেন, ‘আপনারা তো বিদেশে পড়াশোনা করেছেন, বাংলাদেশ সম্পর্কে ঠিক জানেন না। চলুন গ্রাম দেখে আসি। তিনি আমাকে নিয়ে গেলেন সুনামগঞ্জের শাল্লা। দেখলাম বাংলাদেশের গরিব মানুষ কীভাবে থাকে, তারা কী কী সমস্যায় ভোগে। আবেদ ভাইয়ের সঙ্গে হেঁটে হেঁটে গ্রাম দেখলাম, সাধারণ মানুষের সঙ্গে কথা বললাম। আবেদ ভাইকে দেখছিলাম। তিনি জানতে চাচ্ছিলেন কী তাদের সমস্যা, কীভাবে এর থেকে বেরিয়ে আসা যায়। গ্রামের মানুষের কাছ থেকে তাদের ধ্যানধারণা সম্পর্কে শুনতেন। তারপর এসে অনেক রাত পর্যন্ত সভা করতেন, মাঠকর্মীদের সঙ্গে আলাপ করতেন এবং সিদ্ধান্ত নিতেন। দেখা গেল তিনি গ্রামের মানুষের কাছ থেকে শুনে তারপর কর্মীদের সঙ্গে দীর্ঘক্ষণ আলাপ করে সিদ্ধান্ত গ্রহণ করতেন এবং নির্দেশ দিতেন। এটা আবেদ ভাইয়ের একটা বিরাট গুণ ছিল। সাধারণ মানুষ, যারা

এসব সমস্যায় ভুগত তাদের এবং কর্মীদের বক্তব্য তিনি খুব মনোযোগসহকারে শুনতেন। এ গুণটা অনেকের মাঝেই থাকে না। বিশেষ করে যারা উচ্চতর পদে কাজ করেন। আবেদ ভাই বলতেন, ‘তোমাকে যে কেউ শেখাতে পারে। সে উচ্চশিক্ষিতই হোক বা গ্রামের একজন দরিদ্র নারী বা একজন রিকশাওয়ালা। সবারই যার যার ক্ষেত্রে অভিজ্ঞতা এবং জ্ঞান আছে। একটা শিশুও শেখাতে পারে। যার যেটা সমস্যা সে-ই সেটা সম্পর্কে সবচেয়ে ভালো জানে, কাজেই তার থেকেই শোনো, তার থেকেই ধারণা নাও এবং সমাধান খুঁজে বের করো’।

আবেদ ভাইয়ের শয়নে, স্বপনে, নিদ্রায়, জাগরণে ছিল ‘ব্র্যাক’। ব্র্যাককে কীভাবে সংগঠিত করতে হবে, কীভাবে নিজের পায়ে দাঁড় করানো যাবে, কর্মীদের কীভাবে আরো দক্ষ এবং শক্তিশালী করা যাবে, কর্মসূচিগুলোকে কেমন করে মান বজায় রেখে আরো বড় করা যাবে, বৈদেশিক নির্ভরতা থেকে মুক্ত করা যাবে, দেশ-বিদেশ থেকে আরও দক্ষ লোকজন এনে কর্মী এবং কর্মসূচির উন্নতি করা যাবে, এ-ই ছিল তাঁর চিন্তা এবং ধ্যান। এজন্য তিনি কর্মীদের দেশে-বিদেশে পাঠাতেন, উচ্চ শিক্ষার্থে অথবা কারিগরি দক্ষতা বাড়ানোর জন্য। ব্র্যাকের অনেক কর্মী বিদেশের স্বনামধন্য প্রতিষ্ঠানে প্রশিক্ষণ পেয়েছেন। আবার গ্রামের সাধারণ মানুষের এবং ব্র্যাককর্মীদের ভালো প্রশিক্ষণ দেওয়ার জন্য চব্বিশটা প্রশিক্ষণ কেন্দ্র তৈরি করেছেন। প্রশিক্ষকরা যে শুধু ব্র্যাকের কর্মীদেরই প্রশিক্ষণ দেন তাই না, সরকারি-বেসরকারি অনেক প্রতিষ্ঠানের কর্মীদেরই প্রশিক্ষণ দেন। আজকে যে এত প্রতিষ্ঠান উন্নয়নের জন্য কাজ করছে, সেখানে

ব্র্যাকের বলিষ্ঠ ভূমিকা রয়েছে।

যে কর্মসূচি ব্র্যাককে জাতীয় পরিধিতে এবং বৃহৎ কর্মকাণ্ড বাস্তবায়ন করতে সাহস জোগায়, সেটা ছিল ডায়রিয়া প্রতিষেধক কর্মসূচি। পনেরো বছরে ব্র্যাকের কর্মীরা গ্রামের ঘরে ঘরে গিয়ে লবণ-গুড়ের স্যালাইন কীভাবে তৈরি করা যায় সেটা শেখায় এবং লবণ-গুড়ের স্যালাইন যে কী উপকারে আসে, তা বৈজ্ঞানিকভাবে আইসিডিডিআর,বি-র সঙ্গে গবেষণার মাধ্যমে প্রমাণ করা হয়। শুরু হয় শাল্লায় একটা ছোট্ট পাইলট কর্মসূচির মধ্য দিয়ে, পরে এটা একটা বৃহৎ আকার ধারণ করে। এখানে আবেদ ভাইয়ের সুচারু নেতৃত্ব, পেশাদারি ব্যবস্থাপনা ছিল। এ কাজটা গ্রামে ব্র্যাকের হাজার হাজার নারী কর্মীই বাস্তবায়ন করেন।

আমরা অনেক কিছু শিখেছি আবেদ ভাইয়ের কাছ থেকে। তিনি বলতেন, মানুষের কাছে যাও, কথা বলো, পর্যবেক্ষণ করো, শেখো এবং মানুষের উন্নয়নে তা কাজে লাগাও। অন্যের কাছে তা-ই ব্র্যাক শিখতে চায়। আমরা প্রায়ই গ্রামের সাধারণ নারীদের কাছ থেকে একটা প্রশ্নের সম্মুখীন হতাম। তারা বলতেন, ‘আপনারা তো অনেক কিছুই করছেন, আমাদের শিশুদের শিক্ষার জন্য কিছু করুন’। ততদিনে মানুষের একটা আস্থা হয়ে গিয়েছিল যে, ব্র্যাককে বললে কিছু একটা তারা করবে। আবেদ ভাই তখন কয়েকজনকে নিয়োজিত করেন গরিব শিশুদের প্রাথমিক শিক্ষার একটা কর্মসূচি করার জন্য। সবাই তখন উঠেপড়ে লেগে যায়। প্রথমে ২২টা স্কুল নিয়ে এ কর্মসূচি শুরু হয় ১৯৮৫ সালে এবং ১৫ বছরে ব্র্যাক প্রায় ৫০ হাজার স্কুল চালাতে

থাকে। পৃথিবীতে ব্যক্তি খাতে এত বড় কর্মকাণ্ড আর কোথাও আছে বলে মনে হয় না।

আবেদ ভাই সবসময় চাইতেন কর্মসূচিতে নতুন কিন্তু ভালো কিছু সংযোজন করতে। একবার আবেদ ভাই নিউজউইক ম্যাগাজিনে গবেষণালব্ধ একটা লেখা পড়েছিলেন, যেখানে ছিল পৃথিবীর কোন কোন দেশে বিভিন্ন বিষয় সবচেয়ে ভালো শেখানো হয়। যেমন জাপানে অংক ভালো শেখানো হতো, আমেরিকায় স্নাতক, ইংল্যান্ডে স্নাতকোত্তর, হল্যান্ডে ভাষা আর নিউজিল্যান্ডে পড়তে পারা খুব ভালো শেখানো হতো। আবেদ ভাই আমাকে বললেন, তুমি আমাদের সবচেয়ে কাছের নিউজিল্যান্ড দূতাবাসে গিয়ে দেখো তো ওই দেশ থেকে টিচার বা বিশেষজ্ঞ আনতে পারো কিনা; আমাদের স্কুলের বাচ্চাদের জন্য নতুন পড়ার পদ্ধতি শেখানো যায় কিনা। আমি দিল্লি গেলাম। দূতাবাসের কর্তাদের সঙ্গে আলাপ করে পরে দুজন নারী শিক্ষিকা-বিশেষজ্ঞ আনতে পারলাম। তারা আমাদের শিক্ষা কর্মসূচির কর্মী, শিক্ষিকা ও ছাত্রছাত্রীদের সঙ্গে কাজ করলেন এবং কিছু নতুন পড়ার পদ্ধতি সংযোজন করলেন।

আবেদ ভাইয়ের কাছ থেকে যে জিনিসটা আমরা সবচেয়ে ভালো শিখেছি, সেটা হচ্ছে তাঁর ব্যবস্থাপনামূলক বা ধরন। কয়েকটা শৈলী প্রশিক্ষণযোগ্য: ১. কর্মীদের কথা ভালো করে শোনা এবং তার ভিত্তিতে সিদ্ধান্ত নেওয়া, ২. কর্মীদের ভালোমন্দ দেখাশোনা করা। কাজের

ব্যাপার ও ব্যক্তিগত বিষয়, ৩. কর্মীদের সঠিক প্রশিক্ষণ দেওয়া ও দক্ষতা বৃদ্ধিতে অর্থের জোগান দেওয়া, ৪. কর্মীদের ঋণ দিয়ে বাড়িঘর তৈরি করার ব্যবস্থা করা, ৫. নানা পর্যায়ে কর্মীদের সমানভাবে দেখা, ৬. নারীদের অধিকার দেওয়ায় সচেতন হওয়া, ৭. মানুষকে মানুষ বলে গণ্য করা, ৮. সকলের সঙ্গে ভালো ব্যবহার করা, ৯. ব্যবস্থাপনায় কঠোর হওয়া, ১০. সততা ও সুবিচার বজায় রাখা এবং পক্ষপাতিত্ব বর্জন করা, ১১. আমিত্ব বর্জন করা এবং আমি না বলে আমরা বলা, ১২. ব্যবস্থাপকের উচিত তার দলের সদস্যদের সরাসরি তাদের শক্তি ও দুর্বলতা সম্পর্কে বলা এবং ১৩. একটা সংস্থার পরিচালনা পর্ষদের সভাপতি বা চেয়ারম্যান এবং সদস্যরা দলীয়ভাবে ভীষণ ক্ষমতাবান, কিন্তু এককভাবে মোটেই ক্ষমতাবান নন। এগুলো আমাদের সকলের জন্যই শিক্ষণীয়।

ব্র্যাক যখন ছোট ছিল, আবেদ ভাই সবাইকে ভালো করে চিনতেন। পরে ব্র্যাক বেশ বড় আকার ধারণ করে এবং হাজার হাজার কর্মী কাজ করেন। তখন আর আবেদ ভাইয়ের পক্ষে সকলকে চেনা সম্ভব ছিল না। যে কাজ আবেদ ভাই খুব সুচারুভাবে করেছেন, সেটা হচ্ছে সাংগঠনিক নিয়মকানুন, আর্থিক সিদ্ধান্ত গ্রহণের পদ্ধতি, মানবসম্পদ ব্যবস্থাপনা পদ্ধতি ইত্যাদি সবকিছু চালু করে লিখিত আকারে রেখে গেছেন। একটা বড় সংস্থা ও ব্যবস্থাপনার জন্য এগুলোর কোনো বিকল্প নেই।

ব্র্যাক এখন একটি বিশাল জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা। এখন ব্র্যাক তার কর্মকাণ্ডের দ্বারা প্রায় ১১ কোটির বেশি মানুষের কাছে পৌঁছে গেছে, সত্তর লাখ গরিব নারীকে ঋণদান করে, প্রায় দুই লাখ কর্মীবাহিনী, ব্র্যাকের ৭৫ শতাংশ এখন নিজস্ব সম্পদে চলে। ব্র্যাকের আরও দুটি সংস্থা রয়েছে- ব্র্যাক ব্যাংক ও ব্র্যাক ইউনিভার্সিটি। এ ছাড়া আছে বেশকিছু ব্যবসা প্রতিষ্ঠান। যেমন: ব্র্যাক ডেইরি, ব্র্যাক হ্যাচারি ইত্যাদি। ব্র্যাক এখন বিশ্বের এগারোটি দেশে কাজ করছে। কাজেই এত বড় একটা সংগঠন ব্যবস্থাপনা করা বিরাট চ্যালেঞ্জ। আবেদ ভাই বিদায় নেওয়ার আগে ব্র্যাক পরিচালনার দায়ভার নতুন এক নেতৃত্বকে দিয়ে গেছেন। আমাদের আশা, আবেদ ভাই যে অসাধারণ কর্মকাণ্ড গড়ে গেছেন, নতুন নেতৃত্ব সেটাকে ধরে রাখবে এবং আরও উচ্চ পর্যায়ে নিয়ে যাবে। তাঁর অসমাপ্ত কাজগুলো সমাপ্ত করবে।

আবেদ ভাই, আপনাকে অনেক ধন্যবাদ। আপনি আমাদের ছেড়ে চলে গেছেন, কিন্তু সবসময়ই আপনি আমাদের সঙ্গে থাকবেন।

লেখক: ব্র্যাকের সাবেক উপ-নির্বাহী পরিচালক ও ব্র্যাক ইউনিভার্সিটির সাবেক উপ-উপাচার্য

# বঞ্চিতজনের স্বপ্নসারথি

ড. আতিউর রহমান

পূর্ণ বয়সেই চলে গেলেন আবেদ ভাই। তা সত্ত্বেও মনে হয় আরো কয়টা বছর বেঁচে থাকলে আরো কিছু উদ্ভাবনমূলক জনসম্পৃক্ত কাজ করে যেতে পারতেন তিনি। প্রতিষ্ঠান গড়ার এক অসামান্য ক্ষমতা ছিল তাঁর। সারা বিশ্বের সর্ববৃহৎ উন্নয়ন প্রতিষ্ঠান ব্যাক প্রতিষ্ঠা করেই তিনি ক্ষান্ত হননি। দারিদ্র্য নিরসনের জন্য যে প্রয়োজন বহুমাত্রিক কৌশল, সেই ধারণারও তিনি ছিলেন অন্যতম প্রবর্তক। শিক্ষা, স্বাস্থ্য, আর্থিক খাত ছাড়াও মানবাধিকারসহ নানা ক্ষেত্রেই তিনি নিজে প্রতিষ্ঠান গড়েছেন এবং অন্যদেরও নিরন্তর উৎসাহ দিতেন প্রতিষ্ঠান গড়ার জন্য। প্রতিষ্ঠান গড়তেন দুঃখীজনের দুঃখমোচনের জন্য। পেছনে পড়ে থাকা মানুষদের মূলধারার উন্নয়নের স্রোতে আনার ক্ষেত্রে তাঁর অবদান সত্যি বিশাল। সব অর্থেই ছিলেন তিনি অভাজনের বন্ধু। তাই থাকবেন চিরদিন বঞ্চিতজনের স্বপ্নের সারথি হয়ে। মনেপ্রাণে তিনি ছিলেন দেশপ্রেমিক। সাধারণ মানুষকে সক্ষম করে গড়ে তোলার এক অসাধারণ ঝোঁক ছিল তাঁর। সত্যিকার অর্থেই মুক্তিযুদ্ধের বাংলাদেশকে ধ্বংসস্থাপ থেকে উন্নয়নের রোল মডেল করার যে সংগ্রাম জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সূচনা করেছিলেন, তিনি সরকারের বাইরে থেকেও তাতে সহযোগী হতে পেরেছিলেন। নীরবে কাজ করে গেছেন মানবিক উন্নয়নের পক্ষে। তিনি অংশীদারি বা পার্টনারশিপে উন্নয়ন উদ্যোগে বিশ্বাসী ছিলেন। তাই সরকারের শিক্ষা, স্বাস্থ্য ও আর্থিক উন্নয়ন অভিযাত্রায় নানামুখী সহযোগী সংগঠন তিনি গড়ে তুলেছেন। অন্যদেরও তা করতে সর্বদাই সহযোগিতার হাত বাড়িয়ে দিতেন। ভাবতেন খুব বড় করে। গড়তেন প্রতিষ্ঠান ধীরে

ধীরে। গরিবের স্বপ্ন বিনির্মাণে এবং তা রূপায়ণে তাঁর নিরবচ্ছিন্ন কর্মযজ্ঞ দেশে ও বিদেশে ইতিহাস হয়ে থাকবে।

সত্তরের ঘূর্ণিঝড়ে বাংলাদেশের লাখ লাখ মানুষের মৃত্যু, উপকূলের সেই ভয়াবহ দুর্যোগের শিকার লাখ লাখ দুঃখী মানুষের জীবনসংগ্রাম তাঁকে স্বদেশের অন্তর্ভুক্তিমূলক উন্নয়নে যুক্ত হওয়ার অনুপ্রেরণা জুগিয়েছে। এর পরপরই হলো জাতীয় নির্বাচন। বঙ্গবন্ধু নির্বাচনে নিরঙ্কুশ ম্যান্ডেট পেয়েও পাকিস্তানি এলিটদের ষড়যন্ত্রের কারণে ক্ষমতায় বসতে পারলেন না। শুরু হলো মুক্তিযুদ্ধ। তিনি যুক্তরাজ্যে চলে গেলেন প্রবাসে মুক্তিযুদ্ধে অংশগ্রহণের জন্য। হাত বাড়িয়ে দিলেন, মুক্তিযোদ্ধাদের নানা মাত্রিক সহযোগিতার জন্য প্রবাসেই গড়লেন সহমর্মী সংগঠন। দেশ স্বাধীন হওয়ার পর বিদেশে কেনা নিজের ফ্ল্যাটটি বিক্রি করে প্রাণ্ড অর্থ দিয়ে মুক্তিযুদ্ধ শেষে ফেরত আসা অসহায় শরণার্থীদের জন্য গৃহনির্মাণ ও ত্রাণ দেওয়ার কাজে লেগে পড়েন। শুরুতে পুনর্বাসনের কাজ করলেও ব্যাক একটি উন্নয়ন সংগঠনে রূপান্তরিত হলো তাঁর সুদূরপ্রসারী নেতৃত্বের স্পর্শে। তিনি ভাবলেন শুধু ত্রাণ দিয়ে এই দুর্ভাগা মানুষদের দারিদ্র্যের কশাঘাত থেকে মুক্ত করা যাবে না। তাই শুরু করলেন উদ্ভাবনমূলক উন্নয়ন সংগঠন গড়ার নয়া কর্মসূচি। নেমে পড়লেন উপেক্ষিত মানুষের আর্থিক-সামাজিক মুক্তিসংগ্রামে। শুরুতে সাধারণ মানুষের ঘরে ঘরে গিয়ে তাদের দুঃখের কারণগুলো বোঝার চেষ্টা করেন। সেই প্রচেষ্টার অংশ হিসেবেই তিনি বুঝতে পারলেন যে শুধু অর্থের অভাবেই মানুষ দরিদ্র হয় না। আসল

অভাব তার সক্ষমতার। ভরসার। তাই তিনি তাঁর কাজের কেন্দ্রবিন্দুতে নিয়ে এলেন ক্ষমতাহীন নারীকে। তাদের সংগঠিত করতে শুরু করলেন আত্মার পরিবেশ তৈরির লক্ষ্যে। দুঃখী নারীকে সংগঠিত করে তাদের স্বাস্থ্য, শিক্ষা, পুষ্টির অধিকার অর্জনে সহযোগিতার হাত বাড়িয়ে দিলেন। তাদের সন্তানদের বাঁচিয়ে রাখার জন্য টিকা দেওয়া, মুখের স্যালাইন, ভিটামিন খাওয়ানো, অনানুষ্ঠানিক শিক্ষাসহ নানা ধরনের কম খরচের উন্নয়ন উদ্যোগ চালু করলেন। বঞ্চিতজনদের সন্তানদের আনন্দের সঙ্গে শিক্ষা দেওয়ার অভিনব 'ব্র্যাক স্কুল' স্থাপনের উদ্যোগের সঙ্গে সমাজের নানা স্তরের সংগঠকদের যুক্ত করলেন। শিক্ষা ছাড়াও কৃষি, পুষ্টি, কুটির শিল্পসহ অসংখ্য সৃজনশীল উদ্যোগ নিলেন দেশজুড়ে। এসব উদ্যোগে তিনি সরকারকেও পার্টনার করলেন।

আর সে কারণেই তাঁর সংগঠন খুবই পেশাদারি পরিচয়ে সাফল্যের সঙ্গে কাজ করে করে বেড়ে উঠেছে। আজ সারা বিশ্বের সবচেয়ে বড় উন্নয়ন সংস্থাটির নাম ব্র্যাক। ১১টি দেশে প্রায় ১২ কোটি মানুষের ভাগ্যোন্নয়নে ব্যস্ত এই প্রতিষ্ঠানের আন্তর্জাতিক শাখাটি। জাতিসংঘের সাবেক আভার সেক্রেটারি জেনারেল আমিরা হক এর দায়িত্বে রয়েছেন। সমাজের সব মানুষকে সমাবেশ করার দারুণ এক ক্ষমতা ছিল তাঁর। সেই সক্ষমতাবলেই তিনি আমার উর্ধ্বতন সহকর্মী বিআইডিএসের সাবেক মহাপরিচালক ড. মাহবুব হোসেনকে একপর্যায়ে ব্র্যাকের নির্বাহী পরিচালক করেছিলেন। মাহবুব ভাইয়ের সঙ্গে যৌথভাবে কাজ করেছিলাম বর্গাচাষি উন্নয়ন প্রকল্প উদ্ভাবনের সময়। এ



প্রকল্পের মাধ্যমে আমরা বাংলাদেশ ব্যাংক থেকে ব্যাকের জন্য প্রথমে বছরে ৫০০ এবং পরে ৬০০ কোটি টাকার রিফিন্যান্সের ব্যবস্থা করেছিলাম। লাখ লাখ বর্গাচাষি পরিবারকে এর মাধ্যমে সম্ভায় ঋণ দেওয়া সম্ভব হয়েছিল। তাদের বেশির ভাগই ছিল নারী বর্গাচাষি। এই অর্থ পেয়ে কৃষির উন্নয়নের পাশাপাশি তারা তাদের সন্তানদের সুশিক্ষা ও সুস্বাস্থ্যের সুযোগ বাড়াতে পেরেছিল। তাদের অর্থনৈতিক ক্ষমতায়নের নয়া দিগন্ত খুলে গিয়েছিল এই কর্মসূচির প্রভাবে।

এ ছাড়া আর্থিক খাতেও আবেদ ভাইয়ের সংগঠন গড়ার উৎসাহ ছিল প্রবল। 'ব্র্যাক ব্যাংক' ছাড়াও মোবাইল আর্থিক প্রতিষ্ঠান 'বিকাশ' প্রতিষ্ঠায়ও তাঁর আগ্রহ ছিল উল্লেখ করার মতো। মনে পড়ছে, আমরা দুজনেই এর উদ্বোধন করেছিলাম র্যাডিসন হোটেলে। প্রতিষ্ঠানটি এখন কোটি কোটি গরিব-দুঃখী মানুষের এক ধরনের ব্যাংকিংয়ের স্বাদ উপভোগ করতে সাহায্য করছে। একইসঙ্গে মধ্যবিত্তের ইউটিলিটি বিল প্রদান এবং সরকারের স্কুল বৃত্তি ও অতিদরিদ্রদের সামাজিক সংরক্ষণ কর্মসূচি বাস্তবায়নেও গুরুত্বপূর্ণ অবদান রাখছে। এ দেশের রিকশাওয়ালা, এমনকি ভিক্ষুকরাও এখন এর মাধ্যমে নিয়মিত আর্থিক লেনদেন করতে পারছে। আইপিডিসি, ডেলটা ব্র্যাক হাউজিং ফিন্যান্স কোম্পানির পেছনেও তাঁর আগ্রহ ছিল ব্যাপক। আর মূলত খুদে ও মাঝারি উদ্যোক্তাদের জন্য অর্থায়নের সুযোগ করে দিয়ে এবং সুশাসনের চমৎকার নজির স্থাপন করে আমাদের ব্যাংকিং ব্যবস্থায় ব্যতিক্রমী এক আর্থিক প্রতিষ্ঠান হিসেবে এগিয়ে চলেছে 'ব্র্যাক ব্যাংক'। কয়েকদিন আগেও আবেদ ভাই এই ব্যাংকের চেয়ারম্যান ছিলেন। এখন চেয়ারম্যানের দায়িত্ব পালন করছেন স্বতন্ত্র



ড. আতিউর রহমান ও ফজলে হাসান আবেদ

পরিচালক অর্থনীতিবিদ ড. আহসান মনসুর। এই নয়া ধারার ব্যাংক পরিচালনার উদাহরণও আবেদ ভাই স্থাপন করে গেছেন। এসব সংস্থা থেকে যে উদ্বৃত্ত পাওয়া যায়, তা আবার সামাজিক উন্নয়নে ব্যয় করার সুযোগ পায় মূল সংগঠন 'ব্র্যাক'। বাজারকে অনেকের মঙ্গলে কাজে লাগানোর এই উদ্যোগ দেশের কম আয়ের মানুষের অর্থায়নে বড় ধরনের সুযোগের সৃষ্টি করতে সাহায্য করে চলেছে। আবেদ ভাই জানতেন, বাজারকে বহু মানুষের কাজে লাগাতে পারলে তার সামাজিক প্রভাব ইতিবাচক হতে বাধ্য। আজকাল বাজারকে কতিপয়ের হাতে বন্দি করার যে দুঃখজনক প্রবণতা চোখে পড়ছে, তার বিপরীতে আবেদ ভাইয়ের আর্থিক অন্তর্ভুক্তিমূলক প্রতিষ্ঠান গড়ার আগ্রহ

চিরদিন বঞ্চিতজনদের মনে আশা-জাগানিয়া উদাহরণ হিসেবে বজায় থাকবে বলে আমার বিশ্বাস। 'ইকোনমি অব ফ্লেলে' বিশ্বাসী আবেদ ভাই সর্বদাই ছোট থেকে বড় হওয়ার চিন্তা করতেন। 'করে করে শেখার' মূলমন্ত্রে বিশ্বাসী এই প্রতিষ্ঠান গড়ার কারিগর যা কিছুই করতেন, তা সারা দেশে ছড়িয়ে দেওয়ার চেষ্টা করতেন। সরকারও তাঁর এই কাজে বরাবরই সহায়তার হাত বাড়িয়ে দিয়েছে। আর সে কারণেই উন্নয়নের সংগ্রামে তাঁর বিচক্ষণ নেতৃত্বের সুফল দেশের মানুষ পাচ্ছে।

তিনি স্বাস্থ্য ও শিক্ষা খাতেও অংশীদারির এই মডেলকে নানাভাবে উৎসাহিত করেছেন। বাংলাদেশ সরকার ছাড়াও বিল অ্যান্ড মেলিভা গেটস ফাউন্ডেশন, জন হপকিনস বিশ্ববিদ্যালয়

ও হার্ভার্ড বিশ্ববিদ্যালয়কে সঙ্গে নিয়ে অনেক উদ্ভাবনীমূলক স্বাস্থ্য ও শিক্ষা কর্মসূচি তিনি চালু করেছেন। ব্র্যাক বিশ্ববিদ্যালয় এবং তাঁর ইনস্টিটিউট অব গভর্ন্যান্স স্টাডিজসহ অনেক প্রতিষ্ঠানই তিনি গড়ে তুলেছেন বাংলাদেশে উপযুক্ত মানবশক্তি গড়ে তোলার লক্ষ্যে। কৃষি ও প্রাণিজ সম্পদ উন্নয়নে ব্র্যাক অনবদ্য ভূমিকা পালন করে চলেছে। উপযুক্ত বীজ সরবরাহ ছাড়াও বিদেশি গাভি পালনের নানা আধুনিক সুযোগ তিনি সরকারের সংশ্লিষ্ট বিভাগের সঙ্গে হাতে হাতে মিলিয়ে করতে পেরেছেন বলেই এ দুটি খাতে বাংলাদেশ বিরাট সাফল্যের দাবিদার হতে পেরেছে। সরকার ও ব্যক্তি খাতকে সঙ্গে নিয়েই তিনি আমাদের অতি গুরুত্বপূর্ণ এই দুটি খাতের উন্নয়নে মনোযোগী ছিলেন। আর এমন যৌথ প্রয়াসই যে উন্নয়ন গতি পায়, সে ধারণাটি তিনি হাতে-কলমে প্রমাণ করে গেছেন।

নারীর ক্ষমতায়নে তাঁর মনোযোগ ছিল সবচেয়ে বেশি। ব্র্যাকের শুরু দিন থেকে তিনি নারীর স্বাস্থ্য, শিক্ষা, সামাজিক মর্যাদা, আইনি সহায়তা প্রদানসহ নানা ধরনের অ্যাডভোকেসিমূলক কাজকে উৎসাহিত করতেন। এসব কাজে অন্যান্য সামাজিক সংগঠনকে যুক্ত রাখার চেষ্টা করেছেন। তাঁর নারীর ক্ষমতায়ন ও মর্যাদা বৃদ্ধির নিরলস প্রচেষ্টায় বাংলাদেশের অর্থনীতি ও সমাজে নারীর অংশগ্রহণের সুযোগ উল্লেখযোগ্য হারে বেড়েছে। এর সুপ্রভাব নারীবিদ্বেষী কুসংস্কার ও ধর্মান্ধতা দূর করার ক্ষেত্রে ব্যাপক হারে পড়েছে। আর বর্তমান সরকার নারীর ক্ষমতায়নে বিশ্বাসী হওয়ার কারণে গ্রামবাংলায় নারীর আর্থ-সামাজিক উন্নয়নে অসরকারি প্রতিষ্ঠানের কাজ করা অনেকটাই সহজ হতে পেরেছে।

এসব উদ্যোগের সঙ্গে, সরকারের সংশ্লিষ্ট বিভাগের সঙ্গে তিনি কাজ করতে উৎসাহ দিতেন ব্র্যাককে। দারিদ্র্য নিরসন যে একা কোনো প্রতিষ্ঠান বা সরকারের কাজ নয়, সে কথাটি তিনি রবীন্দ্রনাথের মতোই বিশ্বাস করতেন। আর সেভাবেই তাঁর বহুমাত্রিক চিন্তা ও চেতনাকে সমাজে ও সংগঠনে ছড়িয়ে দেওয়ার চেষ্টা করতেন। বুদ্ধিবৃত্তিক কর্মকাণ্ডের সঙ্গে তিনি সর্বদাই যুক্ত থাকতে চাইতেন। রাশেদা কে. চৌধুরীর ‘গণসাক্ষরতা অভিযানের’ আওতায় শিক্ষার গুণমানের গবেষণা ও প্রতিবেদনের তিনি ছিলেন বড় পৃষ্ঠপোষক। আমি নিজে ব্র্যাকের অতিদরিদ্রদের জন্য নেওয়া কর্মসূচির মূল্যায়ন করেছি। সিডিএফ বা ফ্রেডিট ডেভেলপমেন্ট ফোরামের সভাপতি হিসেবে আমি এবং আমার সহকর্মীরা তাঁর কাছ থেকে নৈতিক ও আর্থিক সহায়তা পেয়েছিলাম বলেই আজ সংগঠনটি নিজের পায়ে দাঁড়াতে পেরেছে। এ রকম অসংখ্য প্রতিষ্ঠান গড়ায় তাঁর সোনালি স্পর্শের কথা আজ খুব করে মনে পড়ছে। অনেকেই তাঁকে ছেড়ে গিয়ে নয়া ধরনের উন্নয়ন প্রতিষ্ঠান গড়েছেন। তিনি তাঁদের সঙ্গে সর্বদাই সহায়ক আচরণ করেছেন। প্রয়োজনীয় সমর্থন দিয়েছেন। কখনো মন খারাপ করেননি। ‘পরশ্রীকাতরতা’ শব্দটি তাঁর ডিকশনারিতে অনুপস্থিত। সবাইকে নিয়ে কাজ করার এক বিরল নেতৃত্বের আদর্শ রেখে গিয়েছেন আবেদন ভাই।

শুধু দেশে কেন, পৃথিবীর সর্বত্রই তিনি দারিদ্র্য নিরসনের নানা উদ্যোগ নিয়েছেন। বাংলাদেশের সফল উন্নয়ন অভিজ্ঞতাকে তিনি বিদেশের দুর্ভাগা মানুষের ভাগ্যোন্নয়নে কাজে লাগাতেও সচেষ্ট ছিলেন। আফগানিস্তান, উগান্ডা ও আফ্রিকার অনেক দেশেই টেকনিক্যাল সহায়তা দিয়ে তিনি

একসময়ের সবচেয়ে দরিদ্র দেশ বাংলাদেশের মুখ উজ্জ্বল করেছেন। বিদেশে বাংলাদেশের এক সফল ‘অ্যাম্বাসাডরে’র নাম স্যার আবেদন। উগান্ডার কেন্দ্রীয় ব্যাংকের গভর্নরের আমন্ত্রণে আর্থিক অন্তর্ভুক্তি সম্পর্কিত এক অনুষ্ঠানে গিয়ে আমি ব্র্যাকের অবদানের ভূয়সী প্রশংসা শুনে সন্তুষ্ট হয়েছিলাম। তিনি কিন্তু আসলে বাংলাদেশের উন্নয়নের সাফল্যের গল্পই করছিলেন। আয়-রোজগার করে গরিব মানুষও যে একদিন ধনী হতে পারে-এই আত্মবিশ্বাসের বীজ তিনি বাংলাদেশে ও আরো ১০টি দেশে রোপণ করেছেন। তাই উন্নয়নজগতে তাঁর নাম চিরস্মরণীয় হয়ে থাকবে।

মিতভাষী, অন্যের কথা শুনতে বেশি আগ্রহী, বিশাল স্বপ্নদ্রষ্টা কিন্তু বাস্তবায়নে ছিলেন তিনি খুবই পুঙ্খানুপুঙ্খরূপে সদা তৎপর। এই সফল মানুষের নেতৃত্ব থেকে বাংলাদেশ ও বিশ্ব তাঁর বিদায়ের মধ্য দিয়ে চিরদিনের জন্য বঞ্চিত হলো। এমন বহুমুখী প্রতিভার আগমন আবার কবে ঘটবে এ দেশে, তা আসলেই বলা মুশকিল। তাই এই ক্ষতি সহজেই পূরণ হওয়ার নয়। তবে তিনি প্রতিষ্ঠান পরিচালনায় যে বিকেন্দ্রীকরণ ও অংশগ্রহণমূলক নীতিকাঠামো রেখে গেছেন, তাতেই টেকসই হবে তাঁর গড়া সংগঠনগুলো। তিনি বেঁচে থাকবেন কোটি কোটি বাংলাদেশির এবং বিশ্বের দুঃখী মানুষের অন্তরে।

লেখক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু চেয়ার অধ্যাপক এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর

# আবেদ ভাই: সাম্প্রতিক কিছু কথোপকথন

## মোশ্তাক চৌধুরী

ব্র্যাকের প্রতিষ্ঠাতা স্যার ফজলে হাসান আবেদ।

আবেদ ভাই আমাদের ছেড়ে চলে গেলেন। স্যার ফজলে হাসান আবেদ ব্র্যাকের প্রতিষ্ঠাতা। দীর্ঘ সময় তাঁর সঙ্গে আমার ব্র্যাক-জীবন। একবার তাঁকে বলেছিলাম, আবেদ ভাই, আমার নিজ বাবার সঙ্গে আমি ৩৩ বছর কাটিয়েছি আর আপনার সঙ্গে ৪২ বছর। শুনে কিছু বলেননি। হয়তো মনে মনে বলেছিলেন, এ রকম অনেকের সঙ্গেই তো ওনার গুঠা-বসা। আসলেই তা-ই। আবেদ ভাই একজন বন্ধুবৎসল মানুষ। যাঁরা একবার বন্ধু হয়েছেন, তাঁরা আজীবনই রয়ে গেছেন। ভিকারুল ইসলাম চৌধুরী, সৈয়দ ফজলে আলী, সৈয়দ হুমায়ুন কবীর, মনোয়ার হোসেন, ফারুক চৌধুরী প্রমুখ। সেই হিসেবে আমরা কিন্তু বন্ধু ছিলাম না। আমি ছিলাম তাঁর অধীন এক ব্র্যাককর্মী। তাঁর গুণমুগ্ধ। আজ এই বিরহের সময় অনেক কিছুই মনে পড়ছে। তাঁর চরিত্রে একটা ম্যাজিকেল আকর্ষণ ছিল। যেন এক পরশমণি। যে-ই তাঁর সংস্পর্শে এসেছে প্রায় সবাই মুগ্ধ হয়েছে। তাঁর আদর্শে অনুপ্রাণিত হয়েছে।

আবেদ ভাই ছিলেন জ্ঞানের আধার। জ্ঞানের এমন কোনো দিক নেই যেখানে তাঁর দখল ছিল না। ইতিহাস, সাহিত্য, সংস্কৃতি, বিজ্ঞান, অর্থনীতি, রাজনীতি বা উন্নয়ন। তাঁর ছিল এক অসাধারণ কমনসেন্স। ১৯৭৭ সালে ব্র্যাকে যোগদান করে প্রথমেই গেলাম বৃহত্তর সিলেটের শাল্লা, ব্র্যাকের প্রথম প্রকল্প এলাকায়। প্রতি মাসেই একবার আবেদ ভাই এই অজপাড়াগাঁয়ে আসতেন মাঠপর্যায়ের কার্যক্রম দেখতে। দিনের বেলা গ্রামে

গ্রামে ঘুরে বেড়ানো আর সন্ধ্যা থেকে শেষরাত অবধি কর্মসভা। মাঠপর্যায়ের কাজের চুলচেরা বিশ্লেষণ। আবেদ ভাই কর্মীদের কথা শুনতেন আগ্রহভরে। তারপর তাঁর নিজের মতামত। সহকর্মীরা সবাই মন্ত্রমুগ্ধের মতো তাঁর কথা শুনতেন এবং একমত হতেন। এভাবেই ব্র্যাক এগিয়েছে। বিশ্বের ১ নম্বর উন্নয়ন সংস্থা হিসেবে স্বীকৃতি পেয়েছে।

এ বছরের গোড়ার দিকে আমি ব্র্যাক ছেড়ে দেই। জুলাই মাসের মাঝামাঝি সময়ে আবেদ ভাই আমাকে তাঁর সঙ্গে দেখা করতে বলেন। তাঁর অফিসে ঢুকতেই বসতে বললেন। চিরাচরিতভাবে। তারপর যা বললেন, তার জন্য আমি মোটেই প্রস্তুত ছিলাম না। বললেন, ‘আমার ক্যাম্পার হয়েছে। জন ম্যাককেইন ও টেড কেনেডির যেটা হয়েছিল, ঠিক সেটাই। আমাকে বলা হয়েছে আমি আর বড়জোর চার থেকে ছয় মাস আছি।’ তাঁর মুখে তেমন কোনো বিশেষ অভিব্যক্তি লক্ষ্য করলাম না। আসলে এরকমই ছিলেন আবেদ ভাই। তাঁর ছিল অদম্য মনোশক্তি। সমস্যা যত বড়ই হোক খুব সহজেই তিনি সেটা মোকাবিলা করে তার থেকে এগোনোর পথ খুঁজতেন। আরও বললেন যে, এই কয়েক মাসে তিনি ব্র্যাকে অনেকগুলো পরিবর্তন আনতে চান, যা ব্র্যাকের ভবিষ্যতের পথচলায় কাজে লাগবে। সেগুলোর বর্ণনাও দিলেন। কোনো কিছু করতে চাইলে তিনি সেটা দৃঢ়ভাবে বাস্তবায়িত করতেন। ১৯৯৯ সালের একটি ঘটনা মনে পড়ছে। বাংলাদেশ ‘এডুকেশন ওয়াচ’-এর প্রথম প্রতিবেদনের মোড়ক উন্মোচন। ‘ওয়াচ’ দেশীয় সুশীল সমাজের একটি উদ্যোগ।


অনুষ্ঠানের প্রধান অতিথি তৎকালীন শিক্ষামন্ত্রী। বক্তব্যে শিক্ষামন্ত্রী এই উদ্যোগের, বিশেষ করে উত্থাপিত রিপোর্টের কড়া সমালোচনা করলেন, যার বেশিরভাগ ছিল নিতান্তই মনগড়া। আমরা যাঁরা প্রতিবেদন তৈরির সঙ্গে যুক্ত ছিলাম (রাশেদা কে চৌধুরী এবং সমীর নাথ) তারা সকলেই খুব হতাশা অনুভব করছিলাম। অনুষ্ঠানের সভাপতি ছিলেন আবেদ ভাই। সমাপনী বক্তৃতায় তিনি জোরেশোরে প্রধান অতিথির বক্তব্য খণ্ডন করে ঘোষণা করলেন যে, বাংলাদেশের সুশীল সমাজ এই উদ্যোগ চালিয়ে যাবে। এই কঠোর অবস্থানের ফলে আজও ‘এডুকেশন ওয়াচ’ একটি সফল কার্যক্রম হিসেবে তার যাত্রা অব্যাহত রেখেছে এবং বাংলাদেশে শিক্ষার উন্নয়নে অপরিসীম অবদান রাখছে।

আবেদ ভাইয়ের জ্ঞানভান্ডার নিয়ে অনেক লেখালেখি হয়েছে। তিনি ছিলেন একটি লিভিং এনসাইক্লোপিডিয়া। যেকোনো বিষয়ের ওপরই ছিল তাঁর অগাধ পাণ্ডিত্য। ২০১৩ সালে চিকিৎসা সাময়িকী ‘ল্যানসেট’ বাংলাদেশের ওপর একটি প্রকাশনা বের করে, যাতে বাংলাদেশ যে উন্নতি সাধন করেছে, তার ফিরিস্তি দেওয়া হয়। বিদেশে দেশের ভাবমূর্তি উন্নয়নে এই প্রকাশনা একটি বিশেষ ভূমিকা রাখতে পারে বিধায় আমরা বিশ্বের কয়েকটি দেশের রাজধানীতে যাই। এই উদ্দেশ্যে নরওয়ের অসলোতে গিয়ে পৌঁছলাম আমরা তিনজন-আবেদ ভাই, আব্বাস ভূঁইয়া ও আমি। নরওয়ের পররাষ্ট্র দপ্তরের এক বড় কর্মকর্তা আমাদের স্বাগত জানান। বিমানবন্দর থেকে হোটেলেরে যাচ্ছি। গাড়ি চালাচ্ছিলেন ওই কর্মকর্তা আর তাঁর পাশে বসা আবেদ ভাই। পেছনের



সিটে আমরা বাকি দুজন। গাড়ি চালাতে চালাতে নরওয়ের ভদ্রলোক অসলোর ইতিহাস নিয়ে কিছু বলা শুরু করলেন। সঙ্গেসঙ্গেই আবেদ ভাই যোগ দিলেন। বলতে লাগলেন নরওয়ে তথা সব নরডিক দেশের আদিকাল এবং কীভাবে যুদ্ধবিগ্রহ আর উন্নয়ন কর্মকাণ্ডের মাধ্যমে তারা বর্তমান পর্যায়ে এসে পৌঁছেছে। ভদ্রলোক তো থ! বললেন, 'স্যার আবেদ, আপনার এই গভীর জ্ঞানভান্ডার দেখে আমি মুগ্ধ! আপনার উচিত হবে আমাদের ইতিহাস বিষয়ে আরও লেকচার দেওয়া। নিজেদের সম্পর্কে আমার জ্ঞানের অপ্রতুলতা দেখে আমি খুবই লজ্জিত বোধ করছি।'

অক্টোবরের শেষের দিকে আবার দেখা হলো আবেদ ভাইয়ের সঙ্গে। ব্র্যাকের পরিচালক রেচেল কবির ও আমি ঢুকলাম তাঁর কক্ষে। ডিভানে শুয়েছিলেন। রোগটি তখন আন্তে আন্তে জেকে বসছে। চোখ বোজা অবস্থায় বসতে বললেন। তাঁকে বললাম যে ব্র্যাকের কৃষির ওপর লেখা নতুন বইটি প্রায় শেষ পর্যায়ে আছে এবং আমি আশা করছি, বইটি ডিসেম্বরের প্রথম সপ্তাহে তাঁর হাতে তুলে দিতে পারব। মনে হলো খুব খুশি হলেন। তারপর আমাকে বললেন, 'জব্বল তারিকের কথা জানো? জিব্রালটারের সেই 'রক' যা দেশটিকে তার শত্রুদের থেকে বছরের পর বছর নিরাপদ রেখেছিল? তুমি হলে ব্র্যাকের সেই 'রক'। তুমি সারাজীবন তোমার কাজের মাধ্যমে ব্র্যাকের ভাবমূর্তি বাইরের জগতে তুলে ধরেছ। ব্র্যাকের সম্মান রুদ্ধি করেছ। তোমরাই ব্র্যাককে এগিয়ে নিয়ে গেছ। জানি না আমি ব্র্যাকের জন্য কী করেছি।' এই শেষ কথাটি আমাকে ভীষণ নাড়া দিয়েছিল। আমি মূঢ় হয়ে গিয়েছিলাম। তারপর দেখলাম, উনি ঘুমিয়ে যাচ্ছেন। রেচেলকে বলে আন্তে আন্তে বের হয়ে এলাম।



সহকর্মীদের সঙ্গে কাজ নিয়ে আলোচনা

এরপর আরও একবার তাঁর সঙ্গে দেখা। ডিসেম্বরের ৪ তারিখ। কৃষি বিষয়ে ব্র্যাকের অবদানের ওপর লেখা বইয়ের মোড়ক উন্মোচনের দিন। মূল অনুষ্ঠানে আবেদ ভাইয়ের যোগদান সম্ভব নয়। তাই সবাই মিলে অ্যাপোলো হাসপাতালে গেলাম তাঁকে বইয়ের একটি কপি দিতে। তখন বেশিরভাগ সময় তিনি ঘুমিয়ে থাকতেন। হঠাৎ জেগে উঠলেন। পাশে বসা রেহানা মোর্শেদ জিজ্ঞেস করলেন, 'আবেদ ভাই, চিনতে পারছেন ইনি কে?' আমার দিকে তাকালেন এবং একগাল হেসে সঙ্গেসঙ্গেই বললেন, মোশ্তাক। আমি আরও এগিয়ে গেলাম এবং বললাম, আবেদ ভাই, আপনার জন্য এগ্রিকালচার বইয়ের একটি কপি নিয়ে এসেছি। তাঁকে বইটি দেখালাম। একনজর দেখলেন এবং

সঙ্গেসঙ্গে বলে উঠলেন 'ওয়ান্ডারফুল'। তারপরই আবার ঘুমিয়ে পড়লেন!

আবেদ ভাই চলে গেছেন। আমার যত ঋণ সবই ব্র্যাক এবং আবেদ ভাইয়ের কাছে। বিস্মৃত পরিসরে আবেদ ভাইয়ের সঙ্গে আমার চার দশকের কথা লেখার অভিপ্রায় রইল। আবেদ ভাই, আপনি ভালো থাকুন, শান্তিতে থাকুন।

লেখক: জাতিসংঘের খাদ্য কৃষি সংস্থার উপদেষ্টা ও ব্র্যাকের সাবেক ভাইস চেয়ারপারসন

# তোমার কীর্তির চেয়ে তুমি যে মহৎ ...

ইনাম আহমদ চৌধুরী

গত সেপ্টেম্বর মাসের ১২ তারিখ আকস্মিকভাবেই এক ব্যক্তিগত চিঠি পেলাম। প্রেরক স্যার ফজলে হাসান আবেদ কেসিএমজি। ব্র্যাকের প্রতিষ্ঠাতা এবং চেয়ার ইমেরিটাস। চিঠিটির বাংলা তর্জমা নিম্নরূপ :

‘প্রিয় ইনাম,

সম্প্রতি লন্ডনে আমার রোগ নির্ণয় হয়েছে গ্লায়োব্লাস্টোমা, ব্রেনের একটি ম্যালিগনেন্ট টিউমার। এর জন্য আমার আয়ুষ্কাল হয়ে দাঁড়িয়েছে আর কয়েক মাস মাত্র। আমি স্থির করেছি, কোনো সার্জারি করাব না। করালে হয়তো আমার জীবনকালের যৎসামান্য তারতম্য হবে; কিন্তু তা আমার বাঁচার যে অল্প কিছু দিন আছে, তার স্বাভাবিকত্ব অনভিপ্রেতভাবেই পাল্টাবে।

আমি এখন ‘ব্র্যাক গ্লোবাল’ সংগঠিত করছি, যাতে করে ‘ব্র্যাকের’ বিভিন্ন অংশকে সুসংহত রেখে দারিদ্র্য দূরীকরণ ও ক্ষমতায়নের চলমান কার্যক্রম পরিচালিত হতে পারে। আমার শারীরিক অবস্থার খবরটি তোমার নিজের মধ্যেই সীমিত রাখলে কৃতজ্ঞ থাকব।

ওয়ান্সেস্ট রিগার্ডস-আবেদ।’

চিঠিটা ছিল আমার কাছে বিনা মেঘে বজ্রপাতের মতো। ব্যক্ত অনুরোধ এবং পরবর্তী ফোনলাপের পরিপ্রেক্ষিতে এ নিয়ে কোনো উচ্চবাচ্য করিনি।

দুই-তিন মাস আগেই জেনেছিলাম যে, তাঁর শরীর ভালো নেই। ক্যান্সার শনাক্ত হলেও তো আজকাল রোগী বুঝে আধুনিক চিকিৎসার কল্যাণে কখনও-বা বেশ কিছুকাল বেঁচে থাকে। এ চিঠিটি সব আশা চূর্ণ করে দিল। তবে দেখলাম, অন্তিম মুহূর্তেও ব্র্যাকের চিন্তাভাবনাই তাঁর মনজুড়ে।

আবেদ আমার ছাত্র জীবনের বন্ধু। স্কুলজীবনে ওর সঙ্গে পরিচয় হয়েছিল। আর ঢাকা কলেজে ইন্টারমিডিয়েট পড়ার প্রায় প্রথম দিন থেকেই তাঁর সঙ্গে ঘনিষ্ঠ বন্ধুত্বের সূচনা। ঢাকা কলেজ ছাত্র সংসদ নির্বাচনে (১৯৫২-৫৩) জেনারেল সেক্রেটারির পদে নির্বাচনে প্রার্থী হয়ে আমি জিতেছিলাম। সেখানে পেয়েছিলাম তাঁর সক্রিয় সমর্থন। তবে তিনি রাজনীতি পরিহার করতেন। এমনকি ছাত্র রাজনীতিও বিষয়বৎ পরিত্যাজ্য। কিন্তু তিনি ছিলেন সমাজসচেতন এবং নীতিনিষ্ঠ। মনে আছে, ঢাকা কলেজে রাষ্ট্রভাষা সংগ্রাম ও শহীদ মিনার নির্মাণ সংক্রান্ত বিষয়ে আমার এবং আরও কয়েকজনের বহিষ্কারাদেশের বিরুদ্ধে যে ছাত্র আন্দোলন হয়েছিল, তাতে ছিল তাঁর বলিষ্ঠ অংশগ্রহণ। তিনি বলেছিলেন, আমি প্রতিবাদ জানাচ্ছি অন্যায়ে বিরুদ্ধে।

তখনও লক্ষ্য করতাম, তিনি ছিলেন নতুনত্বের সন্ধানী। আইএসসি পাসের সঙ্গে সঙ্গেই তিনি (এবং আরও দুই বন্ধু) চলে গেলেন গ্লাসগোতে নেভাল আর্কিটেকচার পড়তে। কিন্তু সেখানে কিছুদিন পড়াশোনার পর তাঁর মনে হলো, এখানে

অর্জিত জ্ঞান এ দেশের মানুষের কোনো কাজে লাগাতে পারবে না। শুনলে অবাক লাগে, কিন্তু এটাই তাঁর অধ্যয়নের বিষয় পরিবর্তনের কারণ। আর এ জন্যই লন্ডনেও ‘কস্ট অ্যাকাউন্ট্যান্সি ও ম্যানেজমেন্ট’ পড়ল। তারপর আন্তর্জাতিক শেল কোম্পানিতে ভালো চাকরি নিয়ে চট্টগ্রাম চলে এলেন। ’৭০-এর সাইক্লোন এবং ’৭১-এর মুক্তিযুদ্ধ তার জীবনের উদ্দেশ্য ও ধারাকে সম্পূর্ণ পাল্টে দিল। শেল-এর লোভনীয় চাকরি ছেড়ে তিনি লন্ডনে গিয়ে মুক্তিযুদ্ধের সহায়তায় অর্থ সংগ্রহ ও সমর্থন আদায়ের জন্য কয়েকজন সমমনাকে নিয়ে গঠন করলেন ‘অ্যাকশন বাংলাদেশ’। যুদ্ধান্তে ফিরে এলেন বাংলাদেশে। ’৭২-এর শুরুতেই সদ্য স্বাধীন দেশ ভারত প্রত্যগত শরণার্থীদের ত্রাণ ও পুনর্বাসনের জন্য তিনি বেসরকারি উদ্যোগের সূচনা করলেন। তার পরই কর্মপরিধি বাড়িয়ে বাংলাদেশের দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগণের বিভিন্নমুখী উন্নয়নের জন্য গড়ে তুললেন ‘বাংলাদেশ রুরাল অ্যাডভান্সমেন্ট কমিটি’ বা সংক্ষেপে ব্র্যাক। কার্যারম্ভের জন্য বেছে নিলেন সিলেটের প্রত্যন্ত অঞ্চলের দুটি থানা-দিরাই ও শাল্লা। ওটাই হলো তার নতুন ও চিরকালের ঠিকানা।

’৭২-এর জানুয়ারি-ফেব্রুয়ারি মাসে আমাদের ধানমন্ডির পৈতৃক নিবাস সুরমাতে তিনি একাধিক আলোচনা সভা করেন। তখন তাঁর সহকর্মী হিসেবে ছিলেন ব্যারিস্টার ভিকারুল ইসলাম চৌধুরী ও (প্রয়াত) চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট সৈয়দ

ফজলে আলী। প্রয়াত ফারুক চৌধুরী (আমার বড়ভাই) তখন পররাষ্ট্র মন্ত্রণালয়ের চিফ অব প্রটোকল এবং একজন প্রধান কর্মকর্তা। তিনিও ছিলেন আবেদের সুহৃদ বন্ধু এবং পরবর্তীকালে সহকারী। বিদেশীদের সঙ্গে যোগাযোগে তিনি সহায়তা করতেন। আমি ছিলাম বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্ম সচিব। সব 'এসেনশিয়াল সাপ্লাই' তখন সরকারি নিয়ন্ত্রণে। ব্র্যাকের কার্যক্রম সরবরাহে সহযোগিতা বিশেষ প্রয়োজনীয় ছিল, যা আমার পক্ষে করা সহজসাধ্য ছিল। আমার ভগ্নিপতি লে. কর্নেল এসএ হাই '৭১-এর ৩০ মার্চ শহীদ হয়েছিলেন। বোন শহীদজায়া নাসিম যোগ দিলেন ব্র্যাকের সূচনার প্রথম লগ্নে। ওখানে ছিলেন বছর দুই। প্রথমে চার-পাঁচজন নিয়েই ব্র্যাকের যাত্রা শুরু হলো। আর আজ? লাখ লাখ কর্মী ও অংশগ্রহণকারী নিয়ে বিশ্বের ১২টি দেশের কোটি কোটি মানুষের বিভিন্নমুখী সেবায় নিয়োজিত ব্র্যাক পৃথিবীর সর্বকালের সর্ববৃহৎ এনজিও। এটা বলতে কোনো দ্বিধা নেই যে, এটা সম্ভব হয়েছিল একজন মানুষের বিরাট স্বপ্ন, মহান কল্পনা, অবিচল আদর্শ, নিষ্ঠা ও কঠোর বাস্তবায়নের মাধ্যমে। তারই কল্যাণে পরবর্তীকালে বাংলাদেশ শুধু একটি দানগ্রহীতা দেশ থেকে সহযোগিতা প্রদানকারী দেশ হিসেবে ভূমিকা পালন করার সুযোগ পেল।

আমার কাছে মনে হয় 'ক্ষণজন্মা' শব্দটির যথার্থ প্রয়োগ ফজলে হাসান আবেদের বেলায় সত্যিই খাঁটি। তাঁর মহাপ্রয়াণে বিশ্বের একটি অন্যতম উজ্জ্বল বাতি নিভে গেল। কিন্তু তাঁর আলোকের

রেশ থেকে যাবে। আবেদের বিরাট আরেকটি কৃতিত্ব ব্র্যাকের কর্মধারা ও চিন্তপ্রবাহ অব্যাহত রাখার সুব্যবস্থা তিনি করে যেতে পেরেছেন। সেই কৈশোর থেকে, জীবনের দীর্ঘ পথচলায় তাকে যতই দেখেছি, পশ্চাৎ চিন্তায় আজ মনে হয়, ততই তাঁর গুণাবলি উন্মোচিত হয়েছে-সপ্রশংস বিবেচনায় তাঁকে নতুন মহানরূপে অবলোকন করেছি।

সেই কলেজ জীবনে তার অনুসৃত অরাজনৈতিক অবস্থানে থেকে অন্যায়ের প্রতিবাদে তিনি সোচ্চার হতে দ্বিধা করেননি। দেশের মানুষের কাজে আসতে পারবে না জেনে স্কলারশিপে অনুসৃত অধ্যয়নের বিষয় ছেড়ে অনিশ্চয়তার মধ্যেও নতুন একটি বিষয় নিয়ে সংগ্রামী জীবনের চ্যালেঞ্জ গ্রহণ করা, যুদ্ধবিধ্বস্ত দেশে এসে মুক্তিযোদ্ধা হিসেবে কোনো সুবিধা আদায়ের চেষ্টা না করে আত্মমানবতার কল্যাণে নিঃস্বার্থভাবে আত্মনিয়োগ করার চেয়ে ব্যতিক্রমী আর কী হতে পারে? সত্তরের দশকে যখন মধ্যবিত্ত বাঙালি প্রায়ই বিদেশ যেতে আগ্রহী ছিল সুখী নিরাপদ জীবনের অন্বেষণে, তখন আবেদ এলেন সমস্যা-আকীর্ণ বাংলাদেশের হতদরিদ্র দুস্থ মানুষের কাছে আশার বাণী ও সহায়তার হাত বাড়িয়ে। সম্ভবত ১৫ হাজার পাউন্ডে লন্ডনের নিজের অ্যাপার্টমেন্ট বিক্রি করে জোগালেন ব্র্যাকের 'সিড মানি'; গৃহহীনের জন্য আবাস নির্মাণের প্রকল্প বাস্তবায়নে যা ব্যয়িত হলো।

ব্র্যাকের সঙ্গে কোনো প্রত্যক্ষ যোগাযোগ বা সম্পর্ক

আমার ছিল না। তবুও বন্ধুত্বের নৈকট্যে এবং পারিবারিক সংশ্লিষ্টতায় তাঁর সঙ্গে মাঝেমাঝে আলোচনা হতো প্রায়ই উন্নয়ন-সংক্রান্ত বিষয়ে। জীবিকার অন্বেষণে দেশে ও আন্তর্জাতিক পরিমণ্ডলে আমারও বিচরণ ক্ষেত্র ছিল মুখ্যত উন্নয়ন কর্মকাণ্ডে। সব আলোচনায়ই লক্ষ্য করতাম, আবেদ ব্র্যাক ধ্যান-ধারণা থেকে মোটেই বিচ্যুত হতেন না। সবসময়ই তাঁর ভাবনায় থাকত-আরও ভালো কী করে করা যায়? আর নতুন কী উপায় আছে মানুষকে দারিদ্র্যের বৃত্ত থেকে উঠিয়ে নিয়ে আসার?

উন্নয়ন বলতে আবেদ বোঝাতেন সামগ্রিক উন্নয়ন। এখানে রয়েছে অর্থ উপার্জন, খাদ্য উৎপাদন, শিক্ষার প্রসার, বাসস্থানের ব্যবস্থা, স্বাস্থ্য সংরক্ষণ, পরিবার পরিকল্পনা, সামাজিক মূল্যবোধ গড়ে তোলা, নারী শিক্ষা, নারীর ক্ষমতায়ন, সমাজ সচেতনতা, মুক্ত চিন্তা। অর্থাৎ একটা সমাজের ভালোভাবে বেঁচে থাকার সবকিছু উপকরণ। একদম হতদরিদ্রের প্রয়োজন প্রথমেই জীবন সংস্থান। সেখানে তার প্রয়োজন ক্ষুদ্রঋণ। কিন্তু আর্থিক সঙ্গতি অর্জনের জন্যই অন্য সবকিছুরই প্রয়োজন। তা ছাড়া সমাজে বিভিন্ন স্তরের মানুষ রয়েছে, তাদের প্রয়োজন ভিন্ন। তাই ক্ষুদ্রঋণের ব্যবস্থার সঙ্গেসঙ্গে কিছুটা সম্পন্ন ও মধ্যবিত্ত বিনিয়োগকারীদের কথা মনে করে গড়ে তুললেন ব্র্যাক ব্যাংক। অর্থনৈতিক লেনদেনে 'বিকাশ'। বাসস্থানের জন্য ডেলটা ব্র্যাক হাউজিং। উচ্চশিক্ষা ও গবেষণার্থী কার্যক্রমের



জন্য ব্র্যাক বিশ্ববিদ্যালয়। কুটির শিল্প ও তাকে ভিত্তি করে দেশি ও গ্রামীণ শিল্পকলার বিকাশে মধ্যবিত্ত সমাজের প্রয়োজন পূরণে ‘আড়ং’। তা ছাড়া ব্র্যাক ডেইরি, ব্র্যাক নার্সারি, ব্র্যাক প্রিন্টার্স, ব্র্যাক স্যানিটারি ন্যাপকিন ও ডেলিভারি কিট, ব্র্যাক সিড-আরও কত কি! আনন্দঘন পরিবেশে অনানুষ্ঠানিক বিদ্যাশিক্ষা, ব্র্যাক স্কুল-তা পৃথিবীর শিক্ষা বিস্তারের ক্ষেত্রে এক অনন্যসাধারণ সংযোজন। আবেদের অধিকাংশ উদ্যোগে লিঙ্গ বৈষম্য দূরীকরণ এবং নারীর ক্ষমতায়নে অত্যন্ত বলিষ্ঠ উপস্থিতি, বিশেষ করে সমাজে নারী-পুরুষের ক্ষমতা অর্জন, নারী শিক্ষা ও নারীকে যথোপযুক্ত মর্যাদাদানকে সার্বিক উন্নয়নের চাবি হিসেবেই গণ্য করতেন। এমনকি মানবাধিকার প্রতিষ্ঠা, অসহায়দের আইনি সহায়তা প্রদান, কমিউনিটি ক্ষমতায়ন, কৃষি ও খাদ্য নিরাপত্তা, জলবায়ু পরিবর্তনের মোকাবিলায় যথোপযুক্ত প্রযুক্তি, দক্ষতা উন্নয়ন, পানি ও পয়োগনিষ্কাশন-সব ক্ষেত্রেই রয়েছে ব্র্যাকের উদ্ভাবনী কার্যক্রম এবং ফলপ্রসূ পদচারণা।

এত বিরাট ও মহান ছিল তাঁর চিন্তা-ধারণা, কার্যক্রম। অথচ ব্যক্তিগত জীবনে আবেদ ছিলেন সম্পূর্ণ নিরহঙ্কার, নির্মোহ, অতীব বিনয়ী, সজ্জন ও একজন সামাজিক ব্যক্তি। বহু বিদেশি রাষ্ট্রদূত আমাকে বলেছেন, বাংলাদেশে তাদের অভিজ্ঞতার সুন্দরতম এবং মহত্তম অংশ হচ্ছে ব্র্যাকের কার্যক্রমের সঙ্গে তাদের পরিচিতি। আশ্চর্য, সব ক্ষেত্রেই যেন আবেদ ছিলেন অদ্বিতীয়; এমনকি সামাজিকতায়ও। প্রত্যেক বসন্তে ব্র্যাকের সাভার কেন্দ্রে বা কোনো উপযুক্ত স্থানে তিনি অনুষ্ঠান করতেন দিনব্যাপী এক সামাজিক মিলন মেলায়। দেশি-বিদেশি ব্র্যাকের শুভাখীরা জড়ো হতেন



আপ্যায়নের মাধ্যমে এক আনন্দঘন পরিবেশে। তা হচ্ছে ব্র্যাকের প্রতি সবার সপ্রশংস অনুরক্তি। আলোচনা, সমালোচনাও হতো। আবেদ চিন্তা করতেন, উদ্ভাবন করতেন; কিন্তু যথাসম্ভব আলোচনা ও পুঞ্জানুপুঞ্জ বিবেচনা করেই সিদ্ধান্ত নিতেন। আশা করি, ব্র্যাকের এই বার্ষিক অনুষ্ঠান চালু থাকবে-যেমন চালু থাকবে ব্র্যাকের শতমুখী কর্মকাণ্ড।

প্রয়াত ফারুক চৌধুরী, যিনি সুহৃদ হওয়া ছাড়াও দীর্ঘকাল ব্র্যাকের সক্রিয় উপদেষ্টা এবং এর বিভিন্ন কর্মকাণ্ডের সঙ্গে প্রত্যক্ষভাবে জড়িত ছিলেন। ব্র্যাকবিষয়ক রচিত বইতে তিনি উল্লেখ করেছেন-

আবেদের নেতৃত্বই ব্র্যাকের সামগ্রিক সাফল্যগাথার মর্মকথা। এর অঙ্কুর থেকে মহিরুহ হয়ে ওঠার যে চমকপ্রদ উপাখ্যান, সেখানে তাঁর ভূমিকা এক ও অদ্বিতীয়।

আবেদ যেসব আন্তর্জাতিক স্বীকৃতি ও সম্মান পেয়েছেন-আমার মনে হয় না পৃথিবীতে এত বেশি, এত ব্যাপক এবং এত উঁচু মানের প্রাপ্তি কেউ জীবদ্দশায় পেয়েছেন। বিভিন্ন পুরস্কার ও সম্মাননার মধ্যে তিনি পেয়েছেন র্যামন ম্যাগসেসে অ্যাওয়ার্ড, স্বাধীনতা পুরস্কার, দারিদ্র্য বিমোচনে অসামান্য অবদানের জন্য যুক্তরাজ্য থেকে নাইটহুড, শিক্ষায় অবদানের জন্য উচ্চতম ইদান পুরস্কার

ও স্বর্ণপদক, নেদারল্যান্ডস থেকে তাদের সর্বোচ্চ রাজকীয় সম্মান নাইটহুড, লিও টলস্টয় পুরস্কার, ওয়াইজ প্রাইজ অব এডুকেশন, স্প্যানিশ অর্ডার অব সিভিল মেরিট, বিশ্ব খাদ্য কর্মসূচি পুরস্কার সিঙ্গাপুর থেকে। এবার অর্থনীতিতে যারা নোবেল পুরস্কার পেয়েছেন তার মধ্যে অভিজিৎ ব্যানার্জির নোবেল পুরস্কৃত থিসিস ব্র্যাকের প্রজেক্টের ওপরই গবেষণাভিত্তিক ছিল।

আমি তাঁকে একাধিকবার বলেছিলাম-দেখা হলেই তোমাকে আমি অভিনন্দন জানাই এ জন্য যে, তোমার প্রাপ্তির 'ট্র্যাক' রাখা দুষ্কর। হরহামেশাই তো পাচ্ছ। তিনি হেসে বলেছিলেন-'এর মানে আমাদের উন্নয়ন ঘটছে। এ অভিনন্দন সবারই প্রাপ্য।'

আবেদন সবসময়ই বলতেন, মানুষ যে তার আপন চেষ্টিয় তার ভাগ্য পরিবর্তন করতে পারে, সে উপলব্ধি অনেকেরই নেই। যখনই তা সে বুঝতে পারে, তখনই একটি বাতি প্রজ্জ্বলিত হলো। আবেদের প্রয়াণে দেশি-বিদেশি শ্রেষ্ঠ ব্যক্তির যে শ্রদ্ধাঞ্জলি দিয়েছেন, তা অভূতপূর্ব। প্রধানমন্ত্রী শেখ হাসিনা মুক্তিযোদ্ধা ফজলে হাসান আবেদের অতীব গুরুত্বপূর্ণ অবদানের কথা এবং নতুন বাংলাদেশ পুনর্গঠনে তাঁর ভূমিকার কথা স্মরণ করে বলেছেন-এমন একজন মহান মানবতাবাদীর প্রস্থান জাতির জন্য অপূরণীয় ক্ষতি। যুক্তরাষ্ট্রের ভূতপূর্ব প্রেসিডেন্ট ক্লিনটন বলেছেন, 'স্যার ফজলের জীবন ছিল মানবতার জন্য এক মহান আশীর্বাদ। এই স্বপ্নদ্রষ্টার ৫০ বছরের নেতৃত্ব বাংলাদেশ এবং বহির্বিশ্বের লাখো কোটি মানুষের জীবন পাল্টে দিয়েছে। উন্নয়ন সম্পর্কে বিশ্ববাসীর ধারণাকে তিনি করেছেন পরিবর্তিত।' বিল ও মেলিন্ডা গেটস

বলেছেন, 'আমরা ও সারাবিশ্ব তাঁর কর্ম থেকে অনুপ্রেরণা পাই।' নোবেল বিজয়ী অধ্যাপক ইউনুস বলেছেন-আবেদকে বিদায় জানানো সম্ভব নয়। সে তো আমাদের চিরসাথি হয়ে থাকবে। সে যে বাংলাদেশ বানিয়ে দিয়ে গেছে, তার বুনিয়েদের ওপর ভর করে কাক্ষিত বাংলাদেশ গড়ার দায়িত্ব নেওয়া পরবর্তী প্রজন্মের জন্য সহজ হলো।

ফজলে হাসান আবেদ সংগীতপ্রেমী ছিলেন। তাঁর প্রিয় গান ছিল 'তুমি রবে নীরবে' এবং তাঁর প্রিয় কবিতা ছিল রবীন্দ্রনাথের 'শা-জাহান'। এত সামাজিকতার মাঝেও ব্যক্তিগত জীবনে তিনি ছিলেন নিভৃতচারী, প্রচারবিমুখ। ঢাকঢোল না পিটিয়ে আপন উদ্দিষ্ট সাধনে ছিলেন নিবেদিতপ্রাণ। শাহজাহান তাঁর প্রিয়তমা স্ত্রীর স্মৃতি রক্ষার্থে এমন একটি কালজয়ী সৌধ নির্মাণ করেছিলেন, যা ছিল 'কালের কপোলতলে শুভ সমুজ্জ্বল/এ তাজমহল'। সম্রাট জানতেন, 'কালস্রোতে ভেসে যায় জীবন-যৌবন ধন মান'। তাই তিনি তাঁর 'অন্তর বেদনা'কে চিরস্থায়ী করার মানসে এমন একটি কীর্তি তৈরি করলেন, যা 'তুচ্ছ করি রাজ্য-ভাঙাগড়া, তুচ্ছ করি জীবনমৃত্যুর ওঠাপড়া', যুগ যুগান্তরে কালজয়ী হয়ে বেঁচে থাকবে। মানুষের প্রতি আবেদের ভালোবাসা ও মর্যাদাবোধ এবং মানব জীবনের মানোন্নয়নে তাঁর দৃঢ়চেতা সংকল্পের বাস্তবায়নের সার্থক প্রচেষ্টাকে তিনি একটি চিরস্থায়ী কাঠামোতে সংরক্ষিত করে গেলেন, যার কার্যক্রম থাকবে অব্যাহত। আর সেটাই হলো ব্র্যাক। আবেদের জীবনে তাঁর প্রিয় শাহজাহানের স্বপ্নের প্রতিফলন, স্বপ্নদ্রষ্টা আবেদের নিজস্ব রূপকল্পে ইস্তেকালের আগেই তিনি আলাপ-আলোচনা ও বিবেচনা করে তাঁর উত্তরসূরি নির্ধারণ করে গেছেন। ব্র্যাক তাই আজ আর থমকে দাঁড়াবে না। ব্র্যাকের

অগণিত কর্মী তাই এক বাক্যে বলেছেন, বলতে পেরেছেন-৪৭ বছর ধরে দারিদ্র্য আর বৈষম্যের বিরুদ্ধে অবিরাম যে লড়াই আপনি চালিয়ে গেছেন, তা এখন আমাদের এগিয়ে নেওয়ার পালা। আমাদের বুকে আত্মবিশ্বাসের বীজ বুনে দিয়েছেন আপনি। মানুষের ভেতরের সুপ্ত সম্ভাবনাকে চিনতে শিখেছি আমরা। সমতাপূর্ণ পৃথিবী গড়ে তোলার দায়িত্ব এখন আমাদের কাঁধে। ব্র্যাকই আবেদের তাজমহল।

আবেদের তিরোধানে শোকাহত হয়েছেন দেশ-বিদেশের অগণিত মানুষ। ঢাকায় তার জানাজায় নেমেছিল মানুষের ঢল। দলমত নির্বিশেষে সব রাজনৈতিক দলের, সব মতাদর্শের নেতাকর্মী, সব শ্রেণির মানুষের হৃদয় নিংড়ানো শ্রদ্ধাঞ্জলি তিনি পেয়েছেন। অভূতপূর্ব ছিল এই সমাবেশ।

বিশ্লেষণ করলে দেখা যায়-মানব উন্নয়নের জন্য অপরিহার্য যেসব ক্ষেত্রে তিনি অবদান রেখেছেন- শিক্ষা, কৃষি, জনস্বাস্থ্য, আর্থিক সঙ্গতি অর্জন, কমিউনিটি ক্ষমতায়ন-সব বিষয়েই তিনি পেয়েছেন সর্বোচ্চ আন্তর্জাতিক স্বীকৃতি ও সম্মাননা। বিচিত্র ও ভিন্ন ভিন্ন উদ্যোগ ও প্রচেষ্টায় এ ধরনের বিরাট সাফল্য কেউ পেয়েছেন বলে আমার জানা নেই। তাঁর সৃষ্ট প্রজেক্ট বা কর্মসূচির সমাপ্তি হতে পারে; তবে এটা সত্যি যে, তাঁর সার্থক কর্ম প্রচেষ্টার বাণী ধ্বনিত হতে থাকবে। আর তার মাধ্যমেই আবেদ বেঁচে থাকবেন চিরকাল বঞ্চিত সংগ্রামী মানুষের, নির্যাতিত নারীর, উন্নয়নপ্রত্যাশী জনগণের চিরসাথি হয়ে।

লেখক: সাবেক সচিব; ফজলে হাসান আবেদের বাল্যবন্ধু

# আবেদ ভাইয়ের উন্নয়ন ভাবনার ভিত্তি ছিল মুক্তিযুদ্ধ

আফসান চৌধুরী

স্যার ফজলে হাসান আবেদ। মুক্তিযুদ্ধের যে আদর্শ ও বিশ্বাসের কথা আমরা বারবার বলি তিনি সেটাকে বাস্তবে রূপ দিতে পেরেছিলেন। এটা খুব বড় একটা জিনিস। মুক্তিযুদ্ধে আমরা যে জিতেছি তার কারণ হলো গ্রামের মানুষের সঙ্গে মধ্যবিত্ত কিংবা ওপর তলার মানুষের একটি যোগ ছিল।

আবেদভাই কাজ শুরু করেছিলেন ১৯৭১ সাল থেকে। তাঁকে নিয়ে কিছু বলতে গেলে মুক্তিযুদ্ধের পটভূমিটা যদি না বলা হয়, তবে কিছুতেই আবেদ ভাইকে বোঝা সম্ভব হবে না। ১৯৭০ সালে বাংলাদেশে যে ঘূর্ণিঝড় হয়েছিল, সেই সময় তিনি পুনর্বাসন ও সহায়তা কার্যক্রমে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছিলেন। এই ঘটনাটি তাঁকে সাধারণ মানুষের জন্য কাজ করতে আগ্রহী করে তুলেছিল। আবেদ ভাইয়ের বড় গুণ হলো তিনি অতি সহজেই সব মানুষের সঙ্গে মিশে যেতে পারেন।

১৯৭১ সালের ২৫শে মার্চ রাতে তিনি চাকরি সূত্রে চট্টগ্রামে ছিলেন। সে সময় মুক্তিযুদ্ধের পক্ষে যেসব কর্মকাণ্ড ঘটেছিল, তার সঙ্গে তিনি জড়িত ছিলেন। তিনি মুক্তিযোদ্ধা ছিলেন। করাচি পোর্ট উড়িয়ে দেওয়ার জন্য টাকা সংগ্রহ করে ভারতের আগরতলায় গিয়েছিলেন তাজউদ্দীন আহমদের কাছ থেকে অনুমতি নেওয়ার জন্য। তাজউদ্দীন আহমদ সব শুনে তাঁকে বলেছিলেন, আপনারা কত টাকা সংগ্রহ করেছেন? আবেদভাই টাকার অঙ্ক উল্লেখ করার পরে তিনি বললেন, আমি তো মুজিবনগর সরকারের কর্মচারীদের বেতন দিতে পারছি না। আপনাদের সংগৃহীত অর্থ পেলে খুব ভালো হতো। তিনি সঙ্গেসঙ্গে সংগৃহীত অর্থ

দিয়ে দেন। মুক্তিযুদ্ধের সঙ্গে তিনি এতটাই ঘনিষ্ঠ ছিলেন।

দেশ স্বাধীন হওয়ার পরে তিনি ভাবছিলেন, যে মানুষগুলোর একসময় সবকিছু ছিল, আজ তাদের কিছুই নেই! এক মুহূর্তের মধ্যে তাদের সবকিছু চলে গেছে! তিনি ভাবলেন ক্যারিয়ার, বিত্ত, বৈভব ও খ্যাতির পেছনে দৌড়ে কী লাভ? তিনি শেল অয়েল কোম্পানিতে বড় চাকরি করতেন। কিন্তু সেই চাকরি ছেড়ে দিয়ে তিনি বিদেশ থেকে দেশে ফিরে এলেন। এরপর সুনামগঞ্জের শাল্লায় গিয়ে শরণার্থীদের দেশে ফিরে আসা প্রত্যক্ষ করেছিলেন। বহুতপক্ষে তখনই ব্য্রাক-এর জন্ম হলো।

আবেদভাই কর্মক্ষেত্রে এসে গ্রামের মানুষের সঙ্গে জোট বেঁধেছিলেন এবং সে কারণে তিনি সফল হয়েছিলেন। গ্রামের মানুষের প্রতি তাঁর যে আস্থা ছিল, খুব কম মানুষের মধ্যে সেটা ছিল। তিনি বলেছেন, গ্রামের মানুষ তাকে যা শিখিয়েছে সেটিই ঠিক। তাঁর জীবনে গ্রামের মানুষের প্রভাব একাধিকবার পড়েছে। গ্রামের মানুষের সঙ্গে মধ্যবিত্ত শ্রেণি অংশীদারত্ব করেছে। এই অংশীদারত্বের ভিত্তিতে বাংলাদেশে মুক্তিযুদ্ধ হয়েছে। গ্রাম ছাড়া বাংলাদেশ স্বাধীন হতো না। একান্তর হলো গ্রামের ইতিহাস।

আবেদ ভাইয়ের উন্নয়ন মডেল আর বাংলাদেশের মুক্তিযুদ্ধের মডেল একই। তার সঙ্গে যুক্ত হয়েছে শহরের মধ্যবিত্ত শ্রেণির মানুষ। ব্য্রাকের মডেলও তা-ই। শহরের মানুষ গ্রামে কাজ করেছে ঠিকই,

কিন্তু শক্তি এসেছে গ্রাম থেকে। তিনি গ্রামের মানুষ ছিলেন না। কিন্তু তিনি মনে করতেন, গ্রামের শক্তিগুলোকে খুলে দিতে হবে। এটিই ছিল তাঁর ভাবনা। আবেদভাই পশ্চিমা দার্শনিকের চেয়ে বাংলাদেশের কৃষকের কাছ থেকে অনেক বেশি শিখেছেন।

একবার এক সাক্ষাৎকারে আমি বলেছিলাম, বাংলাদেশের অতি দারিদ্র্য বিমোচনে প্রধান ভূমিকা পালন করেছে নারী। আবেদভাই সেটি পড়েছিলেন। যখন তাঁর সঙ্গে দেখা হলো তখন সাক্ষাৎকারের প্রসঙ্গ উল্লেখ করে তিনি বললেন, তুমি ঠিকই বলেছ। এ দেশে নারী ভূমিকা পালন না করলে অতিদারিদ্র্য কোনোদিনই কমত না। আবেদ ভাইকে তখন জিজ্ঞাসা করেছিলাম, আপনি অনেক কাজ করেছেন। কিন্তু কোন কাজটিকে সবচেয়ে সফল কাজ বলে মনে করেন? তিনি বলেছিলেন, অতিদারিদ্র্য বিমোচন।

আবেদভাই সবার কাছে সমাজকর্মী হিসেবে পরিচিত, কিন্তু তিনি রাজনীতিভাবাপন্ন মানুষও ছিলেন। ১৯৭১ সালের আগেই বাংলাদেশের স্বাধীনতার পক্ষে বিলেতের যে গোষ্ঠীটি কাজ করেছিল, তিনি তাদের সঙ্গে সক্রিয়ভাবে যুক্ত ছিলেন। এ ছাড়া তিনি বামপন্থী রাজনীতির সঙ্গে যুক্ত হন। তিনি গ্রেট ব্রিটেনের কমিউনিস্ট পার্টিতে কিছুদিন সক্রিয় ছিলেন। তিনি একদিন বলছিলেন, এরা কথা বলে বেশি কাজ করে কম। কাজ না করা মানুষের প্রতি তাঁর আগ্রহ ছিল কম।

তিনি শুরু করেছিলেন পশ্চিমাদের মতো বয়স্কদের



শিক্ষা দিয়ে। পরবর্তী সময়ে তিনি উপলব্ধি করলেন যে, বয়স্কদের শিক্ষা দিয়ে কোনো লাভ হয় না। তারা শিখতেও সময় নেয়। কিন্তু শিশুদের শেখাবে কে? তখন তিনি ব্র্যাকের শিক্ষা কার্যক্রম শুরু করলেন। এটি ছিল আবেদ ভাইয়ের সবচেয়ে প্রিয় কর্মসূচি। আবেদভাই সব কাজ করছেন, কিন্তু পেছনে তাঁর মূল্য উদ্দেশ্যে সবার জন্য শিক্ষা নিশ্চিত করতে হবে। এ কারণে সারা বিশ্বে শিক্ষাক্ষেত্রে ব্র্যাকের অবদানের স্বীকৃতি সবচেয়ে বেশি এসেছে।

আমি মনে করি, আবেদ ভাইয়ের সবচেয়ে বড় শক্তি হলো তিনি নতুন নতুন স্বপ্ন দেখতে পারতেন। শুধু স্বপ্ন দেখেই তিনি থেমে থাকেন নি, বরং তাকে বাস্তবেও রূপ দিয়েছিলেন। ব্র্যাকের শিক্ষা কর্মসূচির কথাই ধরুন। সারাবিশ্ব ব্র্যাকের শিক্ষা কার্যক্রমকে মডেল হিসেবে গ্রহণ করেছে। দারুণ বাস্তববাদী মানুষ। কিন্তু সারাক্ষণ স্বপ্ন দেখছেন! এ স্বপ্নই তাঁকে এগিয়ে যেতে সাহস জুগিয়েছে। আবেদ ভাইয়ের মতো আবেগহীনভাবে সবকিছু করার মতো লোক সমাজে খুব কমই রয়েছে। খ্যাতি ও যশের জন্য কখনই তিনি আগ্রহী ছিলেন না। বস্তুতপক্ষে এমন একজন মানুষ, যার খ্যাতি ও স্বীকৃতির প্রতি কোনো মোহ ছিল না।

আবেদভাই অনেক আগেই বুঝতে পেরেছিলেন যে, দাতাদের ওপর নির্ভরশীল হয়ে থাকলে এগোনো যাবে না। সেজন্য তিনি সামাজিক বাণিজ্যিক কার্যক্রমের দিকে মনোযোগ দিয়েছিলেন। গ্রামের মানুষের প্রয়োজনেই এসব কার্যক্রম শুরু হয়েছিল।



শরণার্থীদের ঘরে ফেরা

মুরগির খামার, গবাদিপশু পালন, হিমাগার, আয়োডিনযুক্ত লবণ, শিক্ষা, স্বাস্থ্য প্রতিটি কার্যক্রম গ্রামের মানুষের চাহিদার কথা বিবেচনায় নিয়ে করেছিলেন। কৃষি কার্যক্রম চালাতে গিয়ে যখন প্রয়োজন হয়েছে তখন আরেকটি নতুন সামাজিক উদ্যোগ চালু করেছেন। ‘আড়ং’ প্রতিষ্ঠা করেছিলেন একই উদ্দেশ্যে। গ্রামের মেয়েরা যেসব কাজ করছে, সেগুলো বিক্রি করার জন্য একটি জায়গার দরকার ছিল। তাদের চাহিদা মেটানোর জন্যই ‘আড়ং’ তৈরি হয়েছিল।

বাংলাদেশে কয়টা মানুষের এ রকম সফল জীবন রয়েছে? আমাদের দেশে যত মানুষ জন্মেছে, তার মধ্যে আবেদভাই ছাড়া এত অর্জন আর ক’জনের

রয়েছে? নিরলস ও নিরহংকারভাবে সারাজীবন কাজের জন্য আর কে ব্যয় করেছে? আবেদভাই অনেক কিছুই করতে পারতেন, কিন্তু কাজ ছাড়া তিনি আর কিছুই করেন নি। বাংলাদেশের যদি কোনো রোল মডেল থাকেন, আমি মনে করি তিনি আবেদভাই। তাঁর অসম্ভব একটা সফল জীবন। কী বিশাল অর্জন! সবাই ক্ষমতা চায়, অন্য কিছু হতে চায়। নিজের কাজের, প্রতিষ্ঠানের বাইরে গিয়ে বড় কিছু হতে চায়। কিন্তু আবেদভাই কোনোদিনই তা চাননি। এখানেই তিনি স্বতন্ত্র।

লেখক: সাবেক ব্র্যাক কর্মী, গবেষক, ইতিহাসবিদ ও সাংবাদিক

# একজন যোদ্ধার মৃত্যু

আব্দুল বায়েস

‘ যখন পড়বে না মোর পায়ের চিহ্ন এই বাটে,  
আমি বাইব না মোর খেয়াতরী এই ঘাটে,  
চুকিয়ে দেব বেচা কেনা,  
মিটিয়ে দেব গো, মিটিয়ে দেব লেনা দেনা,  
বন্ধ হবে আনাগোনা এই হাটে-  
তখন আমায় নাইবা মনে রাখলে,  
তারার পানে চেয়ে চেয়ে নাইবা আমায় ডাকলে।’

আজ একজন যোদ্ধা আমাদের ছেড়ে চলে গেলেন পরপারে। মনে পড়ে, বছরখানেক আগে দেখা হলে জিজ্ঞেস করেছিলাম, কেমন আছেন ভাই? সেই চিরচেনা স্মিতহাস্যে উত্তর দিয়েছিলেন, ‘এক্সটেনশনে আছি, বুঝতেই তো পারছেন প্রফেসর সাহেব।’ তিনি আমাকে প্রফেসর সাহেব বলেই সম্বোধন করতেন।

তিনি হচ্ছেন ব্র্যাকের প্রতিষ্ঠাতা। প্রকৃত অর্থে স্যার আবেদ একজন যোদ্ধা ছিলেন। মুক্তিযুদ্ধে সরাসরি অংশগ্রহণ করে তিনি একজন বীর মুক্তিযোদ্ধা; স্বাধীনতা-উত্তর সময়ে ব্র্যাক প্রতিষ্ঠানের মাধ্যমে দারিদ্র্যের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছেন এবং বিভিন্ন আর্থ-সামাজিক ও রাজনৈতিক ব্যাধি ও বৈষম্যের বিরুদ্ধে, বিশেষত নারী নির্যাতনের বিরুদ্ধে তাঁর চলমান যুদ্ধের কথা সবার জানা। সমাজে অন্যের আবেগ ও অনুভূতির প্রতি শ্রদ্ধাশীল না হওয়া বা ‘এমপেথি’র প্রকট অভাব ও নারীর প্রতি অমানবিক আচরণ তাঁকে অপরিসীম কষ্ট দেয়। সেই সূত্রে ‘এমপেথি’ ও নারীর পক্ষে তাঁর যুদ্ধবন্দেহ অবস্থান কারো অজানা নয়।

যোদ্ধা ফজলে হাসান আবেদ ১৯৩৬ সালের ২৭

এপ্রিল হবিগঞ্জ জেলার বানিয়াচংয়ে একটি শিক্ষিত, সচ্ছল ও সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। মা সৈয়দা সুফিয়া খাতুন ও বাবা সিদ্দিক হাসান। ছোটবেলা থেকে তুখোড় ও তীক্ষ্ণ বুদ্ধিসম্পন্ন আবেদ পাবনা জিলা স্কুল ও ঢাকা কলেজ থেকে অত্যন্ত কৃতিত্বের সঙ্গে পাস করে মাত্র ১৮ বছর বয়সে উচ্চশিক্ষার জন্য বিদেশ গমন করেন। সম্ভবত প্রথাগত পথ ও পদ্ধতি সব সময় তাঁর পছন্দ নয় বলে ১৯৫৪ সালে গ্লাসগো বিশ্ববিদ্যালয়ে অজানা-অচেনা নেভাল আর্কিটেকচারে ভর্তি হলেন। অনেক পরীক্ষা-নিরীক্ষা ও পড়াশোনা শেষে ষাটের দশকে বাংলাদেশ তথা তৎকালীন পূর্ব পাকিস্তানে বিশ্ববিখ্যাত বহুজাতিক শেল অয়েল কোম্পানির চাকরিতে যোগ দেন। মোটা বেতন, পয়মস্ত জীবনযাপন ও ধোপদুরন্ত চালচলন-এই তিন কারণে অনেকের কাছে এই চাকরি ছিল সোনার হরিণ; কারো কাছে হাতে চাঁদ পাওয়ার মতো। সততা, নিষ্ঠা ও একগ্রতার পুরস্কারস্বরূপ আবেদ খুব অল্প সময়ের মধ্যে কোম্পানির হেড অব ফিন্যান্সের পদটিও জয় করে নিলেন।

সময়ের আবর্তনে কোম্পানির ‘সাহেব’ থাকার চেয়ে তিনি দরিদ্র ও দুস্থ মানুষের তথা সমাজের ‘সেবক’ হওয়ার জন্য সংকল্পবদ্ধ হলেন। তাঁর পা শুধু মাটিতেই পড়ল না, এমনকি দুর্গম অঞ্চলে গরিবের ডেরায় সশরীরে উপস্থিত হতে থাকলেন। জীবনের এই ‘ইউ টার্ন’-এর ব্যাখ্যা বহুবার তিনি নিজেই দিয়েছেন। বলেছেন, সত্তরের ভয়াবহ জলোচ্ছ্বাস ও একাত্তরের মুক্তিযুদ্ধ তাঁর জীবনের মোড় ঘুরিয়ে দিয়েছিল। আশৈশব আদ্যন্ত মানবতার পূজারি ফজলে হাসান আবেদ সত্তরের জলোচ্ছ্বাসে

হাজার হাজার মানুষের মৃত্যু ও লাখ লাখ মানুষের আকাশভাঙা আহাজারিতে বিচলিত ও বিধ্বস্ত হয়ে পড়েছিলেন। পরবর্তী সময়ে সাহায্য ও পুনর্বাসনের কাজে জড়িয়ে দেখেছেন মানুষ কত অসহায় এবং রাষ্ট্রযন্ত্র কত নির্বিকার ও নির্মম হতে পারে।

এরপর খুব স্বল্প সময়ের ব্যবধানে মুক্তিযুদ্ধের শুরু। আক্রান্ত হলো দেশ, মা, ভাই-বোন এবং চলল গণহত্যা। তখনকার সচেতন মহলের করোটিতে মহান বিপ্লবী চে গুয়েভারা ভর করেছে : A revolution is not an apple that falls when it is ripe. You must make it fall. সম্ভবত সেটা স্মরণ করে কোনো একদিন লাল গালিচা চাকরি ও বিলাসী জীবন পেছনে ফেলে ফজলে হাসান আবেদ মুক্তিযুদ্ধে যোগ দিলেন। মোট কথা সত্তরের ভয়ংকর জলোচ্ছ্বাস ও একাত্তরের মুক্তিযুদ্ধ যোদ্ধার জীবনকে এমনভাবে নাড়া দিল যে বহুজাতিক কোম্পানির ‘বুর্জোয়া জীবন’ ছেড়ে অনেকটা ‘মার্ক্সীয়’ ধারায় মানবসেবায় ছুটে গেলেন অঘটনঘটনপটীয়াসী প্রতিভা ফজলে হাসান আবেদ।

সময়ের পরিক্রমায় ফজলে হাসান আবেদ প্রমাণ করলেন যে অন্তত তাঁর কাছে জীবন হচ্ছে একটা যুদ্ধ। যুদ্ধ দরিদ্রের জন্য, হরিজনের জন্য এবং মোটা দাগে অসহায় মানুষের অধিকার আদায়ের জন্য। ‘সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই’, ‘মানুষ ধর মানুষ ভজ শোন বলিরে মন আমার’। মূলত মানবসেবার লক্ষ্যে ১৯৭২ সালে বাংলাদেশ রুৱাল অ্যাডভান্সমেন্ট কমিটি (ব্র্যাক) প্রতিষ্ঠা করলেন এবং এতটাই বেপরোয়া ও ব্যাপ্ত

হয়ে পড়লেন যে লন্ডনের নিজের ফ্ল্যাট বিক্রি করে অর্থের জোগান দিলেন। আমরা জানি, সুনামগঞ্জের শাল্লায় রিলিফ ও পুনর্বাসন কাজ দিয়ে ব্র্যাকের ঐতিহাসিক যাত্রা শুরু হয়।

প্রায় সবার মধ্যে দৃষ্টি থাকলেও খুব কম লোকের মধ্যে দূরদৃষ্টি থাকে। এই খুব কম লোকদের একজন স্যার আবেদ। ড. এম এস সোয়ামিনাথান, ভারতীয় বিজ্ঞানী, যিনি ১৯৮৭ সালে প্রথম বিশ্ব খাদ্য পুরস্কার পেয়েছিলেন, মনে করেন স্যার আবেদ হচ্ছেন Strategic thinker with future vision. বাংলাদেশ নিয়ে স্যার আবেদের অনেক স্বপ্ন ছিল, স্বপ্ন আছে এবং এই স্বপ্নের কেন্দ্রবিন্দুতে সব সময় নারী ও শিশু। বাংলাদেশের মানুষের অপার সম্ভাবনার ওপর তাঁর স্থির বিশ্বাসে আজও কেউ চিড় ধরতে পারেনি। তিনি একাধারে একজন ভবিষ্যৎ দ্রষ্টা, দক্ষ ব্যবস্থাপক ও প্রাতিষ্ঠানিক উন্নয়নের সুনিপুণ কারিগর; স্বপ্ন বাস্তবায়নে মানুষকে সামনে নিয়ে এগিয়েছেন। তাঁর বলিষ্ঠ নেতৃত্বে শুধু বাংলাদেশ নয়, সারা বিশ্বে ব্র্যাক দারিদ্র্য বিমোচন ও সামাজিক উন্নয়নে অভাবনীয় প্রভাব ফেলেছে।

আপাতত বাংলাদেশের কথাই বলি। আমরা জানি, বিগত চার দশকে আর্থ-সামাজিক উন্নয়নের ক্ষেত্রে বেশ কয়েকটি নীরব 'বিপ্লব' সংঘটিত করে বিশ্বদরবারে বাংলাদেশ আজ এক উন্নয়ন ধাঁধা হিসেবে পরিচিত। বলতে দ্বিধা নেই যে এই বিপ্লব বা উন্নয়ন ধাঁধা সৃষ্টিতে অন্যতম অগ্রণী ভূমিকায় ছিল স্যার আবেদের চিন্তাভাবনা ও ব্র্যাকের কার্যক্রম। সত্তরের দশকে এক চিমটি লবণ, আধাসের পানি ও একমুঠো গুড় শ্লোগান নিয়ে সাড়া জাগানো ওরাল স্যালাইন বিপ্লবের সূচনা,



হাতেকলমে স্যালাইন বানানোর শিক্ষা

তা কলেরা ও ডায়রিয়া থেকে বাঁচতে শিখিয়েছে; আশির দশকে শিশুর টিকা নিয়ে বিস্তৃত অঞ্চলে সরকারের পাশাপাশি ব্র্যাকের কাজ শিশুমৃত্যুরোধে নতুন দিগন্ত উন্মোচন করেছে; নব্বইয়ের দশকে কৃষি ও খাদ্য খাতে বীজ বিপ্লবের পথ ধরে এসেছে খাদ্য নিরাপত্তা ও বিশ্ব খাদ্য পুরস্কার এবং ২০০০ ও পরবর্তী সময়ে অনেকটা রূপকথার মতো, অবহেলিত শিশুদের শিক্ষা, গ্রামীণ স্বাস্থ্য ও পয়োনিষ্কাশন ব্যবস্থার বিপ্লব। তা ছাড়া হতদরিদ্র কর্মসূচি এবং পৃথিবীর অন্যান্য দেশে দারিদ্র্য

নিরসনে কাজ করার জন্য 'ব্র্যাক ইন্টারন্যাশনাল' প্রতিষ্ঠাও এই বিপ্লবের অংশ। ব্র্যাক ইন্টারন্যাশনাল পৃথিবীর বেশ কয়েকটি দেশে দারিদ্র্য বিমোচনে অগ্রণী ভূমিকা পালন করছে।

স্যার ফজলে হাসান আবেদ সারাক্ষণ দেশ ও সমাজের উন্নয়নচিন্তায় মগ্ন থাকতেন। তবে লক্ষ করা গেছে, এই চিন্তা-চেতনা অনেকটা বহুতা নদীর মতো কখনো এক জায়গায় থেমে থাকেনি। নতুন নতুন বাঁক ধরে ব্র্যাক চলেছে নতুন কৌশলে।



একজন দক্ষ চালক বা নাবিক যা করেন, ঠিক তা-ই করেছেন ফজলে হাসান আবেদ। এই অর্থে তিনি রূপান্তরেরও নায়ক। একটা উদাহরণ দেওয়া যাক। আজ থেকে প্রায় ৪০ বছর আগে তাঁর ধারণা হয়েছিল, বিদেশি অর্থায়নের ওপর হয়তো নিয়ন্ত্রণ নেমে আসতে পারে; সুতরাং টেকসই হতে হলে ব্যাককে অর্থায়নে স্বয়ম্ভর হতে হবে। যেই চিন্তা, সেই কাজ। জন্ম নিল প্রিন্টিং প্রেস, মাইক্রোফিন্যান্স, পোল্ট্রি, আড়ং, ডেইরি ইত্যাদি মুনাফামুখী সোশ্যাল এন্টারপ্রাইজ। ক্ষুদ্রঋণের বাইরে থাকা ১০ শতাংশ জনগণ ও ‘হারিয়ে যাওয়া’ মধ্যম উদ্যোক্তাদের অর্থায়নের জন্য প্রতিষ্ঠা করা হলো ব্যাক ব্যাংক। উন্নত মানের উচ্চশিক্ষার জন্য গড়ে উঠল বিশ্বমানের ব্যাক বিশ্ববিদ্যালয়, যেখানে শিক্ষা, উন্নয়ন ও সুশাসনের ওপর পাঠদান ও গবেষণা করা হয়। বিস্ময়কর হলেও সত্যি যে রূপান্তরের পথ বেয়ে ব্যাক আজ পৃথিবীর হাতে গোনা কয়েকটি প্রতিষ্ঠানের অন্যতম। বস্তুত তাঁর যোগ্য নেতৃত্বে ১৯৭২ সালের বিন্দু থেকে ব্যাক আজ বিশ্বদরবারে বৃহৎ একটা বৃত্তে পরিণত হয়েছে।

গরিব জনগোষ্ঠীর সেবার স্বীকৃতিস্বরূপ বিভিন্ন সময়ে নামিদামি প্রতিষ্ঠান থেকে পুরস্কার পেয়েছেন আমাদের এই নীরব নায়ক তথা বীর যোদ্ধা; প্রাপ্ত হয়েছেন টপ গ্রেড বিশ্ববিদ্যালয় থেকে সম্মানজনক ডিগ্রি। কয়েক বছর আগে খাদ্য ও কৃষির নোবেল পুরস্কার হিসেবে গণ্য ২০১৫ বিশ্ব খাদ্য পুরস্কার গ্রহণ করে সেটা উৎসর্গ করলেন দরিদ্র নারীসমাজকে। ২০০৪ সালে ইউএনডিপি মানব উন্নয়ন পুরস্কার দেওয়ার সময় প্রতিষ্ঠানের প্রধান বলেছিলেন, ‘প্রথমে আমরা পুরস্কারটি দিয়েছিলাম ব্রাজিলের প্রেসিডেন্টকে, যিনি তাঁর দেশে অনেক মানব উন্নয়নমূলক কাজ করেছেন। দ্বিতীয়বার যখন পুরস্কারের জন্য বিভিন্ন দেশের প্রধানমন্ত্রী ও প্রেসিডেন্টের তথ্য ঘাঁটছিলাম, আমরা লক্ষ করলাম তাঁদের তুলনায় ব্যাকের ফজলে হাসান আবেদ অনেক বেশি কাজ করেছিলেন। সুতরাং সিদ্ধান্ত নিলাম পুরস্কারটি দেশের প্রেসিডেন্টকে না দিয়ে মানুষের প্রেসিডেন্টকে দেব’ (অনুবাদকৃত)। অতি সম্প্রতি নেদারল্যান্ডসের নাইটহুড ও আরো কয়েকটি আন্তর্জাতিক পুরস্কার পেয়ে বাংলাদেশের জন্য গৌরব বয়ে এনেছেন এই বীর।

লাতিন আমেরিকার বিখ্যাত নোবেলজয়ী গাব্রিয়েল গার্সিয়া মার্কেস একবার মন্তব্য করেছিলেন, মানুষ বৃদ্ধ হয় বলে স্বপ্ন দেখা বন্ধ করে তা নয়, মানুষ বৃদ্ধ হওয়ার কারণ সে স্বপ্ন দেখে না। এ কথাটা ব্যাকের চেয়ারপারসন ও প্রতিষ্ঠাতা স্যার ফজলে হাসান আবেদের বেলায় অধিকতর প্রযোজ্য। মানুষের মুক্তির লক্ষ্যে তিনি যেন প্রতিনিয়ত নতুন নতুন স্বপ্ন দেখছেন। আর তাই বোধ হয় ৮৩ বছরে পা ফেলেও তিনি বৃদ্ধ ছিলেন না, বরং তেজোদীপ্ত এক টগবগে তরুণ।

কিন্তু মৃত্যু যে অবধারিত। আপনি ওপারে শান্তিতে থাকুন স্যার ফজলে হাসান আবেদ, আমাদের সবার প্রিয় আবেদ ভাই।

---

লেখক : সাবেক উপাচার্য, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

# আমাদের আবেদ ভাই

রাশেদা কে চৌধুরী

প্রকৃতির অমোঘ নিয়মে না ফেরার দেশে চলে গেলেন স্যার ফজলে হাসান আবেদ, যিনি দেশ-বিদেশের অগণিত বাংলাদেশির কাছে ‘আবেদ ভাই’ হিসেবেই পরিচিত। তাঁর অনেক অনুসরণীয় কর্মকাণ্ড ও অসংখ্য কীর্তিগাথা আজ সবার মুখে মুখে ফিরছে। কিন্তু আমরা অনেকেই অসংখ্য প্রতিষ্ঠান গড়ার কারিগর এই ক্ষণজন্মা মানুষের নিজেরই প্রতিষ্ঠান হয়ে ওঠার অনেক ইতিহাস জানি না।

সালটা ঠিক মনে নেই, আশির দশকের শেষ দিকে একজন নবীন গবেষক হিসেবে মাঠের অভিজ্ঞতা সংগ্রহের জন্য সুনামগঞ্জের প্রত্যন্ত একটি এলাকা শাল্লায় গিয়েছিলাম। উদ্দেশ্য ছিল মাঠপর্যায়ে বেসরকারি সংগঠন বা উদ্যোগগুলো কীভাবে বিকাশ লাভ করছে, সে সম্পর্কে তথ্য-উপাত্ত জোগাড় করা। কিন্তু মনের মধ্যে আরও একটি প্রত্যাশা ছিল ফজলে হাসান আবেদ নামের একজন উন্নয়ন সংগঠকের সাক্ষাৎ পাওয়া। শুনেছিলাম তিনি মুক্তিযুদ্ধের পর দেশে ফিরে আরাম-আয়েশের করপোরেট কর্মকর্তার চাকরি ও নগরীর সচ্ছল জীবন অবলীলায় ত্যাগ করে প্রত্যন্ত অঞ্চলের সুবিধাবঞ্চিত মানুষের জীবনমান উন্নয়নে ব্রতী হয়েছেন। শাল্লার নিভৃত পল্লিতে তাঁর স্বপ্ন, মেধা ও মননের বিকাশ ঘটেছিল এমন একটি বীজ বপনের মাধ্যমে, যা আজ পুষ্প-পল্লবে বিকশিত হয়ে মহিরুহের আকারে পৃথিবীর সবচেয়ে বড় বেসরকারি উন্নয়ন সংগঠনের মর্যাদায় আসীন।

কয়েক দিন ছিলাম শাল্লার সেই গ্রামে, কিন্তু আবেদ ভাইয়ের সঙ্গে সাক্ষাতের সৌভাগ্য হয়নি। তিনি তখন ঢাকায়, তবে তাঁর সহকর্মীরা আমাকে ‘মারকুলি’র যে বাড়িতে তিনি থাকতেন, সেটি দেখিয়েছিলেন। সাদামাটা ঘর, হারিকেনের আলোতে রাতে কাজ করতে হয়।

সেদিন শাল্লায় ব্র্যাকের ‘উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা’ (এনএফপিই) কর্মসূচি দেখে চমৎকৃত হয়েছিলাম। এক গৃহস্থবাড়ির আঙিনায় একজন শিক্ষক ২৫-৩০টি শিশুকে নিয়ে উপানুষ্ঠানিক শিক্ষাকেন্দ্রটি পরিচালনা করছেন। এদের বয়স ৮ থেকে ১২ বছরের মধ্যে। অবাধ বিস্ময়ে লক্ষ করলাম, আঙিনায় চাটাইয়ে বসে মহানন্দে শিশুরা লেখাপড়া করছে, আশপাশের কয়েকটি বড় গাছে কিছু গরু-ছাগল বাঁধা! আমার সহযাত্রী ব্র্যাকের এক কর্মী বলেন, যেহেতু এসব শিশুকে বাড়ির গবাদিপশুকে মাঠে চরাতে নিয়ে যেতে হয়, সেহেতু তাদের স্কুলে আনতেও নিষেধ করা হয় না! এমনকি কেন্দ্রগুলো ছুটি হয়ে যাওয়ার আগে প্রতিদিন শিক্ষক তাঁর ছাত্রছাত্রীদের কাছ থেকে জেনে নেন পরের দিন তারা কখন, কোন সময়টাতে পড়তে আসতে চায়। অবাধ বিস্ময়ে উপলব্ধি করলাম, কীভাবে ব্র্যাক আর্থসামাজিক বাস্তবতার সঙ্গে সংগতি রেখে স্থানীয় জনগোষ্ঠীর মধ্যে শিক্ষার চাহিদা তৈরি করে চলেছে!

আজ আর কারও বাড়ির আঙিনায় শিক্ষাকেন্দ্র চালানোর প্রয়োজন হয় না, শিক্ষার্থীদের

গবাদিপশু নিয়ে স্কুলে আসতে হয় না, স্কুলের সময়ের হেরফের করারও তেমন প্রয়োজন হয় না। বাংলাদেশের জনমানুষের মধ্যে সর্বস্তরে শিক্ষার যে চাহিদা আজ তৈরি হয়েছে, সর্বজনীন প্রাথমিক শিক্ষার লক্ষ্য অর্জনে এ দেশ যেভাবে এগিয়েছে, তার পেছনে স্যার আবেদের ‘উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা’-র মডেল যে সুদূরপ্রসারী প্রভাব বিস্তার করেছে, তা স্বীকার করতেই হবে। এগুলো দেখে তখন থেকেই মনের মধ্যে শখ ছিল, আশা ছিল, নিশ্চয় শিগগিরই ফজলে হাসান আবেদের দেখা মিলবে। দেখা হলো নব্বইয়ের গণ-আন্দোলনের সময় স্বৈরাচারী শাসকের বিরুদ্ধে উত্তাল সংগ্রামে যখন তোলপাড় রাজধানীসহ সারা দেশ। নারী-পুরুষ, যুবা-বৃদ্ধ নির্বিশেষে মানুষ তখন আন্দোলনে। একপর্যায়ে দেখলাম স্বৈরাচারী সরকারের পতন, তিন জোটের রূপরেখায় স্বাক্ষরদানকারী রাজনৈতিক নেতৃত্বের সঙ্গে যোগ দিলেন আবেদ ভাই, সামাজিক নেতৃত্বের পুরোধা হিসেবে। সেই সুবাদে হঠাৎ দেখা হয়ে গেল তাঁর সঙ্গে। তাঁর অসাধারণ প্রজ্ঞা, দেশ ও মানুষের জন্য প্রগাঢ় মমত্ববোধ, নতুন প্রজন্মকে নিয়ে কাজ করার অসীম আগ্রহ আমাকে মুগ্ধ করল।

দীর্ঘ আড়াই দশকের বেশি সময় উন্নয়নজগতে কাজ করতে গিয়ে দেখেছি কী অসম্ভব ঠান্ডা মাথায় কত প্রতিকূল পরিবেশ উত্তরণ করে কত কঠিন কাজ তিনি সম্পাদন করেছেন। কখনো সহকর্মীদের দিকনির্দেশনা দিয়েছেন,

কখনো নিজের হাতে হাল ধরেছেন, কখনোবা সুনির্দিষ্ট পরিকল্পনা করে সবাইকে নিয়ে সামনে এগিয়েছেন।

আমি কখনো আবেদ ভাইকে থেমে যেতে দেখিনি। সৃষ্টিকর্তা তাঁকে যে প্রাণশক্তি দিয়েছিলেন, যে মেধা তিনি চর্চা করেছেন, যে মনুষ্যত্ববোধ নিয়ে এ দেশের সাধারণ মানুষের জন্য সারা জীবন কাজ করেছেন, সে জন্য তিনি চিরদিন আমাদের কাছে বিশেষ করে উন্নয়নকর্মীদের কাছে একজন ‘রোল মডেল’ হিসেবে প্রাথমিক হয়ে থাকবেন। আজকের বাংলাদেশ শুধু দেশেই নয়, বাইরের দুনিয়ার কাছেও এনজিও খাতের উর্বর, গতিশীল ক্ষেত্র হিসেবে পরিচিত। এ দেশে নারীর ক্ষমতায়ন বিশেষ করে তৃণমূল পর্যায়ে নারী উন্নয়নের যে ধারা বিশ্বব্যাপী প্রশংসা অর্জন করেছে, তার পেছনে ব্র্যাকের প্রাণপুরুষ স্যার ফজলে হাসান আবেদের অবদান অনস্বীকার্য।

বেসরকারি স্বৈচ্ছাসেবী সংগঠনগুলোর অনেক সফল নারী আজ নেতৃত্বের আসনে প্রতিষ্ঠিত। তাঁদের অধিকাংশ আবেদ ভাইয়ের হাতে গড়া-এটা বললে অত্যাুক্তি হবে না। তিনি নিজে শুধু সামনে এগিয়ে যাননি। আরও অনেক মানুষকে এ দেশের গণমানুষের কল্যাণে কাজ করার জন্য অনুপ্রাণিত করেছেন।

মনে পড়ছে, বাংলাদেশের শিক্ষাক্ষেত্রে কর্মরত সহস্রাধিক বেসরকারি সংগঠনের প্রাতিষ্ঠানিক ঐক্যজোট গণসাক্ষরতা অভিযানের প্রতিষ্ঠাতা চেয়ারপারসনের দায়িত্ব অনেক দিন পালন

করেছেন আবেদ ভাই। কিন্তু একবার বার্ষিক সাধারণ সভায় বঁকে বসলেন তিনি। বললেন, ‘আমি আর চেয়ারপারসন থাকতে চাই না, প্রতিবার একই ব্যক্তি এ ধরনের ঐক্যজোটের প্রধান নির্বাচিত হওয়া মোটেই বাঞ্ছনীয় নয়, এটি অগণতান্ত্রিক। এবার নতুন নেতৃত্ব আসুক।’ কিন্তু সাধারণ সভায় উপস্থিত অনেক নারী সদস্য একজোট হয়ে আবেদ ভাইকে ঘিরে দাঁড়িয়ে থাকলেন, তাঁরা তাঁর মুখ থেকে ‘না’ শুনতে রাজি নন। সেদিন বিব্রত হয়েছিলেন স্যার আবেদ, কিন্তু সমবেত নারী প্রতিনিধিদের দাবির প্রতি সম্মান জানিয়ে শুধু আরও একটি মেয়াদে চেয়ারপারসন থাকতে রাজি হয়েছিলেন। সংগঠনটির প্রধান নির্বাহী হিসেবে নিশ্চিত হয়েছিলাম আমি। কারণটা বলার অপেক্ষা রাখে না, স্যার ফজলে হাসান আবেদ যেখানে নেতৃত্ব দেবেন, সেখানে অবশ্যই গতিশীলতা অব্যাহত থাকবে।

গত নভেম্বরের শুরুর দিকে আবেদ ভাইকে দেখতে তাঁর বাসায় গিয়েছিলাম। তিনি তখন দুরারোগ্য ব্যাধিতে শয্যাশায়ী। এমন অবস্থায় তাঁকে দেখে অভ্যস্ত নই, তাই কান্না পাচ্ছিল। তিনি কাছে ডাকলেন, বললেন, ‘শিক্ষায় কাজ করে যাচ্ছ, অনেক চ্যালেঞ্জ থাকবে, কিন্তু হাল ছেড়া না কখনো।’ মৃত্যুখাত্রী একজন মানুষ নিজের শারীরিক অবস্থা, দুঃখ-কষ্ট কোনো কিছু নিয়ে কথা না বলে শিক্ষায় কাজ চালিয়ে যাওয়ার উৎসাহ জোগাচ্ছেন, এ শুধু আবেদ ভাইয়ের পক্ষেই সম্ভব!

স্বাধীনতার পর থেকে গত সাড়ে চার দশকে আবেদ ভাই কত সংগঠন গড়ে তুলেছেন, কত নেতৃত্ব তৈরি করেছেন, কত লাখ লাখ মানুষের জীবন-জীবিকার সন্ধান দিয়েছেন, কত অগণিত মানবসন্তানকে শিক্ষার আলো দিয়েছেন, সুস্বাস্থ্যের সন্ধান দিয়েছেন, তার অনেক হিসাব হয়তো মিলবে ব্র্যাকের অসংখ্য নথিপত্রে, দেশ-বিদেশের বহু শুভানুধ্যায়ীর কাছে। কিন্তু স্যার ফজলে হাসান আবেদের অসংখ্য কীর্তিগাথা, অনেক অনুসরণীয় কাজ, অনেক কিছু হয়তো দৃষ্টির আড়ালেই থেকে যাবে চিরদিন। প্রচারবিমুখ, নিভৃতচারী, উন্নত স্বদেশের স্বপ্নদ্রষ্টা এই কর্মবীর চলে গেছেন না ফেরার দেশে। আমার মতো অনেক উন্নয়নকর্মী, যাঁদের কাছে তিনি শুধু পিতৃতুল্যই নন; স্মরণীয়, বরণীয় একজন আলোকিত মানুষ, আমরা তাঁর আলোতে পথচলার ও সামনে এগিয়ে যাওয়ার স্বপ্ন দেখে যাব।

আবেদ ভাই, আপনি যেখানেই আছেন, ভালো থাকুন। সৃষ্টিকর্তা আপনাকে নিশ্চয়ই ভালো রাখবেন। আজ আপনার চিরবিদায়ের ক্ষণে এই আমাদের প্রার্থনা।

লেখক : নির্বাহী পরিচালক, গণসাক্ষরতা অভিযান



# শ্রদ্ধা, স্যার ফজলে হাসান আবেদ

সৈয়দ ইশতিয়াক রেজা

মানুষের ভেতর সৎ এবং অসৎ এই দুই প্রবৃত্তিই আছে। সৎ ও অসৎ প্রবৃত্তির বিশ্লেষণ করতেও আমরা সমর্থ। পরের দুঃখে দুঃখী হওয়া, পরের সুখে সুখী হওয়া, পরোপকারের প্রবৃত্তি, পরের বিপদে বাঁপিয়ে পড়া, কোনও অন্যায় কাজের বিরুদ্ধে প্রতিবাদ করা বা সেই কাজের প্রতিরোধ করা, সৎকার্য সাধনে দৃঢ়চিত্ত হওয়াই সৎবৃত্তির অন্তর্গত।

বেসরকারি উন্নয়ন সংস্থা ব্র্যাকের প্রতিষ্ঠাতা স্যার ফজলে হাসান আবেদ সেই সৎ প্রবৃত্তির মানুষ। মানুষের কল্যাণ এবং সার্বিক উন্নতিতে কাজ করার অভীক্ষায় আত্মনিয়োজিত ফজলে হাসান আবেদের মত মানুষ আর দেখিনি। খুব যে কাছের ছিলাম তা নয়। আমার নানা বাড়ি তাঁর খুব বাড়ির খুব কাছের হওয়ায় মা'র আত্মীয়দের মুখে তাঁর কথা শুনেছি। সাংবাদিক হিসেবে তাঁর মুখোমুখিও হয়েছি কয়েকবার। যতবার তাঁর কাছে গিয়েছি আর যত তাঁর সম্পর্কে জেনেছি, শুধু মনে হয়েছে হৃদয়বান এই মানুষটি অজ্ঞ, কাতর, পীড়িত মানুষের পাশে দাঁড়ানোর কাজে, তাদের স্বহিমায় উদ্ভাসিত করার লক্ষ্যে সবসময় ছিলেন প্রতিজ্ঞাবদ্ধ। কখনও কোন অবস্থাতেই বিচ্যুত হননি সেই প্রতিজ্ঞা থেকে।

ইউরোপের অভিজাত উঁচু স্তরের কর্পোরেট জীবন ছেড়ে মহান মুক্তিযুদ্ধের পর যুদ্ধবিক্ষস্ত দেশের পীড়িত মানুষের সেবা করতে এসে ব্র্যাক প্রতিষ্ঠা করেছিলেন। আর ফিরে যাননি। ফিরে যাননি কারণ তাঁর জীবনাচরণ ও দর্শন সবটা জুড়ে ছিল



মানুষের কথা। তাঁর কাজ ও কথা, নিজের হাতে গড়ে তোলা ব্র্যাকের দর্শনেও আছে সেই মানুষের কল্যাণ ও উত্থানের প্রসঙ্গ এবং প্রাধান্য।

স্যার ফজলে হাসান আবেদকে নিয়ে বড় মানুষেরাই লিখছেন, বলছেন। যাঁরা তাঁর সাথে কাজ করেছেন, যাঁরা নানাভাবে তাঁর কাছের ছিলেন তাঁরা সবাই বলছেন। সাংবাদিক হিসেবে, সমাজের পর্যবেক্ষক হিসেবে আমার মনে হয়েছে স্যার আবেদ আত্মপরতায় বাঁচতে চাননি, চেয়েছিলেন পরার্থে জীবন উৎসর্গ করতে।

আর এই উৎসর্গের মাধ্যম ছিল নিরলস কাজ, সৃজনশীল কর্মসূচির মাধ্যমে দরিদ্র মানুষের ভাগ্যের পরিবর্তন করা।

এক সাক্ষাৎকারে তিনি বলেছেন, 'সদ্য স্বাধীন যুদ্ধবিক্ষস্ত দেশে আমি যখন ব্র্যাক শুরু করেছিলাম, দেশের মানুষকে বাঁচাতে হবে-এটাই ছিল তখন একমাত্র ভাবনা। কখনো ভাবিনি যে ব্র্যাক একদিন পৃথিবীর সর্বশ্রেষ্ঠ এনজিও হবে কিংবা দেশের সীমানা ছাড়িয়ে আন্তর্জাতিক অঙ্গনে কাজের বিস্তার ঘটাবে। ব্র্যাককে আমরা

বলি 'লার্নিং অর্গানাইজেশন'। কাজ করতে গিয়ে আমরা প্রতিদিনের অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়েছি'।

দরিদ্র মানুষকে সেবা দিতে গিয়ে, তাদের জীবন বদলে দিতে গিয়ে তিনি ভাবনার জগতে দরিদ্র থাকেননি। বিজ্ঞান-প্রযুক্তির অভূতপূর্ব উন্নতি, দর্শন-মনন-প্রজ্ঞার অপরিসীম বিস্তৃতি, সমাজ-সভ্যতার দ্রুত সম্প্রসারণে তিনি বরাবর নিজেকে আর ব্র্যাককে নিয়ে এগিয়েছেন। দেশে-বিদেশে ব্র্যাকের প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলো, ব্যবস্থাপনা সংস্থাগুলো, ব্র্যাক বিশ্ববিদ্যালয়, আড্ডংসহ সবগুলো প্রতিষ্ঠান উৎকর্ষতায় সেরা।

সময়ের সঙ্গেসঙ্গে মানুষের চাহিদা এবং প্রত্যাশাগুলো বদলাতে থাকে সেটা তিনি জানতেন। জানতেন বলেই সভ্যতার বিপরীতে মানুষে মানুষে হিংসা, দুর্নীতি, দুর্বৃত্তায়ন, অভাবনীয় স্বলন-পতন-বিভেদ-বিদ্বেষ-বিপর্যয়-বীভৎস কার্যকলাপ সম্পর্কে অবগত থেকেছেন। তাঁর প্রতিষ্ঠানকে, তাঁর বিশাল কর্মী বাহিনী আর ব্র্যাকের সাথে জড়িয়ে থাকা অসংখ্য মানুষকে তিনি শুভচেতনা ও নৈতিক মূল্যবোধে আচ্ছন্ন করতে চেয়েছেন।

স্বচ্ছল পরিবারে জন্ম নিয়েছেন, সম্পদশালী দেশে থেকেও স্যার ফজলে হাসান আবেদ ছিলেন একজন নির্মোহ মানুষ। আমরা বুঝতেই পারছি যে, তিনি চাইলে ব্যক্তিগতভাবে অনেক সম্পদের মালিক হতে পারতেন। কিন্তু তাঁর লক্ষ্য ছিল দরিদ্র মানুষদের পাশে দাঁড়ানো। নিজের সম্পদের পেছনে ছুটলে তাঁর জীবনের ব্রত থেকে দূরে সরে যাবেন বলে সেদিকে ছোটেননি তিনি। এই সাধনাই মানুষের পরিচয়। তিনি ছিলেন যথার্থ মানুষ, ভাল মানুষ, সচেতন, শুভ্র, সুন্দর, বুদ্ধ, শুদ্ধসত্ত্ব, প্রমুক্ত মানুষ। জন্মালেই সবাই মানুষ হয়ে যায় না। মানুষ হয়ে উঠতে হয়। চেতনার সম্প্রসারণে বড় হতে হয়।

তিনি ছিলেন অগ্নিময় আত্মবিশ্বাসের অধিকারী। তাইতো তাঁর প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান এখন আন্তর্জাতিক প্রতিষ্ঠান, বিশ্বের সর্ববৃহৎ এনজিও। দেশ-মহাদেশের সীমা অতিক্রম করে তিনি নিপীড়িত, বঞ্চিত মানুষের পাশে দাঁড়িয়েছেন, তাঁর প্রতিষ্ঠানকেও নিয়ে গেছেন তাদের কাছে। বিশ্বের তাবৎ মানুষের সঙ্গে বাঙালির আত্মিক যোগ স্থাপন করেছে তাঁর ব্র্যাক। আজ তিনি নেই, কিন্তু তিনি আছেন। শুধু বাংলাদেশে নয়, আছেন বিশ্ব মাঝে। ধরিত্রীর নানা প্রান্তে দারিদ্র্য

ও শোষণের যন্ত্রণায় ছটফট করা মানুষের পাশে থেকে যাবেন ফজলে হাসান আবেদ।

ব্র্যাক গ্লোবাল বোর্ডের চেয়ার আমিরা হক বলেছেন, ভবিষ্যতের জন্য সবসময় প্রস্তুত থেকেছেন তিনি। কিন্তু কীভাবে? আমার নিজের কাছে উত্তর হলো-বুদ্ধি ও চিন্তার বিকাশে, মনন ও প্রজ্ঞায়। তিনি বিশ্বাস করতেন আভিজাত্য ধনসম্পদের দিক থেকে নয়, ভাবনার সমৃদ্ধিতে, চিন্তার ঐশ্বর্যে, উদ্দীপনায়। আর সে জন্যই তিনি মানবতার আলোকিত ভুবন গড়তে চেয়েছেন। জীবনে জীবন সংযুক্তির প্রত্যয় ছিল তাঁর হৃদয়ে। পিছিয়ে পড়া অজ্ঞ, কাতর, শোষিত, বঞ্চিত, অত্যাচারিত মানুষজনের পাশে থেকে জীবনের মূল শ্রোতে शामिल করার বিষয়টিকে আর এমন করে কেউ দেখবেনা হয়তো যেভাবে দেখেছিলেন স্যার ফজলে হাসান আবেদ।

---

লেখক : সাংবাদিক

# প্রবাসী মুক্তিযোদ্ধা ফজলে হাসান আবেদ

বিচারপতি শামসুদ্দিন চৌধুরী মানিক

স্যার ফজলে হাসান আবেদ যে বিশ্বের সর্ববৃহৎ সেবামূলক বেসরকারি সংস্থার প্রতিষ্ঠাতা ছিলেন, এ কথা মোটামুটি এ দেশের সবাই জানেন, জানেন পৃথিবীর অনেক দেশের মানুষও। তিনি একজন মহান হৃদয়ের অধিকারী মানবতাবাদী ছিলেন তাও বিশ্বব্যাপী বহুজন জানেন। তাঁর মানবতাবোধ যে শুধু বাংলাদেশের মানুষেরই সীমাবদ্ধ ছিল, তা নয়। জাতি-ধর্ম-জাতীয়তা নির্বিশেষে তাঁর মানবতা বিস্তার লাভ করেছিল ভৌগোলিক এবং রাজনৈতিক সীমানা পেরিয়ে, আর তাই তো ব্রিটিশ রানী তাঁকে প্রদান করেছিলেন অতিসম্মানজনক 'নাইট কমান্ডার অব সেন্ট মাইকেল অ্যান্ড সেন্ট জেমস' খেতাব। পৃথিবীর বহু বরেণ্য ব্যক্তি তাঁর মৃত্যুতে শোক প্রকাশ করেছেন। কিন্তু যে কথাটি এ দেশের অনেকেই জানেন না, তা হলো এই যে, স্যার আবেদ '৭১ সালে একজন বিলাতপ্রবাসী মুক্তিযোদ্ধা ছিলেন। জানেন না এ কারণে যে তিনি এ কথাটি কখনো প্রচার করেননি। তাই আজ তাঁর তিরোধানের পর তাঁর জীবনের সেই বিশেষ দিকটি সম্পর্কে এ দেশের মানুষকে অবহিত করা তাঁদের দায়িত্ব, আমার মতো যাঁদের সুযোগ হয়েছিল বিলাতভিত্তিক মুক্তিযুদ্ধে তাঁর ভূমিকা স্বচক্ষে অবলোকন করার।

১৯৭১ সালের এপ্রিলের ১০ তারিখ। সেই দিনটিতে লন্ডন থেকে প্রকাশিত 'পিস নিউজ' পত্রিকার সম্পাদক রজার মুডি যুক্তরাজ্য ছাত্র সংগ্রাম পরিষদে ফোন করে জানালেন কয়েকজন



মুক্তিযুদ্ধ

অবাঙালি ব্রিটিশ বাংলাদেশে গণহত্যার প্রতিবাদে এবং সে দেশের স্বাধীনতার দাবিকে আরও বেগবান করার জন্য একটি ব্রিটিশ কমিটি গঠনে ইচ্ছুক। তাঁরা ছাত্র সংগ্রাম পরিষদের সহায়তা চাইলেন এ কারণে যে ছাত্র সংগ্রাম পরিষদ তখন প্রবল বেগে স্বাধীনতার জন্য কাজ করছিল। এর কিছুদিন আগেই ব্রিটিশ প্রধানমন্ত্রীর দোরগোড়ায় আমার এবং আফরোজ চৌধুরীর অনশনের ঘটনা ব্রিটিশ সংবাদমাধ্যমে ব্যাপকভাবে ছড়িয়ে পড়ায় ছাত্র সংগ্রাম পরিষদ বহুল পরিচিতি লাভ করে।

রজার মুডির ডাকে সাড়া দিয়ে ছাত্র সংগ্রাম পরিষদ এ সিদ্ধান্ত নিল যে পরিষদের ২ নম্বর আহ্বায়ক খন্দকার মোশাররফ হোসেন (বর্তমানে বিএনপি নেতা ড. খন্দকার মোশাররফ হোসেন), আমি (লেখক) এবং মাহমুদ এ রৌফ (বর্তমানে লন্ডনে অ্যাকাউন্টিং পেশায় নিয়োজিত এবং লন্ডন বঙ্গবন্ধু পরিষদের সাধারণ সম্পাদক) পিস নিউজের বৈঠকে ছাত্র সংগ্রাম পরিষদের প্রতিনিধিত্ব করবে। সেই মতে লন্ডনের কিংস ক্রস এলাকায় পিস নিউজের দফতরে গিয়ে



যাঁদের দেখা পেলাম তাঁদের মধ্যে ছিলেন ব্রিটিশ সংসদ সদস্য মাইকেল বার্নস, তরুণ লিবারেল নেতা পল কনেট এবং পিএইচডি'র জন্য গবেষণারত ছাত্রী মেরিয়েটা প্রকোপে। তাঁরা সবাই বাংলাদেশে গণহত্যা ও গণধর্ষণের বিরুদ্ধে কঠোর ভাষায় বক্তব্য দেওয়ার সঙ্গেসঙ্গে বিশ্বশক্তিগুলোর নীরবতার কঠোর সমালোচনা করলেন এবং বিলাতে মুক্তি আন্দোলনকে আরও বেশি ফলপ্রসূ করার জন্য গঠন করলেন 'অ্যাকশন বাংলাদেশ' নামক মূলত এক ব্রিটিশ সংস্থা; যার সভাপতি হলেন পল কনেট এবং সাধারণ সম্পাদক হলেন মেরিয়েটা। সভায় মেরিয়েটা জানালেন তিনি তাঁর প্রতিবেশী ফজলে হাসান আবেদের কাছ থেকে বাংলাদেশে গণহত্যাসহ বিভিন্ন ধরনের নির্যাতনের যে কথা শুনছেন তারপর আর চুপ করে বসে থাকা যায় না। মূলত আবেদ ভাই-ই মেরিয়েটাকে বাংলাদেশ আন্দোলনে জড়িত হওয়ার জন্য উৎসাহ দেন। আবেদ ভাই তখনো সুপরিচিত হয়ে ওঠেননি। তাই মেরিয়েটার মুখেই প্রথম তাঁর নামটি শুনলাম। আবেদ ভাই তখন লন্ডনে অ্যাকাউন্ট্যান্সি বিষয়ে পড়াশোনা করছিলেন। এরপর যেদিন আমরা উত্তর লন্ডনের কেমডেন টাউন এলাকায় 'অ্যাকশন বাংলাদেশ'-এর কার্যালয়ে প্রথম গেলাম সেদিনই সেখানে আবেদ ভাইয়ের দেখা পেলাম। মূলত অবাঙালিদের নিয়ে মুক্তিযুদ্ধের সহায়তায় একটি প্রতিষ্ঠান সৃষ্টির জন্য তিনি আনন্দ প্রকাশ করলেন এবং আমাদের সহায়তার জন্য ছাত্র সংগ্রাম পরিষদকে ধন্যবাদ জানালেন। তাঁর সঙ্গে সেই প্রথম পরিচয়। সেদিনের পরিচয়ের সময় ভাবা সম্ভব ছিল না

যে, এই আবেদ ভাই-ই একদিন বিশ্বের সর্ববৃহৎ মানবকল্যাণ সংস্থার প্রতিষ্ঠাতা হবেন। সেদিন তিনি জানালেন আমি এবং আফরোজ যখন প্রধানমন্ত্রীর বাড়ির দরজায় অনশন করছিলাম তখন তিনিও সেখানে গিয়েছিলেন।

এরপর 'অ্যাকশন বাংলাদেশ'-এর প্রায় প্রতিটি কর্মকাণ্ডেই আবেদ ভাইয়ের সঙ্গে দেখা হয়েছে এ কারণে যে, তিনি বলতে গেলে 'অ্যাকশন বাংলাদেশ'-এর সব কর্মকাণ্ডেই অংশ নিতেন। 'অ্যাকশন বাংলাদেশ'-এর মিছিলে শরিক হয়ে লন্ডনের মহাসড়কগুলো প্রদক্ষিণ করে স্লোগানের মাধ্যমে লন্ডনের রাজপথ প্রকম্পিত করতেন, যেসব স্লোগানের মধ্য ছিল জয় বাংলা, জয় বঙ্গবন্ধু, গণহত্যা বন্ধ কর, বাংলাদেশকে স্বীকৃতি দাও প্রভৃতি। পার্লামেন্টে ধরনা, রাজনৈতিক ধরনা, নেতাদের বিভিন্ন দূতাবাসে ধরনা ইত্যাদি কর্মকাণ্ডেও তিনি 'অ্যাকশন বাংলাদেশ'-এর সঙ্গে সম্পৃক্ত থাকতেন।

'অ্যাকশন বাংলাদেশ' মূলত ব্রিটিশ সংস্থা হলেও অল্প সময়েই বেশ কিছু বাঙালিও এর কর্মকাণ্ডে জড়িয়ে পড়েন; যাঁদের মধ্যে ছিলেন আবেদ ভাইয়ের ঘনিষ্ঠ বন্ধু ব্যারিস্টার ভিকারুল ইসলাম চৌধুরী, রুনি সুলতানা, জাকারিয়া চৌধুরী (যাঁর অকালে মৃত্যুর কোলে ঢলে পড়া বোন আয়েশা আবেদ বাহার ছিলেন আবেদ ভাইয়ের প্রথমা স্ত্রী)। এ ছাড়া সম্পৃক্ত হন আবদুল মজিদ চৌধুরী মঞ্জু, রাজিউল হাসান রঞ্জু (পরবর্তীতে রাষ্ট্রদূত), আবুল হাসান চৌধুরী কায়সার (বিচারপতি আবু সাঈদ চৌধুরীর ছেলে, পরবর্তীতে পররাষ্ট্র

প্রতিমন্ত্রী), বিবিসির ফজলে রাব্বি মাহমুদ হাসান (পরবর্তীতে গণসাহায্য সংস্থার ড. ফ. র. মাহমুদ হাসান), সুরাইয়া খানম (পরবর্তীতে অধ্যাপক ড. সুরাইয়া খানম), নৃত্যশিল্পী মঞ্জু মজিদ (কবি গোলাম মোস্তফার দৌহিত্রী), লুলু বিলকিস বানু (ভিকারুলনিসা নূন স্কুলের সাবেক অধ্যক্ষ) এবং তাঁর দুই মেয়ে জেরিন ও আফরিন, নুরুল আলম, আনিসুর রহমান (বর্তমানে ব্যারিস্টার হিসেবে লন্ডনে আইন পেশায় নিয়োজিত এবং ব্রিটিশ রানীর থেকে 'অর্ডার অব দ্য ব্রিটিশ এম্পায়ার খেতাবপ্রাপ্ত) প্রমুখ।

মুক্তিযুদ্ধের সময় মার্কিন সরকার আমাদের বিরুদ্ধে থাকায় লন্ডনস্থ মার্কিন দূতাবাসে আমরা প্রতিনিয়ত লবিং করেছি। এমনি প্রচেষ্টার অংশ হিসেবে জুলাইয়ে মার্কিন দূতাবাসের সামনে আমরা গণহত্যার কৃত্রিম প্রতিচ্ছবি মঞ্চায়ন করি, যে অনুষ্ঠানে 'অ্যাকশন বাংলাদেশ'-এর পক্ষে বিশেষ ভূমিকায় অবতীর্ণ হয়েছিলেন আবেদ ভাই। উদ্দেশ্য ছিল মার্কিন দূতাবাস কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ।

আমাদের ওই অনুষ্ঠানের পরে স্বয়ং মার্কিন রাষ্ট্রদূত আবেদ ভাই, পল কনেট, মেরিয়েটা, মঞ্জু এবং আমাকে তাঁর দফতরে ডেকে নিয়ে বলেছিলেন তিনি তাঁর সরকারকে আমাদের দাবির কথা জানাবেন। মুক্তিযুদ্ধ চলাকালে এক মাতৃসম মহিলা মিসেস ইসমাইল ও তাঁর মেয়ে রুনি সুলতানা 'অ্যাকশন বাংলাদেশ'-এর সংগ্রামীদের বুদ্ধি-পরামর্শ দিতেন। উত্তর লন্ডনের গোল্ডার্স গ্রিনে ছিল তাঁদের বাসা। আবেদ

ভাইয়ের সঙ্গে মিসেস ইসমাইলের সম্পর্ক ছিল মা-ছেলের মতো। মিসেস ইসমাইল প্রায়ই তাঁর বাড়িতে আমাদের আপ্যায়ন করে ‘অ্যাকশন বাংলাদেশ’-এর কর্মকাণ্ডের ব্যাপারে বুদ্ধি-পরামর্শ দিতেন। তাঁর বাড়ির অনুষ্ঠানের আলোচনায় যোগ দিতেন আবেদ ভাই, আবদুল মজিদ চৌধুরী মঞ্জু, ব্যারিস্টার ভিকারুল ইসলাম চৌধুরী, নৃত্যশিল্পী মঞ্জু মজিদ, লুলু বিলকিস বানু এবং তাঁর কন্যা দ্বয় প্রমুখ। মাঝেমাঝে পল, তাঁর স্ত্রী ইলেন ও মেরিয়েটাও যেতেন। ডা. জাফরুল্লাহ চৌধুরীও দু-একবার গিয়েছিলেন। মিসেস ইসমাইলের বাসায় ঘরোয়া আলোচনা অনুষ্ঠানে উপস্থিত থেকে বুঝতে পারতাম মুক্তিযুদ্ধের চেতনার প্রতি, বঙ্গবন্ধুর দর্শন ও আদর্শের প্রতি আবেদ ভাই কত অবিচল ছিলেন।

২০১৩ সালে পল কনেট ও তাঁর স্ত্রী ইলেন বাংলাদেশ সরকারের কাছ থেকে ‘মুক্তিযুদ্ধের বিদেশি বন্ধু’ সম্মাননা নিতে এলে আমার বাড়িতে তাঁদের সম্মানে এক অনুষ্ঠানে ‘অ্যাকশন বাংলাদেশ’-এর সঙ্গে এবং যুক্তরাজ্যে মুক্তিযুদ্ধের সঙ্গে যারা গভীরভাবে সম্পৃক্ত ছিলেন তাঁদেরও নিমন্ত্রণ করলে আবেদ ভাই এসে পল ও ইলেন কনেটকে আবার বাংলাদেশ সফরের জন্য আমন্ত্রণ করলে তার জবাবে এ বছর ফেব্রুয়ারিতে পল ও ইলেন বাংলাদেশে আসেন। সে সময় একদিন আবেদ ভাই ব্র্যাক কার্যালয়ের রেস্তোরাঁয় পল, ইলেন, মঞ্জু, মুক্তিযুদ্ধ জাদুঘরের মুফিদুল হক ও আমাকে দুপুরের খাবারের জন্য নিমন্ত্রণ করলেন। আমরা সবাই গিয়েছিলাম। আবেদ ভাইয়ের সঙ্গে সেটাই ছিল আমার শেষ দেখা। সেই

সাক্ষাতে আমরা ’৭১-এর লন্ডন নিয়ে অনেকক্ষণ স্মৃতিচারণা করি। এক পর্যায়ে আবেদ ভাইকে বললাম তিনি কেন বিলেতে মুক্তি আন্দোলনে তাঁর ভূমিকার কথা বলেন না বা লেখেন না। জবাবে তিনি বললেন, সম্পূর্ণ অবসরে যাওয়ার পর তিনি তাঁর স্মৃতিকথা লেখার ইচ্ছা রাখেন। আর সেই স্মৃতিকথায় স্থান পাবে লন্ডনে ’৭১-এ তাঁর ভূমিকার কথা। আবেদ ভাই সাবেক রাষ্ট্রদূত ফারুক আহমদ চৌধুরীরও একজন ঘনিষ্ঠ বন্ধু ছিলেন আর ফারুক ভাইয়ের সঙ্গেও আমার গভীর সখ্য ছিল। কারণ দেশ স্বাধীন হওয়ার পরই ফারুক ভাই যুক্তরাজ্যে উপহাইকমিশনারের দায়িত্ব পেয়েছিলেন।

বহু বছর প্রবাসজীবন কাটানোর পর দেশে ফিরে যখন ব্যারিস্টার হিসেবে ১৯৯৩ সালে আবার নতুন করে আইন পেশা শুরু করি তখন প্রথম কাজটিই দিয়েছিলেন আবেদ ভাই আমাকে এবং তাঁর অতি ঘনিষ্ঠজন ব্যারিস্টার ভিকারুল ইসলাম চৌধুরীকে (বেকু ভাই)। বেকু ভাইও বহু বছর প্রবাসে থাকার পর দেশে ফেরেন।

মহাখালীস্থ আড়ংয়ের পাশে এক বিশালকায় জমি ব্র্যাক কিনতে চাইল আবুল খায়ের লিটু সাহেবের কাছ থেকে। এ ব্যাপারে আইনি কাজগুলোর দায়িত্ব দিলেন বেকু ভাইকে আর আমাকে দিলেন জুনিয়রের কাজ, বললেন তুমি মাত্র দেশে ফিরেছ। পেশা জমাতে সময় লাগবে। তাই তোমাকেই কাজটি দিচ্ছি বেকুর জুনিয়র হিসেবে কাজ করার জন্য। আমার মতো একজন নবাগত ব্যারিস্টারের জন্য তখন সে কাজটি ছিল আশীর্বাদসম।

তাঁর অন্তর্ধানের পর ’৭১ এবং তৎপরবর্তী কালের স্মৃতিগুলো একের পর এক ভেসে আসছে মনের পর্দায়। বঙ্গবন্ধুর প্রতি ছিল তাঁর অকৃত্রিম শ্রদ্ধাবোধ। তাঁর অগজ নাজমুল হাসান জাহেদ একসময় আওয়ামী লীগের টিকিটে সংসদ সদস্য নির্বাচিত হয়েছিলেন। তাঁর বোনের ছেলে ব্রিটিশ রানী থেকে ‘অর্ডার অব দ্য ব্রিটিশ এম্পায়ার’ খেতাবপ্রাপ্ত ব্যারিস্টার মঞ্জুর হাসান প্রবাসে বাংলাদেশ আন্দোলনের প্রধান বিচারপতি আবু সাঈদ চৌধুরীর জামাতা।

আবেদ ভাই যে শুধু বাঙালিদের গর্ব ছিলেন তা নয়, তিনি বিশ্বের বহু দেশের দরিদ্র জনগোষ্ঠীরও ত্রাণকর্তা হিসেবে কাজ করেছেন। বহু মানুষের মনের পর্দায় তিনি বহুকাল বেঁচে থাকবেন।

লেখক : সুপ্রিম কোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি

# শিক্ষার প্রসারে স্যার আবেদ

নাজনীন আহমেদ

২০১৩ সালে একটি গবেষণা-কাজের অংশ হিসেবে কুড়িগ্রাম ও পাবনার বেশ দুর্গম চরাঞ্চলে যেতে হয়েছিল। সেখানে আমাদের কাজের পাশাপাশি লক্ষ করেছিলাম ব্র্যাকের স্কুলশিক্ষা কার্যক্রম। প্রত্যন্ত অঞ্চলে শিশুদের শিক্ষার আলো দিতে ব্র্যাকের শিক্ষাকর্মীদের চেষ্টা। শিশুদের সঙ্গে কথা বলে বুঝেছিলাম শিক্ষা কী করে তাদের স্বপ্ন দেখাচ্ছিল বড় হয়ে চাকরি করার, ব্যবসা করার। আবার দেখলাম কিশোর-কিশোরীদের মধ্যে স্বাস্থ্যসচেতনতা, জেডার সমতাবিষয়ক নানা কর্মসূচি। আর শিক্ষা ও শিক্ষা-সহায়ক ব্র্যাকের কর্মসূচি যে নগর-গ্রাম ছাড়িয়ে এত প্রত্যন্ত অঞ্চলেও ছড়িয়ে গেছে- তা জানা ছিল না। বুঝতে পারছিলাম শিক্ষাকে সর্বত্র ছড়িয়ে দেওয়ার শক্তিশালী সহায়ক শক্তি হিসেবে সরকারের কাজের অংশ হিসেবে কিংবা সরকারের কাজের পাশাপাশি ব্র্যাক যে সুদূরপ্রসারী ভূমিকা রাখছে, তা স্যার ফজলে হাসান আবেদের দারিদ্র্যমুক্ত বাংলাদেশের কর্মপরিকল্পনার গুরুত্বপূর্ণ অংশ।

এ কথা অনেকেরই জানা যে, শিক্ষাকে উন্নয়নের অনুঘটক হিসেবে দেখেছেন স্যার ফজলে হাসান আবেদ। আর তাই তাঁর প্রতিষ্ঠান ব্র্যাকের কেন্দ্রীয় কর্মসূচিতে শিক্ষার নানা পর্যায়ে ও বিষয়কে অন্তর্ভুক্ত করেছেন তিনি। ব্র্যাকের অনানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম দেশের পিছিয়ে পড়া মানুষকে যেমন শিক্ষার সুযোগ দিয়েছে, আবার আনুষ্ঠানিক শিক্ষা থেকে ঝরেপড়া শিক্ষার্থীদের



ব্র্যাক স্কুলের শিক্ষার্থীদের সঙ্গে

শিক্ষা চালিয়ে যেতে সাহায্য করেছে। টেকসই উন্নয়নের জন্য যেমন শিক্ষা দরকার, আবার নারী-পুরুষ সমতা, পুষ্টির অভাব পূরণ করে স্বাস্থ্যবান জাতি গড়তেও শিক্ষার প্রয়োজন। ব্র্যাকের শিক্ষা কার্যক্রমের মাধ্যমে স্যার আবেদ উদাহরণ স্থাপন করেছেন যে, শিক্ষা যদি আনন্দময়, জীবনের জন্য উপকারী আর অল্প খরচে দেওয়া যায়, তাহলে শিক্ষায় অংশগ্রহণ বাড়বে, ঝরেপড়া কমবে। এভাবে ব্র্যাকের প্রাথমিক শিক্ষা কার্যক্রমে আনন্দময় শিক্ষার এমন সব পদ্ধতি অন্তর্ভুক্ত হয়, যা পরে অন্য অনেক প্রতিষ্ঠান অনুসরণ করেছে।

বর্তমানে প্রাক-প্রাথমিক পর্যায়ে শিশু-শিক্ষার যে

কার্যক্রম সরকারিভাবে চলছে-এর সূচনা আরও বহু আগেই করেছে ব্র্যাক। শিশুশিক্ষায় পিতা-মাতাকে ব্যাপকভাবে সম্পৃক্ত করা, নানা রকম আকর্ষণীয় শিক্ষা উপকরণের ব্যবহার ইত্যাদি বিষয় গ্রামাঞ্চলের মানুষের কাছে পরিচিত করেছে স্যার আবেদের শিক্ষা মডেল।

নারী-পুরুষের সমতা প্রতিষ্ঠার মাধ্যমে উন্নয়ন ত্বরান্বিত করার কথা বলে গেছেন স্যার আবেদ। আর সমতার লক্ষ্যে শিক্ষাকে একটি শক্তিশালী উপাদান হিসেবে দেখেছেন তিনি। এ জন্যই নারীশিক্ষা বা কন্যাশিশুর শিক্ষার বিষয়টি গুরুত্ব দিয়ে ব্র্যাকের স্কুলগুলোতে ৭০ শতাংশ কন্যাশিশু ভর্তির টার্গেট দেন। আর শিক্ষক হিসেবেও প্রাধান্য পায় নারীরা। নানা দেশে



নিজের অভিজ্ঞতাকে পুঞ্জীভূত করে ব্র্যাকের শিক্ষা কার্যক্রমের ক্রমাগতই মানোন্নয়ন করে গেছেন তিনি। ব্র্যাকের শিক্ষা কার্যক্রমকে তিনি এমনভাবে সাজিয়েছিলেন, যাতে উন্নত সমাজের বা ধনী পরিবারের সন্তানরা যে ধরনের শিক্ষার সুযোগ পায়, তাদের বিদ্যালয়ে, তিনি তেমন সুযোগগুলো গ্রামের সাধারণ পরিবারের শিশুদের জন্য দিতে চেয়েছেন। একসময় প্রাক-প্রাথমিক পর্যায়ে শিশুর শিক্ষা কেবল ধনী পরিবারের শিশুদের জন্য ছিল। ব্র্যাক প্রত্যন্ত এলাকার দরিদ্র পরিবারের শিশুদের শিক্ষায় উৎসাহিত করতে প্রাক-প্রাথমিক শিক্ষা চালু করে। এখন এটি আমাদের জাতীয় কারিকুলামের অংশ।

ব্র্যাকের শিক্ষা কার্যক্রম পৃথিবীর বিভিন্ন দেশেও ছড়িয়ে গেছে। শিক্ষায় অনবদ্য অবদানের জন্যই স্যার ফজলে হাসান আবেদ ২০১৯ সালের Yidan Prize পান, যা শিক্ষা ক্ষেত্রে অবদানের জন্য অত্যন্ত সর্বোচ্চ সম্মানজনক পুরস্কার।

ব্র্যাকের শিক্ষা কার্যক্রম শুধু শিক্ষা বিতরণের গতানুগতিক কর্মসূচি নয়, বরং শিক্ষার মাধ্যমে মানব উন্নয়ন ঘটিয়ে জাতীয় উন্নয়নের জন্য শিক্ষাকে অতিদরিদ্র মানুষের দোরগোড়ায় নিয়ে যাওয়ার মডেল এই শিক্ষা কার্যক্রম।

এ পর্যন্ত প্রায় ১ কোটি ২০ লাখ শিশু ব্র্যাকের প্রাক-প্রাথমিক ও প্রাথমিক স্কুল থেকে শিক্ষা সমাপ্ত করেছে। ব্র্যাকের play-based শিক্ষা মডেল হলো এমন একটি পদ্ধতি, যেখানে শিশুর

সামাজিক অনুভূতি এবং আচরণগত উন্নয়নকে প্রাধান্য দিয়ে শিশুকে নানা আনন্দময় কাজের মাধ্যমে শিক্ষা দেওয়া হয়। অগণিত দরিদ্র পরিবার শিক্ষার আলো পেয়েছে ব্র্যাকের শিক্ষা কার্যক্রমের জন্যই।

স্যার ফজলে হাসান আবেদের শিক্ষা মডেল এদেশের অগণিত দরিদ্র পরিবারের শিশুদের শিক্ষালাভের সুযোগ দিয়ে তাদের পরবর্তী জীবনে কর্মসংস্থানের সুযোগ বাড়িয়েছে। আর এ শিক্ষা মডেলে কন্যাশিশুর শিক্ষাকে প্রাধান্য দেওয়ায় নারী-পুরুষে সমতার বিষয়টিও সহজাতভাবেই উৎসাহিত হয়েছে। কিশোর-কিশোরীদের জন্য ব্র্যাক-এর যে কর্মসূচি সেটিও কিন্তু গুণগত শিক্ষার মাধ্যমে সমাজ বদলে দেওয়ার মডেলেরই অংশ। যেসব শিশুর বিশেষ যত্ন প্রয়োজন, অর্থাৎ যারা শারীরিক বা মানসিক প্রতিবন্ধী, তাদেরও স্যার আবেদ নিয়ে এসেছেন ব্র্যাক-এর শিক্ষা মডেলে। শিক্ষা যে সবার জন্য, শিক্ষার সুযোগ যে সবার প্রাপ্য সে দর্শনই দিয়েছেন তিনি। তার এ মডেল আজ পৃথিবীর বিভিন্ন দেশে অনুসরণ করা হচ্ছে। বিষয়টি বাংলাদেশি হিসেবে আমাদেরও গর্বিত করেছে।

স্যার আবেদ চলে গেলেও তাঁর শিক্ষার মডেলের আরও বিস্তৃতি দরকার। এক্ষেত্রে কয়েকটি দিকে নজর দিতে হবে। প্রথমত, ব্র্যাক-এর আনন্দময় শিক্ষা মডেল দেশের বিভিন্ন অংশের শিশুশিক্ষা প্রতিষ্ঠানে ছড়িয়ে দিতে হবে, এমনকি

শহরাঞ্চলের শিক্ষাপ্রতিষ্ঠানেও। দ্বিতীয়ত, শিক্ষা সহায়ক কর্মসূচি বিশেষ করে কিশোর-কিশোরীদের জন্য নানা কার্যক্রম বিভিন্ন শিক্ষা পাঠক্রমে অন্তর্ভুক্ত করতে হবে। সর্বোপরি, শিক্ষাকে সবার জন্য এগিয়ে নিতে আমাদের জাতীয় পর্যায়ে কর্মসূচিগুলোর মান বাড়াতে হবে।

ব্র্যাকের শিক্ষা কার্যক্রমকে দরিদ্র মানুষের কাছে পৌঁছে দেওয়া সম্ভব হয়েছে এর মডেলে সমাজের নানা মানুষকে অন্তর্ভুক্ত করার ফলে। পিতা-মাতা, স্থানীয় ব্যক্তিদের শিক্ষক হিসেবে অংশগ্রহণ, শিক্ষা প্রশিক্ষণ, ব্যাপক মনিটরিংয়ের জন্য। একজন ফজলে হাসান আবেদ সবকিছু বদলে দেননি, তবে তার শিক্ষা মডেল, বিশেষ করে দরিদ্রবান্ধব, আকর্ষণীয়, টেকসই শিশুশিক্ষা মডেল জাতীয় উন্নয়নের ভিত্তিকে মজবুত করেছে, তাতে দ্বিমতের অবকাশ নেই।

স্যার ফজলে হাসান আবেদের দেখিয়ে যাওয়া পদ্ধতির আরও উন্নয়ন প্রসার ঘটুক; এমন আরও নতুন পদ্ধতি এ দেশের সাধারণ মানুষকে মূল উন্নয়নধারায় নিয়ে আসুক-সেটাই প্রত্যাশা করি।

---

লেখক : সিনিয়র রিসার্চ ফেলো-বিআইডিএস

“

BRAC has never been about me  
or any one person. Our strong  
foundation and reputation are built  
on the commitment, hard work and  
dedication of our staff.

”

*Sir Fazle Hasan Abed KCMG*

Founder, BRAC

# কর্মীদের কাছে লেখা আবেদন ভাইয়ের শেষ চিঠি

ব্র্যাক এবং ব্র্যাক ইন্টারন্যাশনালের চেয়ারপারসনের পদ থেকে অবসর নেওয়ার সময় আবেদন ভাই কর্মীদের উদ্দেশ্যে এই চিঠিটি লিখেছিলেন। ৭ই আগস্ট ২০১৯ তারিখে চিঠিটি তিনি ব্র্যাকের সকল কর্মীর কাছে পাঠান। এটিই ছিল কর্মীদের কাছে লেখা তাঁর শেষ চিঠি।

প্রিয় সহকর্মীবৃন্দ,

এই চিঠির মাধ্যমে আমার জীবনের একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত আমি তোমাদের জানাব। তার আগে তোমাদেরকে বলা প্রয়োজন কীভাবে ব্র্যাক আমার জীবনের অংশ হয়ে উঠল। তরুণ বয়সে এনজিও গড়ে তুলে বাংলাদেশের প্রত্যন্ত গ্রামে গিয়ে কাজ করব, এরকম কোনো ভাবনা আমার একেবারেই ছিল না। যথেষ্ট স্বচ্ছল পরিবেশে আমি বড় হয়েছি। একেবারেই ভিন্ন ধরনের বিলাসী জীবন ছিল আমার। ব্র্যাকের শুরুটা আমার জীবনের মোড় ঘুরে যাওয়ার গল্প।

আমার গল্প

১৮ বছর বয়সে ঢাকা কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পাস করে আমি লন্ডনে চলে যাই। সেটি ছিল ১৯৫৪ সাল। সেই থেকে ১৯৬৮ সাল পর্যন্ত টানা ১৪ বছর আমি লন্ডনেই ছিলাম। সেখানে প্রথমে আমি চার্টার্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্টেন্ট হিসেবে লেখাপড়া শেষ করলাম। তারপর বেশ কয়েকটি কোম্পানিতে অ্যাকাউন্টেন্ট হিসেবে চাকরি করলাম। এক সময় যোগ দিলাম শেল অয়েল কোম্পানির অ্যাকাউন্টেন্ট সেকশনে। এই সময়ে একটা সুযোগ এল। পাকিস্তান শেল অয়েল কোম্পানির জন্য চিফ অ্যাকাউন্টেন্ট খোঁজা হচ্ছিল। আমি সেই চাকরি পেয়ে লন্ডন থেকে পাকিস্তান শেল অয়েল কোম্পানির হেড কোয়ার্টার চট্টগ্রামে চলে এলাম। আমার নতুন পদবি হলো চিফ অ্যাকাউন্টেন্ট। এর এক বছর পরে কোম্পানির চিফ ফিন্যান্সিয়াল অফিসার বিদায় নিলে আমাকে পদোন্নতি দিয়ে সেই পদে বসানো হলো।

কীভাবে ব্র্যাক আমার জীবনের অংশ হয়ে গেল

হঠাৎই একদিন আমার জীবন বদলে গেল। সেটি ছিল ১৯৭০ সালের ১২ই নভেম্বর। বাংলাদেশের উপকূলীয় এলাকায় ভয়ঙ্কর সাইক্লোন হলো, যেটি 'ভোলা সাইক্লোন' নামে পরিচিত। সেই রাতে ৩ লক্ষ মানুষ জলোচ্ছ্বাসে ভেসে মারা গিয়েছিল। সাইক্লোনের পরদিনই আমরা ত্রাণ দেওয়ার কাজ শুরু করেছিলাম। আমার চট্টগ্রামের বাড়িটি সে সময় একটি ছোটখাটো ত্রাণের অফিসে পরিণত হয়েছিল। মনে আছে, ক্ষতিগ্রস্ত এলাকাগুলোতে পৌঁছনো এতটাই কঠিন ছিল যে, জার্মান সরকার জরুরি খাবার ও ত্রাণ পৌঁছে দেওয়ার জন্য কয়েকটি হেলিকপ্টার দিয়েছিল। এরকম একটি হেলিকপ্টারে করে আমি মনপুরা দ্বীপে গিয়েছিলাম। সেখানে দেখলাম, পানিতে শত শত মানুষের লাশ ভেসে আছে। নারী, শিশু সব বয়সী মানুষ। মানুষ আর গরু-ছাগলের মৃতদেহ একইসঙ্গে ভাসছে! এই দৃশ্য আমাকে ভীষণভাবে নাড়া দিয়েছিল। আমার মনে হয়েছিল, গরিব মানুষদেরই সবচাইতে বেশি জীবন দিতে হয়। যাদের ঘরে পাকা দেওয়াল ছিল, তারা পানিতে ভেসে এভাবে মারা যায় নি। দরিদ্র মানুষের জীবন এতটাই বিপন্ন যে, প্রাকৃতিক বিপর্যয় সহজেই তাদেরকে নিশ্চিহ্ন করে দিতে পারে। গরিব মানুষের জীবনের এই অনিশ্চয়তা আমার দৃষ্টিভঙ্গি বদলে দিল। মনে হলো, দরিদ্র মানুষের জীবন এবং জগৎ থেকে আমি সম্পূর্ণ বিচ্ছিন্ন। এই ভাবনা আমার সত্তায় এক বিরাট পরিবর্তন নিয়ে এল। এটি ছিল আমার বদলে যাওয়ার একটি দিক।

এর ঠিক পরপরই আমাদের মুক্তিযুদ্ধ শুরু হলো। এই যুদ্ধই আমাকে সম্পূর্ণভাবে বদলে দিল। ১৯৭১ সালের মে মাসে আমি লন্ডনে চলে গেলাম। আমার লক্ষ্য



ছিল মুক্তিযুদ্ধের জন্য তহবিল সংগ্রহ করা। সেইসঙ্গে ব্রিটিশ এবং ইউরোপের বিভিন্ন দেশের সরকারের কাছ থেকে বাংলাদেশের পক্ষে স্বীকৃতি এবং সমর্থন আদায়ের চেষ্টা করা। বাংলাদেশে যে ধরনের গণহত্যা চলছিল সে সম্পর্কে ইউরোপের মানুষ এবং সরকারকে সচেতন করে তোলা। আমরা কয়েকজন বন্ধু মিলে 'অ্যাকশন বাংলাদেশ' নামে একটি সংগঠন গড়ে তুলেছিলাম। আমরা তহবিল সংগ্রহ করে তা দিয়ে দেশের জন্য ত্রাণ সামগ্রী কিনে পাঠাতাম। সেইসঙ্গে বাংলাদেশের স্বীকৃতি আদায়ের জন্য সম্ভাব্য সব জায়গায় তদবির করতাম।

স্বাধীনতার পর ১৯৭২ সালে দেশে ফিরে এলাম। ফেব্রার আগে আমার লন্ডনের ফ্ল্যাটটি বিক্রি করে দিয়েছিলাম। সেখান থেকে ১৬ হাজার পাউন্ড পেয়েছিলাম। সেই টাকা এবং আমার কয়েকজন বন্ধুর দেওয়া টাকা দিয়ে আমি শাল্লার প্রত্যন্ত এলাকায় ত্রাণ ও পুনর্বাসনের কাজ শুরু করলাম। শাল্লা প্রকল্পের আওতায় ছিল দেশের উত্তর-পূর্ব এলাকার সুনামগঞ্জ এবং হবিগঞ্জ জেলার তিনটি ইউনিয়ন। এভাবেই ব্র্যাকের জন্ম হলো। কিছুদিনের মধ্যেই আমরা দাতাদের কাছ থেকে সহায়তা পাওয়া শুরু করলাম।

৩৬ বছর বয়সে আমি ব্র্যাক শুরু করেছিলাম। বিগত ৪৭ বছরে আমরা পৃথিবীর অন্যতম শ্রেষ্ঠ ও কার্যকর উন্নয়ন সংস্থা হিসেবে প্রতিষ্ঠিত হয়েছি। ২০০২ সালে আমরা আফগানিস্তানে প্রথমবারের মতো আন্তর্জাতিক কর্মসূচি শুরু করি। এরপর থেকে এশিয়া ও আফ্রিকার দশটি দেশে আমাদের কার্যক্রমের বিস্তার ঘটিয়েছি। ব্র্যাক এমন একটি অনন্য সামগ্রিক উন্নয়ন ব্যবস্থা গড়ে তুলেছে, যার আওতায় রয়েছে সোশ্যাল এন্টারপ্রাইজ, মাইক্রোফাইন্যান্স, উচ্চশিক্ষা, বিনিয়োগ এবং উন্নয়ন কর্মসূচি। এই সকল কিছু পরিচালিত হচ্ছে একটি অভিন্ন লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে। অবশ্য সবকিছু ব্র্যাক একা সম্পন্ন করে নি। আমরা সৌভাগ্যবান যে, এই যাত্রায় আমরা সঙ্গে পেয়েছি সরকার, সমমনা পৃষ্ঠপোষক, দাতা এবং সমধর্মী প্রতিষ্ঠানকে।

সবসময় আমি ভবিষ্যতের জন্য নেতৃত্ব সৃষ্টি করতে চেয়েছি

বিগত কয়েক বছরে আমি ব্র্যাকে আমার পরবর্তী নেতৃত্ব নিয়ে অনেক ভেবেছি এবং সেভাবেই প্রস্তুতি নিয়েছি। ব্র্যাকের জন্য এমন একটি ব্যবস্থা গড়ে তোলা

দরকার, যাতে আমার অবর্তমানেও ব্র্যাক তার শ্রেষ্ঠত্ব ধরে রাখতে পারে। আমি একটি পেশাদার এবং সুশৃঙ্খল পালাবদল নিশ্চিত করতে চাই।

২০০১ সালে যখন আমি ৬৫ বছর পূর্ণ করলাম, তখন ঠিক করলাম, ব্র্যাকের নেতৃত্ব অন্যদের কাছে হস্তান্তর করতে হবে। আমি নির্বাহী পরিচালকের পদ থেকে পদত্যাগ করলাম। ব্র্যাকের কাজ পরিচালনা করার জন্য তখন নতুন একজন নির্বাহী পরিচালক নিয়োগ দেওয়া হলো। আমি ব্র্যাকের বোর্ড সদস্য হলাম। সে সময় ব্র্যাকের চেয়ারম্যান ছিলেন সৈয়দ হুমায়ুন কবীর। তিনি প্রস্তাব করলেন, ব্র্যাকের প্রতিষ্ঠাতারই প্রতিষ্ঠানের চেয়ারপারসন হওয়া উচিত। তখন থেকেই আমি ব্র্যাকের চেয়ারপারসন হলাম। কিন্তু প্রতিষ্ঠাতা হিসেবে আমি আগের মতোই প্রতিদিন অফিস করতাম। ব্র্যাকের কাজকর্মে প্রয়োজনমতো সহায়তা দিতাম।

আমার বয়স এখন ৮৩ বছর। আমি মনে করি, চেয়ারপারসন হিসেবে ব্র্যাক এবং ব্র্যাক ইন্টারন্যাশনালের বোর্ড-এর সক্রিয় ভূমিকা থেকে সরে দাঁড়াবার এটিই সঠিক সময়। তাই আমি ব্র্যাক বাংলাদেশের পরিচালনা পর্ষদ এবং ব্র্যাক ইন্টারন্যাশনাল সুপারভাইজরি বোর্ডের চেয়ারপারসন পদ থেকে অবসর নিচ্ছি। ব্র্যাকের পরিচালনা পর্ষদ আমাকে ব্র্যাকের চেয়ার এমেরিটাস নির্বাচিত করেছেন। আমি এখনও নিয়মিত অফিসে আসব। তবে আগামী কয়েক মাস আমি ব্র্যাকের ভবিষ্যৎ কর্মকৌশল এবং পরিচালনা কাঠামো নির্ধারণের বিষয়ে মনোযোগ দেব।

এই পদ দুটিতে দায়িত্ব পালনের জন্য অত্যন্ত যোগ্য দুজন ব্যক্তিত্বকে আমি নির্বাচন করেছি। ড. হোসেন জিল্লুর রহমান ও আমিরা হক যথাক্রমে ব্র্যাক এবং ব্র্যাক ইন্টারন্যাশনালের চেয়ারপারসন হিসেবে দায়িত্ব পালন করবেন। তাঁদের দায়িত্ব হবে আমার দায়িত্ব থেকে কিছুটা ভিন্ন। ব্র্যাকের প্রতিষ্ঠাতা ও চেয়ারপারসন হিসেবে আমি সার্বিকভাবে প্রতিষ্ঠানের সঙ্গে জড়িত ছিলাম। এখন ব্র্যাক ও ব্র্যাক ইন্টারন্যাশনাল-এর নির্বাহী পরিচালকেরা সার্বিক ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবেন। নতুন চেয়ারপারসন ও বোর্ড তাঁদেরকে পরামর্শ ও স্বচ্ছভাবে পরিচালনার দিকনির্দেশনা প্রদান করবেন। আমার বিশ্বাস, ব্র্যাক তাঁদের বিশাল অভিজ্ঞতার পূর্ণ সদ্ব্যবহার করতে পারবে।



ব্র্যাককে সামনে এগিয়ে নেওয়ার কাজে যথাযোগ্য নেতৃত্ব নির্বাচনের বিষয়টি ছিল আমার সিদ্ধান্তের গুরুত্বপূর্ণ অংশ। গর্ব এবং আত্মবিশ্বাসের সঙ্গে আমি এই সিদ্ধান্ত গ্রহণ করেছি। তোমরা জানো যে, গত মে মাসে ডা. মুহাম্মাদ মুসা ব্র্যাক ইন্টারন্যাশনালের নির্বাহী পরিচালকের দায়িত্ব গ্রহণ করেছেন। আসিফ সালেহ্ ব্র্যাক বাংলাদেশের নতুন নির্বাহী পরিচালক হিসেবে দায়িত্ব পেয়েছেন। ডা. মুহাম্মাদ মুসা ও আসিফ সালেহ্-র সক্ষমতা ও বিচক্ষণতার ওপর আমার পূর্ণ আস্থা রয়েছে। ব্র্যাকের এই নতুন নেতৃত্বকে নিয়ে আমি ভীষণ আশাবাদী।

### আগামী দিনের ব্র্যাক

ব্র্যাক তার যাত্রা শুরু করেছিল 'বাংলাদেশ রুরাল অ্যাডভান্সমেন্ট কমিটি' এই নাম নিয়ে। এখন কেউ আমাকে যখন জিজ্ঞাসা করেন ব্র্যাক মানে কি, আমি তাঁদেরকে বলি, ব্র্যাক শুধু একটি প্রতিষ্ঠানের নাম নয়, ব্র্যাক একটি স্বপ্ন, একটি প্রচেষ্টা। এটি এমন একটি পৃথিবীর প্রচেষ্টা, যেখানে সকল মানুষ তার সম্ভাবনা বিকাশের সমান সুযোগ লাভ করবে।

ব্র্যাক সবসময় বিশ্বাস করে, ধনী-দরিদ্র, ক্ষমতাবান আর ক্ষমতাহীন শ্রেণির বিভেদ তৈরি করে যে বৈষম্য, তা মানুষেরই সৃষ্টি। তাই সহানুভূতি, সাহস আর অঙ্গীকারের মতো মানবিক গুণাবলী দিয়েই পৃথিবীতে পরিবর্তন আনা সম্ভব। মানুষের মধ্যে আশার সঞ্চার করা, তাদের আত্মবিশ্বাস বাড়িয়ে তোলা এবং তাদের নিজেদের সামর্থ্য সম্পর্কে সজাগ করার মন্ত্রগুলোই ব্র্যাকের সকল কাজের মধ্যে সমানভাবে বিদ্যমান। আমার জীবনে আমি বহুবার দেখেছি, যখন মানুষ নিজের ওপর বিশ্বাস ফিরে পায়, তখনই হতাশা কাটিয়ে সে বিজয়ী হয়। আমি চাই, তোমরা প্রতিনিয়ত মানুষের মাঝে এই আত্মবিশ্বাস জাগিয়ে তোলার জন্য কাজ করে যাবে।

আগামী দশ বছরে আমরা আমাদের কাজের প্রভাব পৃথিবীর আরও বেশি মানুষের মধ্যে ছড়িয়ে দিতে চাই। ২০৩০ সালের মধ্যে বিশ্বের ২৫০ মিলিয়ন মানুষের কাছে ব্র্যাক যেন পৌঁছে যায়, সেটিই আমার প্রত্যাশা। আমি স্বপ্ন দেখি, ব্র্যাক আগামীতে আরও বড় হবে, নতুন উদ্ভাবন চালিয়ে যাবে এবং নতুন দিনের প্রয়োজনে নতুন সমাধান নিয়ে এগিয়ে আসবে।

### তুমিই ব্র্যাক!

আরেকটি কথা আমি তোমাদের বলতে চাই। যদিও আমি ব্র্যাক প্রতিষ্ঠা করেছি, কিন্তু ব্র্যাককে আজকের অবস্থানে নিয়ে আসার পেছনে সব পরিশ্রম করেছে তোমরা অর্থাৎ ব্র্যাকের কর্মীরা। আমি সবসময় অনুভব করি তোমরা ছাড়া এই জায়গায় এসে পৌঁছানো আমার একার পক্ষে কখনই সম্ভব হত না। জীবনভর যে আস্থা, বন্ধুত্ব, সহযোগিতা, সমর্থন এবং অঙ্গীকার তোমাদের কাছ থেকে আমি পেয়েছি, তার জন্য শুধু ধন্যবাদ দিয়ে তোমাদের প্রতি আমার কৃতজ্ঞতা আমি বোঝাতে পারব না। তোমরা তোমাদের সীমাহীন সাহস দিয়ে সবসময় আমার স্বপ্নগুলোকে বাস্তবে রূপ দিতে এগিয়ে এসেছ।

আনুষ্ঠানিকভাবে ব্র্যাক বোর্ড-এর চেয়ারপারসন পদ থেকে অবসর নিলেও, আমি তোমাদের পাশেই আছি। আগামী দিনগুলোতে আমি ব্র্যাকের ভবিষ্যৎ পরিকল্পনা ও বিশ্বব্যাপী আমাদের অবস্থান কীভাবে আরও শক্তিশালী করা যায়, তা নিয়ে কাজ করে যেতে চাই। আশা করি, আসিফ সালেহ্ ও ডা. মুহাম্মাদ মুসার নেতৃত্বে ব্র্যাক ও ব্র্যাক ইন্টারন্যাশনাল শোষণমুক্ত পৃথিবী গড়ার পথে আরও এগিয়ে যাবে। তোমাদের প্রতি আমার আন্তরিক শুভকামনা। মনে রেখ, ব্র্যাক আমি বা কোনো ব্যক্তিকেন্দ্রিক নয়। আমার চোখে, তোমরা সবাই ব্র্যাক।

হুমায়ূন কবীর



# Sir Fazle's final letter to BRAC family

*Abed Bhai wrote this letter after he retired from the position of chairperson of BRAC and BRAC International. He sent the letter to all staff members on 7 August 2019.*

## **My dear colleagues,**

I am writing to share with you an important life decision. However, before that, let me take the opportunity to tell you how BRAC became my story.

I started BRAC when I was 36. Growing up, starting an NGO and working in the remote villages of Bangladesh were never in my plans. With my privileged upbringing, 14 years in London, first as a student, then as a Chartered Management Accountant, having a comfortable lifestyle as a multinational company's executive – my life was on an entirely different trajectory.

Then things changed.

The devastating Bhola cyclone of 1970 was a turning point in my life. More than 300,000 people lost their lives. Seeing the death and destruction with my own eyes made me realise how disconnected I was. My house became the headquarter of a small relief operation. Experiencing the fragility of human life, especially the vulnerability of the people living in poverty, shook me to the depth of my being. I decided to try to change this.

The War of Liberation of Bangladesh, which began soon thereafter, completely transformed me. In May of 1971, I moved to London to mobilise resources and support from the European and UK governments to get Bangladesh recognised and to denounce the genocide. Along with a few friends, I set up Action Bangladesh. We collected funds and sent relief materials home and vigorously lobbied to get Bangladesh recognised.

I sold my flat in London for 16,000 pounds and returned home in January 1972. With that money and some funds from a few close friends, I set up a relief and rehabilitation project in the remote area of Sulla. The Sulla project covered three unions in the Sunamganj and Habiganj districts in northeastern Bangladesh. That is how BRAC was born.

There was no turning back from that point. Over the next 47 years, we have grown to be one of the most effective development organisations in the world. In 2002, BRAC started its first international operation by venturing into Afghanistan. Since then, we have expanded our international operations into 10 countries in Asia and Africa. BRAC is a unique, holistic development ecosystem comprising social enterprises, microfinance, tertiary education, investments and development programmes, all driven by the same mission.

Of course, none of these were done alone by BRAC. We are fortunate to partner with Governments, mission-aligned donors, partners and peer organisations along the way.

For the past few years, I have put a lot of thought and preparation into planning my succession at BRAC. As you know, I handed over my management responsibilities as the Executive Director of BRAC at the age of 65 in 2001 and remained on the Board as Founder and Chairperson. Transitioning from the governance role of BRAC and BRAC International Boards has also been on my mind for quite some time. Now, at the age of 83, I feel it is the right time for me to step down from my role as Chairperson and focus my time on guiding the future strategy of BRAC.



Hence, I am retiring from my role as the Chairperson of BRAC Bangladesh and Stichting BRAC International Governing Bodies. I am honoured that the Governing Body of BRAC has elected me as Chair Emeritus of BRAC. I will continue to come to office. However, in the coming months, I will focus my time on shaping the global strategy and governance structure of BRAC.

Over the past year, a process has been underway to develop BRAC's global strategy. I would like to invest time in ensuring that the leadership succession and governance structures are in place to strengthen our ability to progress as a unified, 'One BRAC' team globally. A sustainable and cohesive global operating structure is much needed as we aim to expand our impact to millions of more people worldwide in the next 10 years. While remaining as Chair Emeritus of BRAC, I will also work closely with respective leadership teams to ensure a smooth and successful transition.

I am taking this decision with immense pride and confidence. Pride because of what we have been able to accomplish together for the past 47 years. Confidence because of the strength of the team who will take my legacy ahead. This transition demonstrates the strength of BRAC that we are able to implement the succession plan in an orderly and professional manner. At the same time, I feel blessed to have this opportunity to retire and focus on BRAC's future.

Having the right people to carry forward my vision was an essential part of my decision. Dr Muhammad Musa joined as

the Executive Director of BRAC International in May 2019 and Asif Saleh has been appointed as the Executive Director of BRAC Bangladesh in August 2019. I am confident in their ability to lead BRAC. Together, they will ensure that we continue to build an equal world.

BRAC has always been privileged to attract eminent personalities to its Boards over the years. I am very pleased to share that Dr Hossain Zillur Rahman is joining the Governing Body of BRAC Bangladesh and Ms Ameerah Haq is joining Stichting BRAC International Supervisory Board as Chairpersons respectively. I believe BRAC will benefit immensely from their depth of experience.

BRAC began its journey as the 'Bangladesh Rural Advancement Committee'. Since then, we have grown beyond being an acronym. When people ask me now what BRAC stands for, I like to say that we stand for an idea – an idea of a world where everyone has an equal opportunity to realise their potential. The passion of my lifetime has been to work with people living in poverty and to see them, with the right resources and opportunities, transform into agents of change in their own lives, families and communities.

BRAC has always believed that change is human-made. At the heart of everything we do is the conviction that everyone can be actors in history, and that no one should ever be a passive recipient of charity.


The inequalities that create divisions among rich and poor,



powerful and powerless, are made by humans. So change is also possible through human acts of compassion, courage and conviction. Giving people hope, investing in confidence and reminding them of their own self-worth have been a consistent ethos across all of BRAC's work. I have spent my life watching optimism triumph over despair when the light of self-belief is sparked in people. As a team, I want us to keep lighting these sparks. Our work should always reflect our faith in human spirit and our respect for their inherent power.

Thank you cannot capture my gratitude for the lifetime of trust, friendship, partnership, support and commitment that you have given me. I am sure you will show the same respect and commitment to our new leadership. I have complete confidence in our next generation of leaders.

BRAC has never been about me or any one person. I may have been the founder, however, our strong foundation and reputation are built on your commitment, hard work and sacrifice. It may have been my vision, but vision is nothing without the perseverance to make it real. You have always stepped up to bring my vision to life with boundless courage. You have made BRAC a global leader in every sense, in every sector we have branched into. In my eyes, YOU ARE BRAC!





ক ও  
গণ করছি

বদ কেসিএমজি  
ক

বিদায়, আবেদ ভাই

**ADIEU, SIR FAZLE**



 brac


গভীর শোক ও  
শ্রদ্ধার সাথে স্মরণ করছি  
আমাদের প্রিয় আবেদ ভাইকে



বেসিগমি

































Afghanistan



Myanmar



Liberia



Nepal



Rwanda



Tanzania



Sierra Leone



Uganda














**We will not say 'rest' in peace.**

**Thank you, Abed bhai.**

Thank you for showing us how meaningful one's life can be.

Thank you for instilling the courage in us to take on the impossible.

Thank you for showing us how to listen and learn, to fail and to get up again in the service of others.

Thank you for making us see that no one is ordinary and to seek potential in everyone.

**We will not say 'rest' in peace.**

The Abed bhai we know would not rest until we build an equal world.

We know you would not want us to lament your loss for long.

You would want us to tirelessly fight poverty and inequality, like you did the last 47 years.

We promise to rise to that responsibility.

**We promise to be worthy of your legacy.**

*A message from the BRAC Family*

**Sir Fazle Hasan Abed KCMG**

1936 - 2019





